চন্দ্রশেখরমাহাত্ম্য।

গয়ামাহাত্ম্য সহ

" বিশেষতঃ কলিযুগে বসামি চন্দ্রশেখরে।

ইত্যাগমে শিববাক্যম্

পুরাণ, তন্ত্র, স্মৃতি শাস্ত্র হইতে সার সংগ্রহ

পূর্ব্বক মূল বঙ্গানুবাদ সহ

শ্রীউমাচরণ মুখোপাধ্যায় কর্ত্তৃক

সংগৃহীত ও প্রকাশিত।

মুক্তাগাছা নিবাসিনী শ্রীশ্রীযুক্তা মহারাজ্ঞী

৺বিদ্যাময়ী দেবী মহোদয়ার সম্পূর্ণ সাহায্যে

দ্বিতীয় বার মুদ্রিত।

প্রধান ধর্ম্ম গ্রন্থ।

চট্টগ্রাম।

চন্দ্রশেখর যন্ত্র।

Printed by G. C. Kar Chowdhury.

১৯২৪

উৎসর্গ পত্র।

মুক্তাগাছানিবাসিনী পরহিতপরায়ণা ধার্ম্মিক-পালিকা
শ্রীলশ্রীযুক্তা মহারাজ্ঞী বিদ্যাময়ী দেবী মহোদয়া
সর্ব্বক্ষমালয়াসু—

অসংখ্যশুভাশীর্ব্বাদপূর্ব্বকং নিবেদনমেতৎ

মহারাজ্ঞি। আপনি চন্দ্রশেখর ধামে শুভাগমন কালীন বিলুপ্তপ্রায় সনাতন হিন্দু ধর্ম্মের প্রচার জন্য আপনার আন্তরিক ইচ্ছার উচ্ছ্বাস স্বরূপ চন্দ্রশেখর মাহাত্ম্যের দ্বিতীয় সংস্করণ মুদ্রাঙ্কনের সম্পূর্ণ ব্যয় ১০০০৲ সহস্র মুদ্রা প্রদান করিয়া গিয়াছেন। সেই সাহায্যেই চন্দ্রশেখর মাহাত্ম্য দ্বিতীয় বার মুদ্রিত ও প্রচারিত হইল, এবং আমিও আপনার নিকট যাবজ্জীবন কৃতজ্ঞতাপাশে আবদ্ধ রহিলাম। কৃতজ্ঞতার চিহ্ন স্বরূপ আমি দরিদ্র ব্রাহ্মণ—কোথায় কি পাইব? মহাতীর্থ সমূহের মাহাত্ম্য ও পদ্ধতি সহ এই প্রধান ধর্ম্ম গ্রন্থ খানিই আপনার পবিত্র নামে উৎসর্গ করিয়া ভারতে প্রচার করিলাম। পরন্তু যদ্যপি আমার বিদ্যা বুদ্ধি বা জ্ঞানের অভাব জন্য এই দুরূহ গ্রন্থ সঙ্কলনে কোনও অংশে ত্রুটী ঘটিয়া থাকে, ভরসা করি মহারাজ্ঞীর স্বীয় ঔদার্য্যগুণে ইহাতে বিরক্তি প্রকাশ করিবেন না। ইতি

ভূমিকা ও সূচনা।

আমি বহুদিবসাবধি রক্তামাশায় রোগে আক্রান্ত হই, বলিতে কি, প্রায় দুই বৎসর পর্য্যন্ত উক্ত ব্যাধিতে নানা প্রকার উপসর্গে প্রপীড়িত হইয়া মৃত্যুশয্যায় শায়িতপ্রায় হইয়াছিলাম। আমার বড়ই অল্প নিদ্রা হইত, যে সময় একটুক নিদ্রা যাইতাম, সেই সময়ে নানাপ্রকার স্বপ্ন দর্শন করিতাম।

এক দিবস আমার নিদ্রিতাবস্থায় এক অপূর্ব্ব দৃশ্য লক্ষিত হইল—দেখিলাম সম্মুখে ভস্মাবৃত জটাধারী এক সুদীর্ঘ পুরুষ, স্থূলকলেবর বিশাল নেত্র, দেখিতে ভয়ঙ্কর, ত্রিশূল হস্তে করতঃ গম্ভীর স্বরে শিবনাম গান করিতেছেন। সহসা তদীয় দেবতুল্য অপূর্ব্ব নির্ম্মলমূর্ত্তি দর্শনে বিমোহিত হইয়া যথোচিত ভক্তি সহকারে প্রণতি পূর্ব্বক কৃতাঞ্জলিপুটে সম্মুখে দণ্ডায়মান রহিলাম। তখন তিনি গদ গদ বচনে ধীরে ধীরে বলিতে লাগিলেন, " তোমার মৃত্যু নিকটে। "আমি কুণ্ঠিত হৃদয়ে জিজ্ঞাসা করিলাম ; " কেন প্রভো ? আমি কি অপরাধ করিয়াছি যে, আমার মৃত্যু নিকটবর্ত্তী হইয়াছে ? তিনি বলিলেন "তোমার অনেক দিবসাবধি চন্দ্রশেখরের প্রতি অচলা ভক্তি আছে, প্রসিদ্ধ চট্টলবাসী চন্দ্রশেখরের (যাঁহারা মাহাত্ম্য কেহ কখন প্রকাশ করেন নাই) মূল, ধর্ম্মশাস্ত্র হইতে সংগ্রহ করণান্তর হিন্দুসমাজে পরিগৃহীত ও প্রকাশিত করিবার বাসনা ছিল, কিন্তু তদ্বিষয়ে তাচ্ছল্য করায় এই রোগের উৎপত্তি হইয়াছে। অতএব যদি তুমি নানাপ্রকার পুরাণ, তন্ত্র ও আদিগ্রন্থাদি হইতে 'চন্দ্রশেখর মাহাত্ম্য' পুবাবৃত্ত উদ্ধৃত করতঃ প্রকাশ কর, তাহা হইলে তুমি বিষম পীড়া হইতে আরোগ্য লাভ করিবে"। এইরূপ উপদেশ প্রদান করিয়া মহাত্মা অন্তর্হিত হইলেন। যদিচ আমি প্রকৃত বিদ্যা বুদ্ধি ও জ্ঞানের অভাব জন্য এই দুরূহ কার্য্য সম্পাদনে কোন অংশেই সক্ষম নহি তথাচ পরম পিতার আজ্ঞায় উৎসাহিত হইয়া আমি " চন্দ্রশেখর মাহাত্ম্য,, সঙ্কলনে প্রবৃত্ত হইয়াছি।

গ্রন্থ সংগ্রহ সময় আমি নানাদেশ ভ্রমণ অর্থাৎ অনেকানেক পর্ব্বত প্রদেশীয় যোগী ঋষি ও পণ্ডিত সম্প্রদায়ের নিকট উপদেশ গ্রহণ করি এবং পুরাণ, তন্ত্র, স্মৃতি ও হিন্দুশাস্ত্রাদি হইতে এই পুস্তকের অধিকাংশ উদ্ধৃত করিয়াছি উক্ত যোগী ঋষিদিগের উপদেশ, ধর্ম্মনীতি আচার ব্যবহার ও যোগ সকল মহানুভব ব্যক্তিগণের বিশেষ সাহায্যা-, ভাবে মুদ্রাঙ্কনে ক্ষান্ত রহিলাম। যদি এই গ্রন্থ সাধারণের আদরণীয় হয় তাহা হইলে পুনঃ মুদ্রাঙ্কনের সময় সেই সমস্ত বিধান স্বতন্ত্র খণ্ডে সন্নিবেশিত করিব। যাহাতে এতদ্দেশীয় বিদ্যোৎসাহী সহৃদয় ব্যক্তিগণ অতীব আদরণীয় মদ্দেশ গৌরবস্বরূপ চন্দ্রশেখরের প্রকৃত মর্ম্ম সমস্ত অবগত হইয়া সুখী হইতে পারেন এবং যাহাতে চন্দ্রশেখরের মর্য্যাদা চিরদিন বর্ত্তমান থাকে, তাহার উপযুক্ত উপায় নির্দ্ধারণ করিবার উদ্দেশে আমি এই দুঃসাধ্য ও চির সঙ্কল্পিত ব্রতে ব্রতী হইয়াছি, কতদূর কৃতকার্য্য হইতে পারি এবং গ্রন্থখানি বহুল জনসমাজে কতদূর পরিগৃহীত হইতে পারে বলিতে পারিনা, কারণ উক্তমাহাত্ম্যের তত্ত্ব সকল যে সমস্ত সংস্কৃত মূল গ্রন্থ হইতে উদ্ধৃত করিয়াছি, তাহার প্রায় অধিকাংশই পাণ্ডুলিপি দ্বারায় অস্পষ্ট এবং অশুদ্ধ প্রতীয়মান হইতেছে: এমন কি পণ্ডিতবর ৺ভৈরবচন্দ্র ন্যায় ভূষণ ৺ উমাচরণ রায় ও বাবু তারকচন্দ্র দাস মহোদয়গণ কর্ত্তৃক অনুবাদিত দেবীপুরাণান্তর্গত চৈত্রমাহাত্ম্যের শ্লোক সমুদায়ের মধ্যে কতিপয় শ্লোক যদিচ আমি সংগ্রহ করিয়াছি তথাপি সংস্কৃত পদাবলীর বিশৃঙ্খলা বশতঃ কয়েকটী শ্লোকের অনুবাদ বাকি রহিল, অপর ৺ বৃন্দাবন সেন কর্ত্তৃক অনুবাদিত বারাহীতন্ত্রের শ্লোক সমূহের মধ্যে ষষ্ঠ সপ্তম পটলের শ্লোক অনুবাদ সহ আমাকে মহন্ত ভৈরবচন্দ্র ভারতী অর্পণ করায় আমি সন্নিবেশিত করিলাম। উল্লিখিত মহোদয়গণের নিকট আমি চিরকৃতজ্ঞতাপাশে আবদ্ধ রহিলাম।

শ্রীউমাচরণ শর্ম্মা।

দ্বিতীয় বারের বিজ্ঞাপন।

চন্দ্রশেখর মাহাত্ম্য দ্বিতীয় বার মুদ্রাঙ্কিত হইবে আমি এরূপ আশা করিয়াছিলামনা। অত্রস্থ পুলিস ইনস্পেক্টর শ্রীযুক্ত বাবু মধুসূদন লাহীড়ী চৌধুরী মহোদয়ের আনুকুল্যে শ্রীযুক্তা মহারাজ্ঞী বিদ্যাময়ী দেবী মহোদয়ার সম্পূর্ণ সাহায্যে এবার চন্দ্রশেখরমাহাত্ম্য জনসমাজে প্রকাশিত হইল। প্রথম সংস্করণে যাহা সন্নিবেশিত হয় নাই, এবার তাহা সন্নিবেশিত হইয়াছে। ইহাতে শ্রীযুক্ত নিত্যানন্দ ভট্টাচার্য্যের তীর্থতরঙ্গিণী হইতে চন্দ্রশেখর পদ্ধতি ও গয়াপদ্ধতির মন্ত্রগুলি গচ্ছিত করা হইয়াছে। যাত্রীদিগের সুবিধার নিমিত্ত সীতাকুণ্ডতীর্থে যে স্থানে যাহা করিতে হইবে, তাহা যথা স্থানে যোজনা করা হইয়াছে, পূর্ব্বের রূপকাংশ একিবারে পরিত্যাগ করা গিয়াছে। এই সংস্করণে মূল্য সহজ করিয়া দেওয়া হইয়াছে, সকলে এক এক খণ্ড পুস্তক সাদরে গ্রহণ করিলে শ্রম সফল মনে করিব।

শ্রীউমাচরণ শর্ম্মা।

চন্দ্রশেখরমাহাত্ম্যের সূচিকা।

চন্দ্রশেখর মাহাত্ম্য

গ্রন্থারম্ভঃ।

চণ্ডিকাখণ্ডঃ।

ঋষয় উচুঃ।

কলৌ কুত্র চ বিপ্রেন্দ্র! ভগবান্ বৃষবাহনঃ।
কস্যাংদিশি নি বসতি তদ্বদ জ্ঞানভাস্কর॥ ১॥
অধর্ম্মেনাবৃতং সর্ব্বং কলৌ কলিকলাযুতং।
অতঃ পৃচ্ছামহে তুভ্যং তত্র গচ্ছামহে দ্বিজাঃ॥ ২॥

অস্যার্থঃ।

ঋষিগণ, সূতমুনিকে সম্বোধন পূর্ব্বক জিজ্ঞাসা করিলেন হে জ্ঞানপ্রকাশ! কাশী প্রভৃতি নানা তীর্থ সত্ত্বে ও ভগবান বৃষবাহনশিব কলিকালে কোন, তীর্থে বাস রিবেন তাহা আমাদিগকে বলুন্। যে হেতুক কলিকালে সকল স্থানেই পাপ বিচরণ করিবে? সে জন্য আমরা অন্যান্য স্থান্ পরিত্যাগ পূর্ব্বক্ সেই পূণ্যতীর্থে গিয়া বাস করিতে ইচ্ছা করি, এই কারণে জিজ্ঞাসা করিতেছি॥ ১॥ ২॥

সূতউবাচ।

শৃণুধ্বং পরমং বাক্যং বিস্মৃতং গুরুভাষিতং।
অধুনা মাং পৃণীধ্বং বৈ যূয়ঞ্চাজ্ঞাননাশকাঃ॥ ৩॥

অস্যার্থঃ।

সূতমুান বলিলেন, হে অজ্ঞান নাশক্ সাধুগণ! আমার বাক্য শ্রবণ করুন,

আমি গুরূপদিষ্ট সেইপরম বাক্য বিস্মৃত হইয়াছি, অদ্য আপনারা আমাকে তাহা স্মরণ করাইয়া দিয়া পবিত্র করিলেন ॥ ৩

বদামি তস্য মাহাত্ম্যমাদৌ সাধুবরাঃ শুভং।
যুষ্মাভিঃ সহ গচ্ছামি যদ্বনে শ্রীগুরুর্ম্মম ॥ ৪।

অস্যার্থঃ।

হে সাধুগণ! আমি আদৌ তাঁহার মঙ্গলময় মাহাত্ম্য বর্ণনা কীর্ত্তন করিতেছি। যে বনে গুরুদেব বাস করিতেছেন আমি তোমাদিগের সহিত সে বনে প্রস্থান্ করিব ॥ ৪ ॥

দেশপ্রাক্ দক্ষিণেপ্রাস্তি স্বয়ম্ভূ লিঙ্গমদ্ভুতং।
পাষাণত্বং স্বয়ং ভূত্বা চন্দ্রশেখরমূর্দ্ধনি ॥ ৫ ॥
বিরূপাক্ষাগ্নিকোণে চ বারুণে বিল্বকোটরে।
সমুদ্রস্যোত্তরে তীরে বসন্তি পার্ব্বতীপতিম্ ॥ ৬ ॥

অস্যার্থঃ।

দেশের পূর্ব্ব দক্ষিণে লবণাম্বু সমুদ্রের উত্তর তীরে বিরূপাক্ষের অগ্নিকোণে চন্দ্রশেখরের শিখরদেশে বারুণ বিল্বকোটরে পাষাণরূপী হইয়া স্বয়ম্ভূ লিঙ্গ বর্ত্তমান আছেন ॥ ৫ ॥ ৬ ॥

তস্য দক্ষিণতশ্চাস্তি বাড়বাগ্নি র্মনোহরঃ।
উত্তরে লবণাক্ষঞ্চ পশ্চিমে ব্যাসকুণ্ডকং ॥ ৭ ॥
পূর্ব্বে মন্দাকিনীচাস্তি বেষ্টিতা মধুরাম্বুনা।
তস্য মধ্যে নীলকণ্ঠো বৃষারূঢ়স্তু চিন্ময়ম্ ॥ ৮ ॥

অস্যার্থঃ।

তাহার দক্ষিণে মনোহর বাড়বানল, উত্তরে লবণাক্ষ, পশ্চিমে ব্যাসকুণ্ড, পূর্ব্বে

মধুববার্বি মন্দাকিনী, এই সীমার মধ্যে বৃষভারূঢ় শিবঅধিষ্ঠিতরহিয়াছেন ॥ ৭ ॥ ৮ ॥

শরচ্চন্দ্রাংশুজালেনপ্রাবৃতং ক্ষেত্রপুণ্যদম্ ।
যস্যার্দ্ধচন্দ্রাকারেণ বেষ্টিতং লবণাম্বুনা ॥ ৯ ॥

অস্যার্থঃ ।

শরৎকালীয় চন্দ্রাংশুজালাচ্ছন্ন সে পুণ্যক্ষেত্রকে লবণাম্বু সমুদ্র অর্দ্ধ-চন্দ্রাকারে পরিবেষ্টন করিয়া প্রবাহিত হইতেছে ॥ ৯ ॥

প্রায়োমৃগগণাঃ সর্ব্বে ভাষন্তেজ্ঞানিবৎপরং ।
তত্রৈব পক্ষিণঃ সর্ব্বে জ্ঞানিনশ্চোপদেশকাঃ ॥ ১০ ॥

অস্যার্থঃ ।

সেই ক্ষেত্রে, মৃগগণ জ্ঞানির ন্যায় এবং পক্ষিগণ উপদেষ্টার ন্যায় জ্ঞানিবৎ বিচরণ করিতেছে ॥ ১০ ॥

তস্য ক্ষেত্রস্য মাহাত্ম্যং ন ময়া গদিতুং ক্ষম ।
এবং সর্ব্বর্ত্তুষু তত্র সমভাবে র্ব্বিরাজতে ॥ ১১ ॥

অস্যার্থঃ ।

সেই স্থানে সকলঋতুই সমভাব ধারণ করে, ঐ পবিত্র স্থান আমার বর্ণনা-তীত ॥ ১১ ॥

নগমধ্যে নগশ্রেষ্ঠশ্চাহিত্যেনসহ দ্বিজা ।
তন্মধ্যে চম্পকারণ্যং কোকিলাদিনিনাদিতম্ ॥ ১২ ॥
যত্র চানিলসঞ্চৈস্তরাঙ্কিতং মুখরোদিতং ।
নানামৃগাদিসংকীর্ণং জ্ঞানিভিস্তৎ বিরাজিতং ॥ ১৩ ॥

অস্যার্থঃ ।

পর্ব্বত মধ্যেতে সেই পর্ব্বতই সর্ব্বশ্রেষ্ঠ, তন্মধ্যে কোকিল শব্দায়মান সুবায় সেবিত মৃগাদি সংকীর্ণ চম্পকারণ্য ॥ ১২ ॥ ১৩ ॥

আত্যন্তিকং সুদুর্দ্ধর্ষং বাড়বাগ্নিপ্রকাশিতং।
হুতাশনস্বরূপেন ভর্গচক্ষুঃ প্রমোচিনা।
ব্যাপ্তমভ্যন্তরং যত্র বাহ্যঞ্চৈব চ জিজ্বিতং।
ব্যাপ্ত্বাস্তে নীলকণ্ঠঞ্চ পরিবারগণার্চ্চিষা ॥ ১৫ ॥
জ্যোতির্ম্ময়স্বরূপেণ জজ্বালাহর্নিশং স চ।
বালসূর্য্যপ্রতীকাশং সপ্তজিহ্বাং পীনাঙ্গকম্ ॥ ১৬ ॥
ভিন্না পাষাণতস্তেন উত্থিতং তস্যমধ্যতঃ।
যত্র চাপ্লাবিতং তোয়ৈঃ শীতশীকরবারিণা ॥ ১৭ ॥

অস্যার্থঃ।

তাহার দক্ষিণাংশ হইতে প্রস্তর ভেদ করিয়া সমুত্থিত শিবনেত্রসম্ভূত সূর্য্য-সদৃশ সাপ্তজিহ্বাবিশিষ্ট তুঙ্গতম দুর্দ্ধর্ষ বাড়বানল জ্যোতির্ম্ময়স্বরূপে সপরিবার-নীল কণ্ঠকে পরিতোষ করনান্তর ইতঃস্তত দশদণ্ড পর্য্যন্ত ব্যাপ্ত হইয়া দিবা নিশি প্রজ্জ্বলিত হইতেছে। সে স্থানে শীতল জলকণাভিষিক্ত হইয়া সর্ব্বদা আপ্লুত থাকে ॥ ১৪ ॥ ১৫ ॥ ১৭ ॥

তস্যাধোদৃশ্যতে গঙ্গা সা চ পাতালবাসিনী।
নাভিগঙ্গাস্তি তত্রৈব কুণ্ডরূপেণতো দ্বিজাঃ ॥ ১৮ ॥

অস্যার্থঃ।

তাহার অধোদেশে পাতাল গঙ্গা, এবং সে স্থানেই কুণ্ডরূপিণী নাভিগঙ্গা বিরাজমান আছেন ॥ :৮ ॥

অশোকচম্পকবকৈঃ ঝিণ্টি কাঞ্চনমল্লিকৈঃ।
জাতিযূথিলবঙ্গৈশ্চ মালূরৈশ্চ বিরাজিতৈঃ ॥ ১৯ ॥
রসালতালহিন্তালৈর্ব্বেষ্টিতং দশদণ্ডকং।

কণ্টকাদিপাদপৈশ্চ রঞ্জকাদিসুপুষ্পিতৈঃ ॥ ২০ ॥
যত্রৈব পাদপাগ্রৈস্তু সপুষ্পৈঃ কীর্য্যতে মধু।
ক্রৌঞ্চখঞ্জনকহ্লারাঃ শিবইত্যক্ষরৈঃ সহ ॥ ২১ ॥
চুকুজুঃ পরমাহ্লাদৈর্হৃষ্টাস্তঃ করণৈঃসদা।
লবণাম্বুধিতোয়ৈস্তু জজ্বাল বাড়বানলঃ ॥ ২২ ॥
যস্য সংসর্গতোজাত স্তীর্থরাজ স্বয়ং দ্বিজাঃ।
অদ্যাপি দৃশ্যতে তত্র তোয়োত্থো বাড়বানলঃ ॥ ২৩ ॥
তত্র স্নাত্বা চ দৃষ্ট্বা চ ন পুনর্ব্বর্ত্ততে ভুবি।
তদুপদেশং মে চাদ্য স্মরণং ভবতি ধ্রুবং ॥ ২৪ ॥
গচ্ছাম স্তত্র বিপ্রেন্দ্রাঃ শ্রী গুরোরন্তিকং বয়ম্ ॥২৫ ॥

অন্যার্থঃ।

যে স্থানে অশোক, চম্পক, বক, ঝিণ্টি কাঞ্চন, মল্লিকা, যাতি, যুথি, লবঙ্গ, মাল, রসাল, তাল, হিন্তাল, করঞ্জ কণ্টকাদি বিবিধ পাদপ শ্রেণী দশদণ্ড পর্য্যন্ত ব্যাপিয়া পুষ্পের সহিত মধুবিক্ষেপ করিতেছে। যে স্থানে ক্রৌঞ্চ-খঞ্জন প্রভৃতি পক্ষীগণ শিবশব্দ উচ্চারণ পূর্ব্বক রব করিতেছে, যে স্থানে অদ্যাপি লবণাম্বুধি তোয়োত্থিত বাড়বানল প্রজ্জ্বলিত হইতেছে, যাহার সংসর্গ লাভার্থ তীর্থরাজ লবণাম্বুধি স্বয়ং উপস্থিত হইয়াছেন। অদ্যাপি যে স্থানে তোয়োত্থিত বাড়বানল দৃষ্ট হইতেছে এবং যে স্থানে স্নানাদি করিলে পুনঃ জন্ম হয় না, হে বিপ্রগণ! আমরা গুরুদেব সন্নিধানে সে স্থানে গমন করিব। সে গুরূপদিষ্ট বাক্য অদ্য আমার স্মৃতিপথে উপস্থিত হইতেছে ॥ ১৯ ॥ ২০ ॥ ২১ ॥ ২২ ॥ ২৩ ॥ ২৪ ॥ ২৫ ॥

ঋষয়উচুঃ।

বদ বিপ্রেন্দ্র! তৎসর্ব্বং কথং গূঢ়ত্বমাগতঃ।

বিহায় কাশীং কৈলাসং কস্মাৎ শ্রীচন্দ্রভূষণঃ ॥ ২৬ ॥
কলৌ তিষ্ঠামি ইত্যুক্তং শ্রীচন্দ্রশেখরে নগে।
কথন্তে গুরুস্তু তত্রৈব চাস্তেঽন্যৎ সকলং ত্যজন্ ॥ ২৭ ॥

অস্যার্থঃ।

কেনইবা ভগবান্ কলিকালে কাশী কৈলাস প্রভৃতি পরিত্যাগ করিয়া প্রচ্ছন্ন ভাবে চন্দ্রশেখরেবাস করিতেপ্রতিজ্ঞা করিয়াছিলেন, কেনই বা আপনার গুরুদেব সকল পরিত্যাগকরিয়া তথায় আছেন তাহা আমাদিগকে বলিযাকৃতার্থ করুন ॥ ২৬ ২৭ ॥

সূত উবাচ।

পুরো দধিসলিলেন ব্যাপ্তং ত্রিভুবনং বরং।
কারুণ্যসলিলে মগ্নং স ব্রহ্মাণ্ডং চরাচরম্ ॥ ২৮ ॥
দৃষ্ট্বা তথাবিধং সর্ব্বং ভগবান্ ভূত ভাবনঃ ;
সসৃজে ব্রহ্মাবিষ্ণুশ্চসৃষ্ট্যর্থং ত্র্যম্বকঃ স্বয়ং ॥ ২৯ ॥

অস্যার্থঃ।

সূতমুনি বলিলেন, পূর্ব্বকালে সচরাচর ব্রহ্মাণ্ড উদধির কারুণ্যসলিলে নিমগ্ন দেখিয়া ভগবান ত্র্যম্বক সৃষ্টি করিবার নিমিত্ত ব্রহ্মা এবং বিষ্ণুকে স্বয়ং সৃজন করিয়াছিলেন ॥ ২৮ ॥ ২৯ ॥

ভূত্বা তৌ তস্য নিকটেঽহঙ্কারেণ বিমোহিতৌ।
কৃতবন্তৌ স গর্ব্বঞ্চ শ্রেষ্ঠাবিতৌ বভূবতুঃ ॥ ৩০ ॥
জল্পন্তৌ তস্য প্রমুখে ততঃসোঽপি ন দৃশ্যতে।
অন্তর্হিত্বা তদা সোঽপি জ্যোতির্লিঙ্গং তদাভবৎ ॥ ৩১ ॥

অস্যার্থঃ।

তাহার উৎপন্ন হওয়া মাত্রেই অহঙ্কারে বিমোহিত হইয়া তাহার নিকটগে

নানারূপ জল্পিত বাক্য প্রয়োগ পূর্ব্বক আত্মশ্লাঘা প্রযোগ করিতেছিলেন তদ্দর্শনে ভগবান্ অন্তর্হিত হইয়া জ্যোতির্লিঙ্গ হইয়া গিয়াছিলেন ॥ ৩০ ॥ ৩১ ॥

অজ্ঞাতবন্তৌ তং তৌচ উবাচ গগনস্থিতঃ।
যেষু যেষু চ স্থানেষু মল্লিঙ্গং স্থাপিতং ময়া ॥ ৩২ ॥
ত্রয়োদশ বিভাগেন কাশ্যাদিষু চ পদ্মজ!
দ্বাদশং কথিতং তুভ্যং লিঙ্গমেকং জুগোপহ ॥ ৩৩ ॥

অস্যার্থঃ।

তাহারা ভগবানকে দেখিয়া শূন্যমার্গ অবলম্বন করিয়াছিলেন। পূর্ব্বে কোন কথাপ্রসঙ্গে ভগবান শিব ব্রহ্মাকে বলিয়াছিলেন যে, আমি কাশী প্রভৃতি যে যে স্থানে যে যে লিঙ্গ ত্রয়োদশ ভাগে বিভক্ত করিয়া স্থাপন করিয়াছি তন্মধ্যে দ্বাদশ লিঙ্গের বিষয় তোমাকে পূর্ব্বেই বলিয়াছি। কেবল একটী লিঙ্গই গুপ্তভাবে ছিল ॥ ৩২ ॥ ৩৩ ॥

কলৌ তিষ্ঠামি তত্রৈব পার্ব্বত্যা নাত্রসংশয়ঃ।
যূয়ং গচ্ছথতত্রৈব গমিষ্যাম্যহং তত্র চ ॥ ৩৪ ॥
গমিষ্যথ ততঃ পশ্চাদমরৈস্তত্র পদ্মজ!
ইত্যুক্ত্বান্তর্হিতঃ শম্ভুস্তত্রাগাদুময়া সহ ॥ ৩৫ ॥

অস্যার্থঃ।

আমি কলিকালে পার্ব্বতীর সেই লিঙ্গে যাইয়া বাস করিব। হে পদ্মজ! তোমারা দেবতা দিগের সহিত প্রস্থান কর, আমিও তথায় গমন করিব, এই বলিয়া ভগবান্ অদৃশ্য হইয়া উমার সহিত তথায় উপস্থিত হইলেন ॥ ৩৪ ॥ ৩৫

অদ্যাপি দৃশ্যতে লিঙ্গং হরগৌরীতি সজ্ঞকং।
তৎ ত্রিযুগে চাতিগুহ্যমাসীত্তীর্থঞ্চ চানঘং ॥ ৩৬ ॥
কলৌ প্রকাশরূপেণ লোকানাস্তু হিতায় বৈ।

সকলৈশ্চামরৈস্তীর্থে বসন্তি তং বৃষাসনং ॥ ৩৭ ॥

হে মুনিগণ। অদ্যাপি তথায় হরগৌরী নামে লিঙ্গ দৃষ্ট হয়। পূর্ব্বে সেই পুণ্যতীর্থ প্রচ্ছন্ন ছিল, কলিকালে লোক হিতার্থে ভগবান্ অমর দিগের সহিত প্রকাশ্যরূপে বাস করিতেছেন ॥ ৩৬ ॥ ৩৭ ॥

একদা ব্যাস দেবোঽপি কাশী ক্ষেত্র নিবাসিভিঃ।
তপঃ কর্ত্তুং সমারেভে পারাশর্য্যঃ পরন্তপ ! ॥ ৩৮ ॥
মহানন্দনিমগ্নৈস্তৈর্জটামণ্ডলধারিভিঃ।
তপসা ধৌতকলুষৈঃ ব্রহ্মবিদ্ভির্ব্বিবেকিভিঃ ॥ ৩৯ ॥

অস্যার্থঃ।

আমার গুরু ব্যাসদেব যে কারণে তথায় বাস করিতেছেন, তাহা বলিতেছি, একদা পরাশর পুত্র ব্যাস দেব কাশী ক্ষেত্র বাসী মহানন্দ মগ্ন জটা মণ্ডলধারি মহর্ষিদিগের সহিত কাশীতে তপস্যা করিতে ছিলেন ॥ ৩৮ ॥ ৩৯ ॥

শিবজ্ঞানাৎ পরং জ্যোতিঃ প্লাবিতং জঙ্গমাদিকং।
দৃষ্ট্বা তৈস্তং মহাপ্রাজ্ঞং নারায়ণমিবাপরং ॥ ৪০ ॥
জাতিশীলবিহীনং তং মৎস্যগন্ধাত্মজং শুচিং।
একাসনসমায়াতং একক্ষেত্রনিবাসিনম্ ॥ ৪১ ॥
কুলহীনং কৃশাঙ্গঞ্চ মুনীনামিব তীলকম্।
ক্রিয়তেচ তদা কোপো ব্যাসায় ক্ষেত্রবাসিভিঃ ॥ ৪২ ॥
ততো ভৃগুপতিস্তত্র প্রোবাচের্ষ্যাযুতং বচঃ ॥ ৪৩ ॥

অস্যার্থঃ।

সেই ক্ষেত্রবাসী মুনিগণ অজ্ঞাত কুলশীল দ্বিতীয় নারায়ণ সদৃশ মহাপ্রাজ্ঞ

মহর্ষি গন্ধাপুত্র ব্যাসদেবকে একাসনে উপবিষ্ট দেখিয়া তাঁহার প্রতি কোপ প্রকাশ করিয়াছিলেন। তদনন্তর ঈর্ষাপরবশ হইয়া তাহাকে বলিলেন॥ ৪০ ॥ ॥ ৪১ ॥ ৪২ ॥ ॥ ৪৩ ॥

ভৃগুরুবাচ।

কস্ত্বং? কুত ইহায়াতঃ কস্যসূনুঃ? কুলঞ্চ কিং?
কস্মিন্নিবসতি? পূর্ব্ব বদ সত্যং বচশ্চনঃ॥ ৪৪॥

অস্যার্থঃ।

তুমি কোথা হইতে কি নিমিত্ত এস্থানে উপস্থিত হইয়াছ? তুমি কাহার পুত্র? তোমার নাম কি? তুমি কোন্ বংশজাত, এবং পূর্ব্বে কোথায় বাস করিতে তাহা আমার নিকট যথার্থ বর্ণন কর॥ ৪৫॥

ব্যাস উবাচ।

পরাশরসুতোঽহং বৈ মৎস্যগন্ধোদরোদ্ভবঃ।
যুষ্মান্ দ্রষ্টুমাগতোঽহং বিশ্বনাথস্য সেবয়ৈঃ॥ ৪৫॥
যুষ্মাভিস্তু সহাবাসং করোমি মুনিপুঙ্গবাঃ।
সাধুভিঃ কৃতকর্ম্মভির্দীয়স্তাং স্থিতি মুত্তমাং॥ ৪৬॥

অস্যার্থঃ

ব্যাসদেব কহিলেন, আমি মৎস্যগন্ধার গর্ভজাত পরাশর মুনির পুত্র; আমি বিশ্বেশ্বর সেবার্থ এবং আপনাদিগকে দেখিবার আকাঙ্ক্ষায় এই স্থানে উপনীত হইয়াছি। হে মুনিশ্রেষ্ঠগণ। আমি আপনাদিগের সহিত একত্র অবস্থান করিতে বাসনা করি, অতএব আমাকে স্থান প্রদান করুন॥ ৪৫ ॥ ৪৬॥

ইত্যেবং বাচ্যমানস্তং বচোভিস্তুসমন্বিতৈঃ।

নিরস্তং ভৃগুনা ব্যাসং কাম ক্রোধবিবর্দ্ধিভিঃ ॥ ৪৭ ॥
মৎস্যগন্ধাসূতস্ত্বং হি শৃণু বাচং কুলোজ্‌ঝিতঃ।
শৃণুধ্বং মুনয়ঃ সর্ব্বে অস্য জন্মপ্রকীর্ত্তনম্‌ ॥ ৪৮ ॥

তিনি এরূপ প্রার্থনা করিলে ভৃগুমুনি ক্রোধপরবশ হইয়া মুনিদিগকে সম্বোধন করিয়া বলিলেন্‌ হে মুনিগণ! ইহারজন্মবৃত্তান্ত শ্রবণ করুন। এইবলিয়া ব্যাসকে বলিলেন, হে কুলদূষণ! মৎস্যগন্ধাপুত্র শ্রবণ কর ॥ ৪৭ ॥ ৪৮ ॥

যদা তে জননী কচিৎ যমুনায়াং ক্ষপেশ্বরী।
মীনজাতা গন্ধযুতা তরণীগৃহীতা সতী ॥৪৯ ॥
দৈবাৎ পরাশরস্তত্র চাগত্য যমুনাতটং ॥
আরুহ্যতরণে তস্যা মুনের্দ্দর্শনতঃক্ষণাৎ ॥ ৫০ ॥
সুমধ্যাসুরসা সাতি বভূবাতিমনোরমা।
সুগন্ধাসৌ ষোড়শীয়া রূপলাবণ্যসংযুতা ॥৫১ ॥

অস্যার্থ।

যখন তোমার জননী নৌকারূঢ়া হইয়া যমুনায়ক্ষপা প্রদান করিত, সেই সময়ে দৈবাৎ পরাশর ঋষি যমুনাতটে উপস্থিত হইয়া পার হইবারনিমিত্ত তোমার জননীর তরণী আরোহণ করিয়াছিলেন, তাঁহার দর্শনমাত্রেই তোমার জননী অতি মনোরমা তনুমধ্যা ষোড়শবর্ষীয়া যুবতীর ন্যায় রূপলাবণ্য সংযুক্তা হইয়াছিলেন। এবং তাহার শরীর হইতে মৎস্যগন্ধ অপনীত হইয়া সুগন্ধ প্রবাহিত হইতে লাগিল ॥ ৪৯ ॥ ৫০ ॥ ৫১ ॥

দৃষ্ট্বা তাং সচ কামান্ধঃ রতিমগ্নকৃতস্তয়া।
তত্রোদ্ভবোহসি সং প্রাপ্ত নকুণ্ডো নচ জারজঃ ॥৫২ ॥

অস্যার্থঃ।

মহর্ষি তাহাকেএরূপ দেখিয়া কামার্ত্ত হইয়া তাহার সহিত ক্রীড়ায়মগ্ন হইয়া ছিলেন, তাহাতেই তোমার উৎপত্তি হয়; তুমি কুণ্ড নও, গোলকও নও, অর্থাৎ ভর্ত্তার জীবদ্দশায় জারজাত পুত্রকে কুণ্ডবলে, ভর্ত্তার পরলোক হইলে জারতজাত পুত্রকে গোলক বলে তুমি তাহার কোনটাইনও ॥ ৫২॥

সোহস্মাভিস্ত্বং তপঃকর্ত্তুং শক্নোসি ? কথমত্রচ।
গন্তব্যং তব স্বস্থানং ন স্থেয়ং কালমত্র চ ॥ ৫৩ ॥

অস্যার্থঃ।

তুমি সেইমৎস্যগন্ধারপুত্র অতএব এস্থানেকিরূপে আমাদের সহিত তপস্যাকরিতেসমর্থ হইবে; তুমি স্বস্থানে প্রস্থান কর, ক্ষণমাত্র ও এইস্থানে অবস্থিতি করিওনা ॥ ৫৩ ॥

শ্রুত্বা পরাসরসুতো বচস্তদাত্মনিন্দকং।
বধং শিবায় দাস্যামি চেতসীদং বিভাব্যচ ॥ ৫৪ ॥
অহো শিবাশিবং মে চ বর্ত্ততে শূলধৃক্ পুনঃ।
কথং বিড়ম্বনং মে তে নীলকণ্ঠাজীনাম্বর ॥ ৫৫ ॥
ইতোগচ্ছামি অদ্যৈব পামরাজ্ঞানবঞ্চক।
অমর্ষাবিষ্ট ইত্যুক্ত্বা ব্যাসঃ সত্যবতীসুতঃ ॥ ৫৬ ॥
ক্ষেত্রাদ্বহির্যদা গন্তুং মনশ্চক্রে পরন্তপঃ।
তদা বৃষাসনঃ সাক্ষাদভবৎ তস্য পূর্ব্বতঃ ॥ ৫৭ ॥
উবাচ তং জ্ঞানিবরং নীলকণ্ঠো বৃষধ্বজঃ।
মদং শস্তুং মুনিবর শৃণু বাচং পরন্তপ! ॥ ৫৮ ॥

অস্যার্থঃ

ব্যাসদেব ঋষিমুখে ঈদৃশ আত্মনিন্দা ও লোকবিগর্হিত বাক্য শ্রবণ করিয়া মহাদেব

কে আপন বধভাগী করিতে মনেমনে বিবেচনা করিয়া বলিলেন, রে পামর জ্ঞান বঞ্চক শিব! তুইকেন আমাকে বার বার বিড়ম্বনা করিয়া অনিষ্ট করিতেছিস। আমি অদ্যই এই স্থান হইতে প্রস্থান করিতেছি। এই বলিয়া সত্যবতীসুত ব্যাস ক্রোধান্বিত হইয়া যখন ক্ষেত্র হইতে বহির্গত হইতে বাসনা করিয়াছিলেন, তখন ভগবান বৃষধ্বজ তাঁহার সাক্ষাৎ আবির্ভূত হইয়া জ্ঞানিশ্রেষ্ঠ ব্যাসকে সম্বোধনপূর্ব্বক বলিলেন, হে তপোধন! শ্রবণ কর, তুমি আমার অংশ সম্ভূত, ইহাতে সন্দেহ করিওনা ॥ ৫৪ ॥ ৫৫ ॥ ৫৬ ॥ ৭৫ ॥ ৫৮ ॥

ক্ষেত্রং মেঽস্তীহ গুহ্যং তদ্দেবানামপি দুর্লভং।
মহারম্যং মহাগুহ্যং শ্রীচন্দ্রশেখরো মুনে ॥ ৫৯ ॥
দেবাভিলষিতং ক্ষেত্রং ক্ষ্মাগ্নিকোণেঽস্তি তত্ত্ববিৎ।
সদা কলৌ চ স্থাস্যামি উময়া চন্দ্রশেখরে ॥ ৬০ ॥

অস্যার্থঃ।

হে মুনিবর! পৃথিবীর অগ্নিকোণে দেবাভিলষিত পরম রম্য অতি গুহ্য শ্রীচন্দ্রশেখর তীর্থ বর্ত্তমান আছে, হে তত্ত্বজ্ঞ! আমি সেইচন্দ্রশেখরে কলিকালে উমার সহিত বাস করিব ॥ ৫৯ ॥ ৬০ ॥

সর্ব্বক্ষেত্রাধিকং বিদ্ধি শ্রীচন্দ্রশেখরং মুনে!
সর্ব্বতো দ্রুমশাখাভিশ্ছাদিতং বারিতাতপং ॥ ৬১ ॥
বনপ্রিয়াদিভিস্তত্র কূজিতং মধুরৈঃ স্বরৈঃ।
জ্ঞানিভিস্ত ম্মদৃষ্টৈশ্চ স্থীয়তে গহনান্তরে ॥ ৬২ ॥
যত্র ব্রহ্মাদিভিস্তত্র স্নানং চক্রে অহর্নিশং।
ঋষয়শ্চ সগন্ধর্ব্বা যক্ষাশ্চ ভৈরবাস্তথা ॥ ৬৩ ॥
সিদ্ধামহর্ষয়ো যত্র নিত্যমাসত আশ্রমে।

ষড়্‌ঋতুফলপুষ্পাদ্যৈঃ পাদপাঃ সন্তিতদ্বনে ॥ ৬৪ ॥
অপ্রকাশঞ্চাতি গুহ্যং বনং সর্ব্বর্ত্তু শোভনং।
অন্যং নগবিশিষ্ঠং যৎপ্রত্যাসন্নার্দ্ধচন্দ্রবৎ ॥ ॥ ৬৫ ॥
তস্যদক্ষিণতঃ সিন্ধুস্তীর্থরাজঃ পরন্তপ ।।
যস্য সংসর্গমায়াতি গঙ্গা ভাগীরথী দ্বিজ ॥৬৬ ॥
যথা হিমাদ্রির্মে শ্লাঘ্যঃ তথা শ্রীচন্দ্রশেখরঃ।
শ্রীচন্দ্রশেখরে দেবৈঃ সদা স্থাস্যামি হে মুনে ॥৬৭ ॥

অস্যার্থঃ।

হে মুনে! সেই চন্দ্রশেখরকে সকলতীর্থহইতে অধিক বলিয়া জানিও। সে-স্থানে দ্রুমগণ তাহাদিগের পরস্পর সংমিলিত শাখা প্রশাখার দ্বারা বৃষ্টি ও রৌদ্র নিবারণ করিয়াছে সে স্থানে কোকিলগণ মধুর রবে গান করিতেছে। তাহার নিবিড় বনমধ্যে জ্ঞানিলোকেরা সাধারণের অদৃষ্টভাবে অবস্থান করিয়া তপশ্চর্য্যা করিতেছেন। সে স্থানে ব্রহ্মাদি দেবতারা, ও ঋষিগণ এবং গন্ধর্ব্বদিগের সহিত বর্ত্তমান ভীষণাকৃতি যক্ষসমূহ রাত্রিদিন স্নান করিতেছে, তাহার আশ্রম সমূহে সিদ্ধমহর্ষিগণ নিরন্তর অবস্থান করিতেছেন। সে স্থানে পাদপ সমূহ সর্ব্বদা ষড়্‌ঋতুজাত ফলপুষ্পের দ্বারা সুশোভিত হইয়া বর্ত্তমান রহিয়াছে। তাহার বন সমস্ত নিবিড়তরুলতাচ্ছন্ন, ও সকল ঋতুতেই শোভমান্‌ এবং অন্যান্য পর্ব্বত তাহাকে অর্দ্ধচন্দ্রাকারে বেষ্টন্‌ করিয়া রহিআছে। হে অরিন্দম! তাহার দক্ষিণ ভাগস্থিত তীর্থরাজ লবণাম্বু সমুদ্র পূণ্যতোয়া ভাগীরথী সঙ্গলাভ করিয়াছেন, সেই চন্দ্রশেখর আবার হিমালয়ের ন্যায় প্রীতিকর, হে মুনে! আমি তথায় অমরদিগের সহিত সর্ব্বদা বাস করিব। ৬১। ৬২ ৬৩। ৬৪। ৬৫। ৬৬। ৬৭।

কৃত্বোপদেশস্তস্মৈ চ স বভূব পরন্তপঃ।

শুদ্ধস্ফটিককুন্দেন্দুপ্রতিমঃ কুণ্ডলোজ্জ্বলঃ ॥ ৬৮ ॥
জটাভির্বেষ্টিতশিরাঃ ফণিভিশ্চবিরাজিতঃ।
শবাবতং সশ্চার্দ্ধেন্দু লসিতঃ সুমনোহরঃ ॥ ৬৯ ॥
ভুজঙ্গে নোরসি যস্য রাজিতং পরমাদ্ভুতং।
চতুর্ভুজো মহারম্যো মুখপদ্মবিরাজিতঃ ॥ ৭০ ॥
দ্বীপিচর্ম্মপরীধানো ডমরু শূলধৃক্ তথা।
বিশালব্রহ্মসূত্রঞ্চ ধারয়ঞ্চ ত্রিপুণ্ড্রকং ॥ ৭১ ॥
সদা ভস্মোপবীতাভ্যাং শোভতে শরদিন্দুবৎ।
বৃষঃ সর্ব্বগুণোপেতঃ বাহনস্তু শিবস্য তু ॥ ৭২ ॥
পাদয়োর্নূপুরাভ্যাস্তু রাজতেকিঙ্কিণীস্বরৈঃ।
ভৈরবানাং স্বনৈশ্চৈব পশুপক্ষিনিনাদিতৈঃ ॥ ৭৩ ॥

অস্যার্থঃ।

তাঁহাকে এইরূপ উপদেশ প্রদান করিয়া ভগবান্ হরদিব্য মূর্ত্তি ধারণ করিলেন্। তাঁহার দেহের আভা বিশুদ্ধ স্ফটিক, কুন্দ, ও ইন্দুরন্যায় শুভ্র এবং কুণ্ডলের ন্যায় উজ্জ্বল বর্ণ হইল। মস্তকে ফণিমণ্ডল বেষ্টিত জটাজাল, কর্ণে শবাভরণ, ললাট-দেশে সুমনোহর চন্দ্রকলা, বক্ষস্থলে অদ্ভূত ভুজঙ্গদল শোভাপাইতে লাগিল। তিনি চতুর্ভুজ ধারণ করিলেন ও তাঁহার মুখমণ্ডসকমলেরন্যায় শোভমান হইল, তাঁহার কটিতটে পরিধেয় দ্বীপিচর্ম্ম, হস্তে ডমরু ও সুদীর্ঘ ত্রিশূল, স্কন্ধে বিশাল যজ্ঞোপবীত, ও ললাটে ত্রিপুণ্ড্রক রেখা বিরাজিত হইল। এবং তিনি সর্ব্বদা ভস্ম ও যজ্ঞোপবীতের দ্বারা সুশোভিত থাকায় তাঁহাকে শরৎকালীয় শশী মণ্ডলেরন্যায় দেখাগেল। আর তাঁহার সর্ব্বগুণযুক্ত বাহন বৃষভরাজেরপদদ্বয়ে ভৈরব পশুপক্ষি নিঃস্বন সন্মিলিত এবং কিঙ্কিণী রব মিশ্রিত সঞ্চারমান নূপুর বিরাজ

করিতেছিল। ।৬৮। ৬৯।৭০। ৭১। ৭২। ৭৩।।

এতৈঃ রূপবিশিষ্টৈস্তু ভগবানুময়া সহ।
বসামি তত্র ইত্যুক্তং ব্যাসায় মুনিপুঙ্গবাঃ॥ ৭৪॥
তত্র গচ্ছ মুনিশ্রেষ্ঠ! মল্লিঙ্গাগ্রে পরন্তপ।
সর্ব্বাভীষ্টং প্রাপ্স্যসি চেৎ সত্যং সিদ্ধিন সংশয়ঃ॥ ৭৫॥

অস্যার্থঃ

তিনি এইরূপ শোভাসম্পন্ন হইয়া ব্যাসদেবকে বলিলেন, হে মুনিবর! আমি এই রূপে উমার সহিত চন্দ্রশেখরে বাস করিব, তুমি সেই স্থানে আমার লিঙ্গসমীপে গমনকর, তোমার সর্ব্বাভীষ্ট সিদ্ধ হইবে ইহা নিঃসন্দেহ জানিবে। ।৭৪॥ ॥ ৭৫

মৎক্ষেত্রং শিবদং স্বস্থমন্তেচ মোক্ষদায়কং।
অন্নপূর্ণা নিবসতি সদান্নরূপধারিণী॥ ৭৬॥
এবম্ভূতং সিদ্ধপীঠে রসন্তং পার্ব্বতীপতিং॥ ৭৭॥
ইত্যুক্ত্বান্তর্দ্দধে শম্ভুর্মুনয়ে জ্ঞানশালিনে॥ ৭৮॥

অস্যার্থঃ।

সেই মঙ্গলকর মদীয় ক্ষেত্র অত্যন্ত স্বাস্থ্যকর এবং পবিত্র ও মোক্ষপ্রদ এবং সেই স্থানে সর্ব্বদা অন্নরূপধারিণী অন্নপূর্ণা বাস করিতেছেন। ঈদৃশ সিদ্ধপীঠে আমি পার্ব্বতীর সহিত বাস করিব; এইবলিয়া ভগবান অদৃশ্য হইলেন॥ ৭৬। ॥ ৭৭॥ ৭৮॥

ততঃ সত্যবতীসূনুঃ শ্রুত্বাবাক্যং হরস্যতু।
যযৌ শ্রীচন্দ্রশেখরং শ্রীশৈলংনারদো যথা॥ ৭৯॥

অস্যার্থঃ।

তদনন্তর সত্যবতীপুত্র ব্যাস শিববাক্য শ্রবণ করিয়া, নারদমুনি যেরূপ শ্রীশৈল পর্ব্বতে গমন করিয়াছিলেন তিনিও সেইরূপ চন্দ্রশেখরে প্রস্থান করিলেন ॥ ৭৯ ॥

গত্বা তপঃসমারেভে সদা চ ধ্যানমানসঃ।
হিমজালাবৃতঃ কশ্চিদ্ধুতাশনসমীপতঃ ॥ ৮০ ॥
নিরাহারঃকদাশেষে তত্ত্বাবভাবনাগতঃ।
প্রাণায়ামগতঃ কশ্চিৎ পঞ্চাক্ষরমনুং জপন্ ॥ ৮১ ॥

অস্যার্থঃ।

ব্যাসদেব, তথায় উপস্থিত হইয়া ধ্যানাশক্ত; কখন বা হিমজালাবৃত, কখনবা হুতাশন সমীপস্থ হইয়া, কদাপি বা নিরাহারে শয়ন করিয়া, কখন বা প্রাণায়াম পরায়ণ হইয়া পঞ্চাক্ষর মন্ত্র জপপুরঃসর তপস্যা আরম্ভ করিয়াছিলেন ॥ ৮০ ॥ ॥ ৮১ ॥

দৃষ্ট্বা তপরতন্তঞ্চ স্বয়ম্ভূর্হর্ষমাগতঃ।
ভূত্বাপ্রত্যক্ষমভবৎ বরং গৃহ্ণ পরন্তপ ॥৮২ ॥

অস্যার্থঃ।

ভগবান তাহাকে তপপরায়ণ দেখিয়া সহর্ষে স্বয়ং তাহার প্রত্যক্ষগোচর হইয়া বলিয়াছিলেন, হে তপপরায়ণ! তুমি বরগ্রহণ কর॥ ৮২ ॥

তৎ শ্রুত্বা ভগবান্ ব্যাসঃ কৃতাঞ্জলিপুটোঽব্রবীৎ ॥ ৮৩ ॥
গর্হিতো হং যদা দেব! মুনিভিঃ কাশীবাসিভিঃ।
তবোপদেশাদ্গাস্তব্যমত্রৈকেন ময়া বিভো ॥ ৮৪ ॥

অস্যার্থঃ।

ব্যাসদেব তাহা শ্রবণ করিয়া কৃতাঞ্জলিপুটে বলিলেন হে বিভো! যখন কাশীবাসী

ঋষিরা আমাকে অবজ্ঞা করিয়াছিলেন তখন ভবদুপদেশোদ্দিন হইয়া আমি একাকীই এই বনে উপস্থিত হইয়াছি ॥ ৮৩ ॥ ৮৪ ॥

কৃতং যথোপদেশো মে কাশীস্থেন মহাত্মনা।
তথা ভবাত্র গিরিশো দেহি চৈবং বরং সুহৃৎ ॥ ৮৫ ॥

অস্যার্থঃ।

হে গিরিশ! আপনি পূর্ব্বে কাশীতে আমাকে যেরূপ উপদেশ দিয়াছিলেন, এই স্থানে আপনি সেই রূপে অবস্থান করুন; এই বরই আমাকে দিন। ॥ ৮৫ ॥

সমস্ত তীর্থৈস্ত্বমত্র তীর্থাধিষ্ঠিত বিগ্রহঃ।
তিষ্ঠ সিন্ধুসমীপে চ শ্রীচন্দ্রশেখরে মুনে। ॥ ৮৬ ॥
গয়াদিনীহতীর্থানি যানি সন্তীহ ভূতলে।
তান্যত্র স্থাপয়িত্বা তু ত্রৈলোক্যতারণং কুরু ॥ ৮৭ ॥
সিদ্ধির্ভবতু তেহভীষ্টমিত্যুক্তা তস্তে কৃপানিধিঃ।
সতসা পশ্যতঃ শম্ভুস্ত্রিশূলেন বিখল্যতে ॥ ৮৮ ॥

অস্যার্থঃ।

ভগবান কহিলেন, হে তপোধন! পৃথিবীমণ্ডলে গয়াদি যে সকল তীর্থ বর্ত্তমান আছে, সেই সমুদয়কে এই সিন্ধু সমীপে চন্দ্রশেখর পর্ব্বতে স্থাপিত করিয়া এবং সেই সমুদয় তীর্থের সহিত তুমি এই তীর্থে অধিষ্ঠিত হইয়া ত্রিলোক পরিত্রাণ কর। তোমার সর্ব্বাভীষ্ট সিদ্ধ হইবে। এই বলিয়া পরম কৃপালু ভগবান শিব তাহার সম্মুখবর্ত্তী ভূমিখণ্ডে ত্রিশূল নিঃক্ষেপ করিয়াছিলেন ॥ ৮৬ ॥ ৮৭ ॥ ৮৮

সোঽপি কুণ্ডাকৃতির্ভূত্বা বারিপূর্ণং বভূবহ।
তস্যান্তরেঽগ্নিনা দীপ্তিঃ ক্রিয়তে ধূমবেষ্টিত ॥ ৮৯ ॥

তস্যার্থঃ।

সেই ভূমিখণ্ড ও কুণ্ডরূপে পরিণত হইয়া জলপূর্ণ হইলে তন্মধ্য দেশ হই তে ধূমাবৃত অগ্নিশিখা উত্থিত হইতেছিল ॥ ৮৯ ॥

দৃষ্ট্বানন্দ গতঃ ব্যাসস্তস্য পশ্চিমতঃ স্বয়ং।
পরং ধ্যান গতশ্চান্তে ধৃত্বা পাষাণবিগ্রহঃ। ৯০ ॥

অস্যার্থঃ।

ব্যাসদেব তদ্দর্শনে প্রীত হইয়া সেই কুণ্ডের পশ্চিমাংশে স্বয়ং পাষাণ দেহ ধারণ করিয়া ধ্যানমগ্ন হইয়াছিলেন ॥ ৯০ ॥

দ্বিভুজমুপবীতঞ্চ জটামণ্ডলধরিণং।
চর্ম্মাম্বরপরিধানং কবীন্দ্রৈঃ সেবিতং স্বয়ং ॥ ৯১ ॥

অস্যার্থঃ।

অদ্যাপি কবীন্দ্রসেবিত অজিনাম্বরশোভিত দ্বিভুজোপবীত জটামণ্ডলধারী ব্যাসদেবকে সেই কুণ্ডের পশ্চিমাংশে দেখিতে পাওয়া যায় ॥ ৯১ ॥

যস্য ভাষাখিলমিদং বেদমার্গস্থিতং জগৎ।
বেদাগমৌ মহাসিন্ধুং নির্ম্মথ্যং জ্ঞানদণ্ডকৈঃ ॥ ৯২ ॥

অস্যার্থঃ।

যে ব্যাসদেবের বাক্যেতে চতুর্ব্বেদ ও আগমাদি গ্রন্থস্থিত রহিয়াছে; এই

সংসারসমুদ্রে জ্ঞানরূপ দণ্ডদ্বারায় সেই ব্যাস সমুদয় শাস্ত্র নির্ম্মন্থন করিয়াছেন ॥ ৯২ ॥

পুনাতু সতু ত্রৈলোক্যং ধর্ম্মাধর্ম্ম প্রকাশকঃ।
অদ্যাপি দৃশ্যতে ব্যাসং কুণ্ডপশ্চিমতো দিশি ॥ ৯৩ ॥
চতুর্ভুজাংশরূপেণ পবিত্রঞ্চ ভূমণ্ডলং।
দুর্লভং ত্রিষু লোকেষু স্বয়ম্ভুলিঙ্গমদ্ভুতম্ ॥ ৪০ ॥
মালূরবেষ্টিতং তঞ্চ লোকমেব বিধায়কং ।
ত্রিপুরা ভৈরবী শ্যামা তথা কাত্যায়নীতি চ ॥৯৪ ॥
চতুর্ভুজা মহাকালী চাস্তে তস্য সমন্ততঃ।
একোনকোটিলিঙ্গস্তু যদ্বনে ভগবানভূৎ ॥ ৯৬ ॥
পাষাণকোটরান্তস্থঞ্চাতিসূক্ষ্মং বরপ্রদং ।
মৎস্যঃ কুর্ম্মোবরাহশ্চ নরসিংহাদি বিগ্রহাঃ ॥ ৯৭ ॥
সন্তি তত্র মহাপ্রাজ্ঞা শ্রীচন্দ্রশেখেরে দ্বিজা ॥ ৯৮ ॥

অস্যার্থঃ।

সেই কুণ্ডের পশ্চিমাংশে ধর্ম্মাধর্ম্মপ্রকাশক বেদব্যাস ইতস্ততঃ চন্দ্রশেখর পর্ব্বতে যে চতুর্ভুজাংশরূপে অবতীর্ণা হইয়া ভূমণ্ডল পবিত্র করিতেছেন। কোন স্থানে সেই চতুর্ভুজাংশরূপে মহাকালী, কোন স্থানে বা শ্রীবৃক্ষবেষ্টিত নরামরস্ববিধায়ক ত্রিলোকদুর্লভ স্বয়ম্ভুলিঙ্গ, কোথাব ত্রিপুরাভৈরবী, কোথায় বা কাত্যায়নী শক্তি, কোন স্থানে বা একোনকোটি শিবলিঙ্গ, কোন স্থানে অতিবরপ্রদ পাষাণ কোটরস্থ মৎস্য কুর্ম্ম বরাহ নরসিংহাদি দশাবতার বিরাজ করিতেছেন ॥ ৯৩ ॥ ৯৪ । ৯৫ ॥ ৯৬ ॥ ৯৭ ॥ ৯৮ ।

রামচন্দ্রঃ স্বয়ং যত্র সীতয়া সহ লক্ষ্মণং ।
দৃষ্ট্বা স্বয়ম্ভুং সোঽপি সংলেভে সর্ব্বমনোরথং ।
যত্র চট্টেশ্বরী দেবী চান্ন পূর্ণা বভূবহ ॥ ৯৯ ॥
দুষ্টানাং প্রাণনাশায় সাধূনাং রক্ষণায় চ ।
লিঙ্গরূপং সমাস্থায় শ্রীচন্দ্রশেখরে বসন্ ॥১০০॥
বিরূপাক্ষে কদাদেবো ভবান্যাচ ভূতেশ্বরঃ ।
কদাচ চম্পকারণ্যে কদাচ বাড়বানলে ॥ ১০১ ॥
কদা মন্দাকিনীগতঃ সচ দেবস্মরান্তকঃ ।
বভ্রাম কাননে রম্যে লবণাম্বুসমীপতঃ ॥১০২॥

টিঃ ।

হে দ্বিজগণ। যেইস্থানে বিশ্বমঙ্গলবিধাযক বামচন্দ্র এবং সীতা স্বযম্ভূলিঙ্গ দর্শন করিযা সর্ব্বাভীষ্ট লাভ করিযাছেন্ । সেই চন্দ্রশেখব পর্ব্বত স্থিত চট্টেশ্বরী অন্নপূর্ণারূপে সাধুদিগের রক্ষার্থ দুর্বৃত্তদিগের বিনাশবাসনায়, কখন বিরূপাক্ষে কখন চম্পকাবণ্যে কখন বা বাড়বানলে কদাচিৎ মন্দাকিনীতে কোন সময বা লবণাম্বু সমীপবর্ত্তী রম্যকাননে ভগবান ভূতেশ্বর স্মরান্তকারী লিঙ্গরূপী শিব পার্ব্বতীর সহিত পরিভ্রমণ করিতেন ॥ ৯৯ ॥১০০ । ১০১ । ১০২

ভূচরাঃ খেচরাঃ সিদ্ধা মানবা দানবাদয়ঃ ।
নিত্যমাসন্ত যত্রৈব তস্য দর্শন কাঙ্ক্ষিণঃ ॥ ১০৩ ॥
মহাসিদ্ধিবিহরো যত্রাসীদুময়া সহ ।
আদিদেবো মহাদেবো গণেশজনকঃ শিবঃ ॥ ১০৪ ॥

অস্যার্থঃ।

মহাসিন্ধু সদৃশ শ্বেতবর্ণ বামদেব শিব যে স্থানে উমার সহিত বর্ত্তমান থাকিতেন তথায় তাঁহার দর্শনার্থী হইয়া ভূচর, খেচর, সিদ্ধ, মানব দানবাদি উপস্থিত থাকিতেন ॥ ১০৩ ॥ ১০৪ ॥

ফল্গু বল্গু পরাং প্রাপ্য যশ্চ পিণ্ডং প্রদাপয়েৎ।
কিং বদামি ফলং তস্য পিণ্ডদানস্য ভো দ্বিজা ॥ ১০৫ ॥

অস্যার্থঃ।

হে দ্বিজগণ! সেই চন্দ্রশেখর পর্ব্বতস্থ ফল্গুতীর্থে যে পিণ্ডদান করে, তাহার ফল আমি কি বলিব? ॥ ১০৫ ॥

যদি কদাচিৎ পুরুষঃ পুণ্যবান্ স্বকুলোদ্ভবঃ।
গত্বা চ ম্রিয়তে তত্র সগচ্ছেচ্ছিবসন্নিধিং ॥ ১০৬ ॥

অস্যার্থঃ।

যদি স্বকুলোৎপন্ন কোন পুণ্যবান্ পুরুষ তথায় গমন করিয়া পঞ্চত্ব লাভ করে, সে শিবলোক প্রাপ্ত হয় ॥ ১০৬ ॥

শ্রীচন্দ্রশেখরে রম্যে লোকামরবিধায়িনে।
মানবাঃ পতগা ব্যাঘ্রা মৃগাশ্চ শশকাদয়ঃ ॥ ১০৭ ॥
অথাত্মনা স্বয়ং ভূত্বা তেষাং মোক্ষায় কল্পতে।
শিবো জীবগতঃ সাক্ষাৎ যদ্বনে মোক্ষদায়কঃ ॥ ১০৮ ॥
শালগ্রামগতঃ কশ্চিৎ মন্দাকিন্যাস্তু ভাসিত।
ভুজঙ্গাঃ সন্তি যত্রৈব শিবমূর্ত্তি প্রবাসিনঃ ॥ ১০৯ ॥

ভৈরবা যত্র গচ্ছন্তি ভৈরবাংশাভূতাদয়ঃ ।
স্বর্গঙ্গা প্লাবিতং যস্য জটামণ্ডলবেষ্টিতা ॥ ১১০ ॥
কদা প্রাণং বিমুঞ্চামি শ্রীচন্দ্রশেখরে গিরৌ ।
ইত্যেবং ত্রিষু লোকেষু গীয়তে প্রাণধারিভিঃ ॥ ১১১ ॥

অস্যার্থঃ ।

নরের অপরত্ববিধায়ক সেই চন্দ্রশেখরে মানব, পতঙ্গ, ব্যাঘ্র, মৃগ শশক, প্রভৃতি জীবগণ যদিমৃত্যু লাভ করে তবে তাহাদিগের মোক্ষ হয় । যে তীর্থে শিবের সাক্ষাৎ সর্ব্বজীবগণ এবং কোন সময়ে বা সালগ্রামগত হইয়া মন্দাকিনীতে ভাসমান থাকেন, যে স্থানে হরশির্ষবাসি ভুজঙ্গগণ বিদ্যমান আছেন যে ক্ষেত্রে ভৈরবগণ এবং তদঙ্গসম্ভূত দেবগণ বিরাজ করিতেছেন, যে স্থানে শিবজটামণ্ডলবেষ্টিত স্বর্গঙ্গা কর্ত্তৃক প্লাবিত হইতেছে সেই চন্দ্রশেখরপর্ব্বতে কখন পঞ্চত্ব লাভ করিব । এই বলিয়া ত্রিলোকনিবাসি প্রাণিয়া গান করেন ॥ ১০৭ ॥ ১০৮ ॥ ১০৯ ॥ ১১০ ॥ ১১১ ॥

যত্র কাশীং প্রয়াগঞ্চ ভুবনেশং সরিৎপতিং ।
গঙ্গাঞ্চ নৈমিষারণ্যং চৈকত্র দর্শনম্ভবেৎ ॥ ১১২ ॥
সূক্ষ্মং পবিত্রপুরুষং লিঙ্গরূপেণ রাজতে ॥ ১১৩ ॥

অস্যার্থঃ ।

যে তীর্থে কাশী, প্রয়াগ, ভুবনেশ্বর, সমুদ্র, গঙ্গা এবং নৈমিষারণ্য একত্র বর্ত্তমান আছেন, সেই তীর্থে সদানন্দ শুভপ্রদ অতি সূক্ষ্ম পরম পবিত্র ভগবান লিঙ্গরূপে দীপ্তি পাইতেছেন ॥ ১১২ ॥ ১১৩ ॥

সর্ব্বমূর্ত্তিঃ ক্ষিতিপতে পৃথিবী পরিপালিতে ।
ভবমূর্ত্তিশ্চ পাতালে বহ্নিরূপী চ বাড়বে ॥ ১১৪ ॥

উগ্রমূর্ত্তির্জীবগতো নীলরূপেণ ভাসতে।
ভীমমূর্ত্তিশ্চ ব্যোম্নি তু যজমানোঽর্চ্চনে জনে ॥ ১১৫ ॥
মহাদেব চন্দ্রমূর্ত্তি সুধারূপেণ কাশতে।
ঈশানমূর্ত্তিঃ সূর্য্যোসৌ জ্যোতিরূপেণ রাজতে ॥ ১১৬ ॥

অস্যার্থঃ।

তাঁহার সর্ব্বমূর্ত্তি ক্ষিতিতে, ভবমূর্ত্তি পাতালে, রুদ্রমূর্ত্তি বহ্নিরূপে বাড়বে উগ্রমূর্ত্তি সর্ব্বজীবগত হইবা নীলরূপে প্রকাশ পাইতেছে। আকাশে ভীমমূর্ত্তি, অর্চ্চনাতে যজমানমূর্ত্তি অমৃতে সোমমূর্ত্তি এবং সূর্য্য ঈশানমূর্ত্তি জ্যোতিরূপে প্রকাশ পাইতেছে ॥ ১১৪ ॥ ১১৫ ॥ ১১৬ ॥

এতা মূর্ত্তির্ভর্গশম্ভোঃ প্রকাশ জনকো মহান্।
ক্ষিত্যপ্তেজা দিরূপেণ চন্দ্রশেখর মূর্দ্ধনি ॥ ১১৭ ॥

অস্যার্থঃ।

এই অষ্ট মূর্ত্তি প্রসাদেই অনাদি চিন্ময়, পরম পুরুষ ক্ষিত্যাদি পঞ্চভূতব্যাপি ভগবান যোগীহৃদয় স্থিত হইয়া মহাবাড়বানল সমীপে চন্দ্রশেখর পর্ব্বতে বিরাজ করিতেছেন ॥ ১১৭ ॥

লবণাব্ধেোঽর্দ্ধদেশে তু স্বর্গঙ্গা শ্রবণং গতা ॥ ১১৮ ॥
তস্যোর্দ্ধে চ ব্যোমকেশঃ পার্ব্বত্যাশক্তমানসঃ।
প্রত্যক্ষমাস্তে স্থানস্তু মানবে দর্শনেস্থিতঃ ॥ ১১৯ ॥

অস্যার্থঃ।

লবণাব্ধের ঊর্দ্ধদেশে প্রস্রবণগতা স্বর্গঙ্গা তদূর্দ্ধদেশে ভগবান মানবাদৃশ্য

ইয়া পার্ব্বতীর সহিত ক্রীড়াসক্ত আছেন ॥ ১১৮ ॥ ১১৯

তস্য দক্ষিণতঃ শ্যামাং পাষাণরূপিণীং গতাং ।
চতুর্ভুজাং মুক্তকেশীং লোলজিহ্বারুণাধরাং ॥ ১২০ ॥
শবাসনাং শূলভৃতাং খট্বাঙ্গাসিভৃতাং পরাং ।
শবমুণ্ডকরাং ভীমাং মুণ্ডমালাবিভূষিতাং ॥ ১২১ ॥
চন্দ্রার্দ্ধশোভিতাং তাস্তু পীনোন্নতপয়োধরাং ।
চম্পকারণ্যমধ্যস্থাং জটামণ্ডলধারিণীং ॥ ১২২ ॥
ব্রহ্মাদ্যাস্তাং নিশায়াং বৈ অর্চ্চয়ন্তি ক্রমাদ্দ্বিজা ॥ ১২৩ ॥

অস্যার্থঃ ।

তাঁহার দক্ষিণাংশে চম্পকারণ্যমধ্যস্থা পাষাণরূপিণী লোলজিহ্বা মুক্তকেশী চতুর্ভুজা শূলখট্বাঙ্গ অসিনরমুণ্ডহস্তা মুণ্ডমালিনী অর্দ্ধচন্দ্র শোভিতা পীনোন্নতপয়োধরা জটামণ্ডলধারিণী শবারূঢ়া শ্যামাকে ব্রহ্মাদি দেবগণ নিশিত সময়ে পরমানন্দে অর্চ্চনা করিতেছেন ॥ ১২০ ॥ ১২১ ॥ ১২২ ॥ ১২৩ ॥

যদি তাং মানবঃ পশ্যেৎ কদাচিচ্ছিবমানসঃ ।
দর্শনাৎ কিং ন সিদ্ধেত সাক্ষাচ্ছিবসমো ভবেৎ ॥ ১২৪ ॥

অস্যার্থঃ ।

হে দ্বিজগণ । যদি কোন শুদ্ধচিত্ত মানব কদাচিৎ তাঁহার দর্শন পায় তাঁহার দর্শনে কনা সিদ্ধ হয় ? সে সাক্ষাৎ শিবত্ব লাভ করে ॥ ১২৪ ॥

ইতি জীবগতঃ সুদ্ধস্ফটিকাভঃ সমন্ততঃ ।
চরন্তি বনমধ্যে চ সিদ্ধগন্ধর্ব্বকিন্নরাঃ ॥ ১২৫ ॥

কলুষতরণহেতুর্নিন্দকানঞ্চ কেতুঃ।
পরমপূরণহেতুঃ শোভতে লিঙ্গরাজঃ॥
ইতি দেবীপুরাণে চৈত্রমাহাত্ম্যে স্বয়ম্ভূরহস্যকথনে
চণ্ডিকাখণ্ডে সপ্তদশোঽধ্যায়ঃ।

অস্যার্থঃ।

এইরূপে সর্ব্বব্যাপী শুদ্ধস্ফটিকসন্নিভ কলুষত্রাতা নিন্দকবিনাশক স্বর্গাদি গতিহেতু ভগবান্ লিঙ্গরাজ সিদ্ধগন্ধর্ব্বকিন্নরগণের সহিত সেই পর্ব্বতে বিরাজ করিতেছেন ॥ ১২৫ ॥ ১২৬॥

ইতি দেবী পুরাণে চৈত্র মাহাত্ম্যে স্বয়ম্ভূরহস্য কথনে চণ্ডিক খণ্ডে সপ্তদশোঽধ্যায়ঃ ॥ ১৭ ॥

সূত উবাচ।

শ্রীচন্দ্রশেখরে দেবশ্চাস্তে পাষাণবিগ্রহঃ।
তস্য দক্ষিণতশ্চাপি সিদ্ধা মুনিগণাঃ দ্বিজা॥ ১॥
দেবলোকাশ্চ গায়ন্তি সর্ব্বে শিবসমাঃ শুভাঃ।
কঠোরতপসামগ্নাঃ শতশোঽথ সহস্রশঃ॥ ২॥

অস্যার্থঃ।

সূতমুনি বলিলেন, হেঋষিগণ, ! ভগবান চন্দ্রশেখর পর্ব্বতে পাষাণ বিগ্রহ হইয়া বর্ত্তমান্ আছেন। তাহার দক্ষিণাংশে শিবসদৃশ শতসহস্র মুনিগণ লোকাদৃশ্য হইয়া কঠোর তপ নিমগ্ন আছেন॥ ১॥ ২॥

পূণ্যবান্মানবঃ কশ্চিৎ কুলকাশঃ কুলাবকঃ।
তেঽন্তেযদি দর্শনংস্যাৎ তদাচ খেচরো ভবেৎ॥ ৩॥

অস্যার্থঃ

যদিকোন কুলপ্রকাশক কুলরক্ষক মানব তাঁহাদিগের দর্শন লাভ করেন, তাহা হইলে সে তৎক্ষণাৎ অমরত্ব প্রাপ্ত হয়॥ ৩॥

তস্য প্রাচ্যাং কৃত্তিবাসঃ শিবলিঙ্গঃ শুভপ্রদঃ।
নিত্যং তং পূজয়ন্তি তে মুনয়ঃ পরমপাবিতাঃ॥ ৪॥

অস্যার্থঃ।

তাহার পূর্ব্বাংশে শুভদ কৃত্তিবাস শিবলিঙ্গ বিরাজমান। পরম পবিত্র মুনিগণ তাঁহাকে সর্ব্বদা অর্চ্চনা করেন॥ ৪॥

তস্য দক্ষিণতঃ পশ্যেৎ কালেশং লিঙ্গমদ্ভুতং।
তস্যাপশ্চিমতশ্চন্তে কালঃ কাল গতঃ শুভঃ ॥ ৫ ॥
তৎপুরীং পরমাং দিব্যাং পাষাণাট্টালশালিনীং।
তত্র পাষাণতশ্চাগ্নির্জ্জজ্বাল বাড়বানলঃ ॥ ৬ ॥

অস্যার্থঃ।

তাহার দক্ষিণে পরমাশ্চার্য্য কালেশ লিঙ্গ, এবং তাহার পশ্চিমে শুভপ্রদ কাল। তাঁহার পুরী অতিশয় সুদৃশ্য, পাষাণনির্ম্মিত; সেই পাষাণ হইতে বাড়বানল প্রজ্জ্বলিত হইয়াছে ॥ ৫ ॥ ৬ ॥

তত্রৈককুণ্ডে জুহ্বন্তো হবীংসি দানবাদয়ঃ।
সিদ্ধামহর্ষয়ো দেবা ভৈরবা ভূতজাতয়ঃ ॥ ৭ ॥
স্নানং কুর্ব্বন্তি তত্রৈব তর্পয়ন্তি তু দেবতান্।
মানবাদর্শনং স্থানং দর্শনান্মোক্ষদায়কং ॥ ৮ ॥

অস্যার্থঃ।

সেই স্থানে এক কুণ্ডে দেবগণ আহুতি প্রদান করেন, এবং সিদ্ধমহর্ষি ভৈরব ভূতগণ সেই কুণ্ডে স্নান করিয়া পিতৃদেবগণকে তর্পণদ্বারা পরিতুষ্ট করেন। সেই স্থান মানবগণের অদৃশ্য, যদি কেহ নয়নগোচর করে, তৎক্ষণাৎ মোক্ষ প্রাপ্ত হয় ॥ ৬ ॥ ॥ ৮ ॥

কুণ্ডানি তত্র বৈ সন্তি নানাবর্ণকৃতানি চ।
তস্য সমন্তাৎ দৃশ্যন্তে লিঙ্গানি বিবিধানি চ ॥ ৯ ॥
সুবর্ণ বর্ণাঃ শোভন্তে কেচিদ্রজতভা দ্বিজা।

স্থবর্ণ বর্ণমমলঞ্চাগ্নিরূপং মনোরমং ॥ ১০ ॥

অস্যার্থঃ

সেই স্থানে নানাবর্ণাকৃতিবিশিষ্ট বহুবিধ কুণ্ড বর্ত্তমান আছে, তাহার ইতস্ততঃ নানাবর্ণ বহুবিধ শিবলিঙ্গ দৃষ্ট হইয়া থাকে, কোনটী সুবর্ণবর্ণ, কোনটী রজতনিভ, কোনটী বা মনোহর অগ্নিবর্ণ॥ ৯ ॥ ১০ ॥

প্রত্যক্ষমাস্তে তত্রৈব জটাপিঙ্গলধারিণং।
সপ্তজিহ্বাং সাক্ষসূত্রং শক্তিমন্ত্রং বিভূষিতং ॥ ১১ ॥
পীণাঙ্গ পিঙ্গলাক্ষঞ্চ চতুর্ভুজমসিকরং।
তুঙ্গভঙ্গললিতাঙ্গং জ্যোতিষা শোভতে পরং ॥ ১২ ॥
অজস্থং দেবসাকারং দৃশ্যতেঙ্গানিভির্মুদা।
বালসূর্য্যপ্রতিকাশং স্বয়ম্ভুরক্ষিজং পরং ॥ ১৩ ॥

অস্যার্থঃ।

সেই স্থানে জটাপিঙ্গলধারী বালসূর্য্য সদৃশ সপ্তজিহ্বা অজারূঢ় কুবলয়াকার অগ্নি জ্যোতিরূপে প্রত্যক্ষীভূত হইয়া বর্ত্তমান আছেন, তাঁহার কণ্ঠে অক্ষসূত্র হস্তচতুষ্টয়ে অসি শক্তি প্রভৃতি অস্ত্র, অঙ্গস্থূল, চক্ষু পিঙ্গলবর্ণ, জ্ঞানিগণ তাঁহাকে সানন্দে দর্শন করিতেছেন ॥ ১১ ॥ ১২ ॥ ১৩ ॥

মানবানাং কর্ম্মফলং ভোগস্তত্রনবিদ্যতে।
দেবাভিলষিতং ক্ষেত্রং আশ্চর্য্যঞ্চ মনোহরং ॥ ১৪ ॥
নানাতরুসমূহেন সমন্তাদাবৃতন্তু তৎ।
বাড়বস্য তু পূর্ব্বস্যাং জ্বালামুখী পরাৎ পরা ॥ ১৫ ॥

অস্যার্থঃ।

সেইস্থানে মানব সমূহ কর্ম্মজজন্য ফল ভোগ করে না, সেই দেবাভিলষিত ক্ষেত্র জলোত্থিত অগ্নিদ্বারা পরমাশ্চর্য্য দৃশ্য এবং নানাবিধ পাদপশ্রেণীদ্বারা সর্ব্বতোভাবে আচ্ছাদিত ॥ ১৪ ॥ ॥ ১৫ ॥

আদি শক্তিঃ সুপ্রসন্না ভুজাষ্টপরিশোভিতা।
সিংহস্থা শুভদা শুভ্রা নীলকণ্ঠপ্রিয়া সতী ॥ ১৬ ॥
তস্য দক্ষিণতশ্চাস্তে লিঙ্গানি কতিচিদ্দ্বিজাঃ।
ব্রহ্মেশমিন্দ্র লিঙ্গঞ্চ ভৈরবং ক্ষেত্ররক্ষকং ॥ ১৭ ॥
রুরুনামং ভৈরবোঽপি খট্বাঙ্গশূলভৃৎ দ্বিজা।
তুঙ্গবক্ষপিঙ্গলাক্ষ পীনজানু পয়োধরং ॥ ১৮ ॥
আরক্তবর্ণমঙ্গঞ্চ জটাপিঙ্গলধারিণং।
দ্বিপীচর্ম্মপরিধানং শৃঙ্গারাদিবিলাসিনং ॥ ১৯ ॥
অদ্ভূতাকারমাস্থায় রক্ষতি দক্ষিণং দিশং।
স্বয়ম্ভূং পরমং লিঙ্গং সুন্দরং জ্ঞানদং দ্বিজা ॥ ২০ ॥

অস্যার্থঃ।

বাড়বের পূর্ব্বাংশে সিংহারূঢ়া অষ্টভুজা সুপ্রসন্না শুভদা শুভ্রবর্ণা নীলকণ্ঠপ্রিয়া পরাৎপরা আদ্যাশক্তি জ্বালামুখী। তাহার দক্ষিণাংশে কতিপয় শিবলিঙ্গ বর্ত্তমান আছেন। যথা—ব্রহ্মেশ লিঙ্গ, ইন্দ্রলিঙ্গ এবং ক্ষেত্রক ভৈরবগণ, অন্য দিগে তুঙ্গ রক্ষ, পিঙ্গলাক্ষ, পীনজানু, আরক্তবর্ণ, জটাপিঙ্গলধারী শৃঙ্গারবিলাসী, চর্ম্মাম্বর-পরিধায়ী রুরু ভৈরব, খট্টাঙ্গ শূল ধারণ করিয়া দক্ষিণ দিগ রক্ষা করিতেছেন ॥ ॥ ১৬ ॥ ১৭ ॥ ১৮ ॥ ১৯ ॥ ২০ ॥

চন্দ্রশেখরমধ্যস্থং বাড়বানলবেষ্টিতং ।
ভাতি সর্ব্বত্র জীবস্থং ব্রহ্মাণ্ড সচরাচরং ॥ ২১ ॥
যোগীনাং পার্ব্বতীকান্তং দেবানামভি বাঞ্ছিতং ।
পূর্ণচন্দ্রপ্রতিকাশং ডমরুশূলধারিণং ॥ ২২ ॥
জীবস্থঞ্চ জীবলয়ং জীবঞ্চ জীবনৌষধং ।
কাশীনাথং পরং ধাম জগদ্ধামগতং শুভং ॥ ২৩ ॥
আদিনাথং গুণাতীতং গুণবিগ্রহধারিণং ।
গুরাবাসং নীলকণ্ঠং শুদ্ধপদনিবাসিনং ॥ ২৪ ॥
যঃ পশ্যতিচ তং লিঙ্গং শ্রীচন্দ্রশেখরে স্থিতং ।
ন পুনঃ কল্পতে বিপ্র। ঘোরসংসারবন্ধনং ॥ ২৫ ॥ ২৬ ॥ ২৭

অস্যার্থঃ ।

বাড়বানল বেষ্টিত চন্দ্রশেখরমধ্যস্থ পরম সুন্দর, জ্ঞানদ স্বয়ম্ভূ লিঙ্গ একত্রাবস্থিত হইয়াও চরাচর ব্যাপিয়া দীপ্তি পাইতেছেন, সেই যোগী শ্রেষ্ঠ দেবারিনাশক পূর্ণচন্দ্র সদৃশ জীবনৌষধ স্বরূপ জগন্নিবাস ডমরু শূলধারী অনাদি জীবের অন্তর্যামী নির্গুণ গুণবিগ্রহধারী গৃহবাসী শুদ্ধপদ্মনিবাসী পার্ব্বতী কান্ত নীলকণ্ঠকে যদি চন্দ্রশেখর পর্ব্বতে কোন নর দর্শন করে, তবে তাহার পুনর্ব্বার ঘোর সংসার বন্ধনে লিপ্ত হইতে হয়না ॥ ২১ ॥ ২২ ॥ ২৩ ॥ ২৪ ॥ ২৫ ॥ ২৬ ॥ ২৭ ॥

এতত্তু ব্যাসদেবেন লোকানাস্তু হিতায় বৈ ।
প্রসংশ্যতে লিঙ্গমাহাত্ম্যং পূণ্যদং পাবনং পরং ॥ ২৮ ॥

অস্যার্থঃ ।

এই পরম পবিত্র পূণ্যদ লিঙ্গ মাহাত্ম্য, ব্যাসদেব লোক হিতার্থ প্রকাশ করিয়াছেন । ২৮ ॥

যেষু যেষু পুরাণেষু যৎকৃতং চরিতং মহৎ।
গোপিতং তেষু তেষু চ রহস্যং পরমাদ্ভুতং॥ ২৯॥

অস্যার্থঃ।

যে যে পুরাণে যে যে সকল চরিত্র কথিত হইয়াছে, সেই সেই পুরাণে এই পরমাশ্চর্য্য রহস্য গোপিত হইয়াছে॥ ২৯॥

যুষ্মভ্যস্তু প্রবক্ষ্যামি স্নেহাচ্চঞ্চলমানসঃ।
গুহ্যাতিগুহ্যং সর্ব্বেষাং রহস্যং দেবকীর্ত্তিতং॥ ৩০॥

অস্যার্থঃ।

অদ্য আমি স্নেহেতে চঞ্চলচিত্ত হইয়া দেব কীর্ত্তিত গুহ্যাতিগুহ্য সেই রহস্য তোমাদিগের নিকট ব্যক্ত করিতেছি॥ ৩০॥

এতস্য লিঙ্গরাজস্য চরিত্রং বিস্ময়ং গতঃ।
প্রকাশিতঞ্চ তন্ত্রেষু ব্যোমকেশো জীনাম্বরঃ॥ ৩১॥
উত্তিষ্ঠধ্বং দ্বিজব্যাঘ্রা গচ্ছামস্তস্য চান্তিকং।
ইত্যুক্ত্বা নৈমিষারণ্যাৎ মুনয়ঃ শিবমানসাঃ॥ ৩২॥

অস্যার্থঃ।

এই পরমাদ্ভুত লিঙ্গরাজ চরিত্র ব্যোমকেশ তন্ত্রে প্রকাশ করিয়াছেন। হে দ্বিজগণ! গাত্রোত্থান কর, আমরা তৎ সন্নিধানে গমন করিব॥ ৩১॥ ৩২

কমণ্ডলুধরাঃ সর্ব্বে তপসা ধৌতকিল্বিষাঃ।
জটাধরাজিনবাসাঃ স্বয়ম্ভোর্দর্শনার্থিনঃ॥ ৩৩॥

ষষ্ঠি সহস্রাঃ মুনয়োঃ ধ্বান্তবিধ্বংসসংজ্ঞকাঃ ।
আগত্য চন্দ্রশেখরে ব্যাসেন কৃত সংকৃতাঃ ॥ ৩৪ ॥
দৃষ্ট্বাস্বয়ম্ভূং তেচাপি লেভিরে পরমাং গতিং ।
শ্রীচন্দ্রশেখরস্যান্তে দক্ষিণে গিরি কন্দরে ॥ ৩৫ ॥

অস্যার্থঃ ।

এই কথা বলিয়া শিবাশক্তিচিহ্ন কমণ্ডলুধারী তপোনিরত কল্মষহারী জটা-মণ্ডলধারী ষষ্টিসহস্র ঋষিগণ স্বয়ম্ভূ দর্শনার্থী হইয়া নৈমিষারণ্য হইতে চন্দ্রশেখরে প্রস্থান করিয়াছিলেন; তাঁহারা তথায় উপস্থিত হইলে ব্যাস কর্ত্তৃক সংকৃত হইয়া স্বয়ম্ভূ দর্শন করতঃ পরম গতি লাভ করিয়াছিলেন ॥ ৩৩ ॥ ৩৪ ॥ ৩৫ ॥

সন্তি সর্ব্বে মহাপ্রাজ্ঞা লোকাদর্শনতঃ স্থিতাঃ ।
যদি পূণ্যবসাত্তত্র মানবঃ পূণ্যবান্ ভবেৎ ॥ ৩৬ ॥

অস্যার্থঃ ।

সেই মহাপ্রাজ্ঞ মুনিগণ মানবের অদৃশ্য হইয়া চন্দ্রশেখরের দক্ষিণ প্রান্তে গিরিকন্দরে বাস করিতেছিলেন ॥ ৩৬ ॥

গত্বা শ্রীচন্দ্রশেখরে অনশো মানবঃ সুধীঃ ।
শ্রীনাথস্যোপদেশন্তু লভাতে ভাগ্যযোগতঃ ॥ ৩৭ ॥
তৈরেব সিদ্ধিমাপ্নোতি পুরশ্চর্য্যাদিভির্ব্বিনা ।
তেজয়ন্তি মহাদেবং বিরূপাক্ষন্ত্রিলোচনং ॥ ৩৮ ॥

অস্যার্থঃ ।

যদি পৃথিবীতে কোন পূণ্যবান লোক পূণ্য বশাৎ চন্দ্রশেখর পর্ব্বতে গমন

করিয়া অনশনব্রতপরায়ণ হইয়া শ্রীনাথের উপদেশ লাভ করে তবে পুরশ্চরণাদি বিনাও তাহার সিদ্ধ হয় ॥ ৩৭ ॥ ৩৮ ॥

চর্ম্মাম্বরপরীধানং ঢক্কাভীতিবরপ্রদং।
বাড়বানলসংযুক্তং ধ্যানপ্রাপ্তং মহর্ষিভিঃ ॥ ৩৯ ॥

অস্যার্থঃ।

সেই মহর্ষিরা ধ্যানপরায়ণ হইয়া বাড়বানলবেষ্টিত চর্ম্মাম্বরধারী বরপ্রদ ত্রিলোচন বিরূপাক্ষ মহাদেবকে অর্চ্চনা করিতেন ॥ ৩৯ ॥

ঋষয় উচুঃ।

সীতাকুণ্ডং শ্রুতং পূর্ব্বং ত্রিলোকজনপাবনং।
চন্দ্রশেখরমধ্যস্থং ভারতাক্ষসমন্বিতং ॥ ৪০ ॥
যদিতেঽস্তিকৃপা নাথ তদ্বদজ্ঞানভাস্কর।
অস্মাকমজ্ঞানহরং লোকেপৃচ্ছাযদীদৃশী ॥ ৪১ ॥

অস্যার্থঃ।

হে জ্ঞানপ্রকাশক! হে চন্দ্রশেখরমধ্যস্থ ত্রিলোকপাবন! ভারতাখ্যসমন্বিত সীতাকুণ্ড বৃত্তান্ত আমরা পূর্ব্বেশ্রুত আছি, যদি আমাদিগের প্রতি আপনারকৃপা থাকে, তবে তাহার বৃত্তান্ত, বিস্তারিতরূপে বর্ণনা করিয়া আমাদিগের অজ্ঞতা দূর করুন। যেহেতু লোকেতদ্বিষয় জিজ্ঞাসাকরিয়া থাকেন ॥ ৪০ ॥ ৪১ ॥

সূতউবাচ।

সীতাস্নানবিধানার্থং লোকানাং পাবনায়বৈ।
মহাগুহ্যং মহারম্যং তৎ কুণ্ডন্তু বিনির্ম্মিতম্ ॥ ৪২ ॥

বাড়বাগ্নিবিমিশ্রন্তু নিম্নমুষ্ণোদকং দ্বিজাঃ ।
আতপত্রান্বিতং দ্রুমৈঃ সর্ব্বোপবনসম্বৃতং ॥ ৪৩ ॥

অস্যার্থঃ।

সূতমুনি বলিলেন, হে দ্বিজগণ ! সীতার স্নানার্থ এবং আমাদিগের হিতার্থ বাড়বাগ্নিমিশ্রিত উষ্ণোদকবিশিষ্ট অতি গুহ্য পরম রমণীয় সেই কুণ্ড নির্ম্মিত হইয়াছিল। সেই কুণ্ড পাদপশ্রেণী দ্বারা সর্ব্বতোভাবে আচ্ছাদিত থাকাতে আতপত্রবিশিষ্ট বোধ হইত ॥ ৪২ ॥ ॥ ৪৩ ॥

যত্র সীতা পৃথিবীজা স্বামিনা দেবরেণ বৈ ।
স্নাত্বা তত্র হ্রদে দেবমিষ্টং সন্তর্প্য যত্নতঃ ॥ ৪৪ ॥

অস্যার্থঃ।

সেই অযোনিসম্ভবা সীতা স্বামী এবং দেবরের সহিত স্নান করিয়া পিতৃদেবতাদিগকে তর্পণ করিতেন। হে মুনিগণ ! সেই কুণ্ডের উত্তরাংশে দেব সিদ্ধ মহর্ষিগণ অবস্থিতিপূর্ব্বক স্নান করিতেন ॥ ৪৩ ॥

স্নানং চক্রু দ্বিজব্যাঘ্রা মুনিবৃন্দারকাস্তথা ।
সিদ্ধামহর্ষয়ঃ সন্তি তস্যোত্তরনিবাসিনঃ ॥ ৪৫ ॥

অস্যার্থঃ।

তথায় মুনিগণ, সিদ্ধ অমরগণের সহিত ব্যগ্রমনা হইয়া নিত্য স্নান করত তাঁহারা উত্তর দিগে বাস করিতেছেন ॥ ৪৫ ॥

কিম্বক্তব্যং কুণ্ডবৃত্তং মহাপুণ্য বিধায়কং ।

বক্ষ্যামি তস্যমাহাত্ম্যং শৃণধ্বং দ্বিজপুঙ্গবাঃ ॥ ৪৫ ॥

অস্যার্থঃ।

হে দ্বিজগণ! সেই মহাপুণ্যবিধায়ক কুণ্ডের বৃত্তান্ত আমি কি বর্ণন করিব? তথাপি যৎকিঞ্চিৎ মাহাত্ম্য কীর্ত্তন করিতেছি শ্রবণ করুন ॥ ৪৫ ॥

রাজ্যভ্রষ্টো যদারামঃ শরভঙ্গাশ্রমং যযৌ।
তদুপদেশং ধৃত্বা তু পূর্ব্বোত্তরপুরীমগাৎ ॥ ৬৪ ॥

অস্যার্থঃ।

যে কালে রামচন্দ্র রাজ্যচ্যুত হইয়া শরভঙ্গ মুনির আশ্রমে গমন করিয়াছিলেন, সেই সময় তাঁহার উপদেশানুসারে রামচন্দ্র পূর্ব্বউত্তরপুরী গমন করিয়াছিলেন ॥ ৪৬ ॥

পশ্যেৎ পূজ্যং মহাবাহুং জটামণ্ডলধারিণং।
পীতবস্ত্রপরীধানং তং তীর্থে জ্ঞানসাগরং ॥ ৫৭ ॥
দৃষ্ট্বা নত্বা চ পপ্রচ্ছ ভক্ত্যাবিনয়মানসঃ।
কথমত্রস্থিতং দেবমস্বৈতং বিভূতিপরং ॥ ৪৮ ॥

।

সেই পুরীতে মহাবাহু জটামণ্ডলশোভিত পীতবস্ত্রধারী পরমজ্ঞানি এক মহর্ষিকে দেখিয়া রাম প্রণাম করিয়া ভক্তি এবং বিনয়সহকারে জিজ্ঞাসা করিয়াছিলেন, হে দেব! আপনি কি নিমিত্ত এস্থানে অবস্থিতি করিতেছেন ॥ ৪৭ ॥ ৪৮ ॥

ততোক্ষমুন্মীলয়িত্বা দৃষ্ট্বা রামং সনাতনং।
জানকীলক্ষ্মণাভ্যাস্তু পবিত্রং পুরুষোত্তমং ॥ ৪৯ ॥
অবোচত্তং রঘুবরং সমুনির্ব্বিভূতিধরঃ।
শ্রুতং রাজন্যবংশে তু জন্মমাত্রে প্রতিষ্ঠিতম্ ॥ ৫০ ॥

অস্মান্ পবিত্রকরণে ঘোর সংসারবন্ধনাৎ।
জ্ঞানংকুর্ব্বন্‌ভবেন্মুক্তিং লোকে জন্মপ্রকাশিতং ॥৫১ ॥

অস্যার্থঃ।

তদনন্তর বিভূতিধারী মুনি নয়নোন্মীলন করিয়া জানকী এবং লক্ষ্মণের সহিত সনাতন পরম পবিত্র পুরুষোত্তম রামচন্দ্রকে দেখিয়া বলিয়াছিলেন, হে ভগবন্! আমি শ্রুত আছি, যে সংসারবন্ধন হইতে আমাদিগকে পবিত্র করণার্থ রাজন্য-বংশে আপনি জন্মগ্রহণ করিয়াছেন ॥ ৪৯ ॥ ৫০ ॥৫১ ॥

ইয়ং সীতা পৃথিবীজা কস্মিং শ্চিচ্ছিবসংহিতা।
হরারাধ্যা মুক্তকেশী চাপবর্গপ্রদায়িনী ॥ ৫২ ॥
যস্যানুগামিনী দেবি তস্যভাগ্যং প্রতিষ্ঠিতম্ ॥ ৫৩

অস্যার্থঃ।

এই শিবারাধ্যা মুক্তকেশী অপবর্গপ্রদায়িনী পৃথিবীজা সীতা যাহার অনুগামিনী হইয়াছেন, তাহার কি সৌভাগ্য ॥ ৫২ ॥ ॥ ৫৩ ॥

সমুদ্রস্যোত্তরে তীরে ভারতাখ্যেসমন্বিতে ॥ ৫৪ ॥

অস্যার্থঃ।

ভারতাখ্যসমুদ্রের উত্তর তীরে সীতানামে ত্রিলোকপাবন এক কুণ্ড আছে ॥ ৫৪

অস্যনাম্না কুণ্ডমস্তি ত্রিলোকজনপাবনং।
ন ভবগৃহিণী রাম যোগনিদ্রেয়মিষ্যতে ॥ ৫৫ ॥

অস্যার্থঃ।

হে রাম! ইনি তোমার গৃহিণী নহেন, ইনি ত্রিলোকজনপালন, যোগনিদ্রা স্বরূপা; তোমার অশক্য কার্য্য ইনি অবলীলাক্রমে করিতে পারেন॥ ৫৫॥

তবাশক্যং কর্ম্মযদ্বা অনয়ানীলয়াকৃতং।
তবাভিমানে নষ্টে তু বিধিনৈষানিযোজিতা॥ ৫৬॥

অস্যার্থঃ।

তোমার দর্পচূর্ণ করিতে বিধাতাকর্ত্তৃক নিযোজিত হইয়াছেন। হে রামচন্দ্র! আমার ভাগ্যবশাৎ ইনি এইস্থানেউপস্থিত হইয়াছেন॥ ৫৬॥

মমভাগ্যবশাদ্রাম অনয়াসমুপস্থিতং।
প্রাচীদক্ষিণয়োর্ম্মধ্যে শ্রীচন্দ্রশেখরে গিরৌ॥ ৫৭॥
ভার্গবস্তত্র তন্নাম্না কুণ্ডমেকং নিযোজিতং।
স্বয়ম্ভূঃ পশ্চিমে বিপ্রাস্তদ্বায়ু গিরিদক্ষিণে॥ ৫৮॥
নাভিগঙ্গোত্তরে চৈব ফল্গুপশ্চিমতঃ স্থিতঃ।
জ্যোতির্ম্ময়রিতঃ প্রাচ্যাং বাড়বাগ্নি সমন্বিতঃ॥ ৫৯॥

অস্যার্থঃ।

দেশের পূর্ব্বদক্ষিণাংশে চন্দ্রশেখর পর্ব্বতে ভগবান ভার্গব সিতারনামে একটী কুণ্ড নির্ম্মাণ করিয়াছেন। আমি সীতার নামে নিযোজিত বাড়বাগ্নিশোভিত সেই মহাকুণ্ডকে স্বয়ম্ভু লিঙ্গের পশ্চিমে বায়ু পর্ব্বতের দক্ষিণে নাভিগঙ্গার উত্তরে ফল্গুর পশ্চিমে জ্যোতির্ম্ময়ের প্রতীচ্যে নিম্নভাগে অবস্থিত দেখিতেছি॥ ৫৭॥ ৫৮॥ ৫৯॥

পশ্যেহন্ত মহাকুণ্ডং সীতানাম্না নিযোজিতং।
সীতাশীতলযুক্তায়া সেবন্তে সহচারিণী ॥ ৬০

সেই সীতা অদ্য তোমার সহচারিণী। এই কথা বলিয়া সেই মুনি ইতস্ততঃ দৃষ্টি-পাত করিয়াছিলেন ॥ ৬০ ॥

ইত্যুক্ত্বা তং মুনিবরং পরস্পরং বিলোকয়েৎ।
উবাসরজনীমেকাং রামচন্দ্রোহতি বিস্মৃতঃ ॥ ৬১ ॥
প্রভাতায়ান্ত শর্ব্বর্য্যাং ভ্রাতৃজায়াসমন্বিতঃ।
যযৌ শ্রীচন্দ্রশেখরং মুনিনা পরমেষ্টিনা ॥ ৬২ ॥
গত্বা মুনিবরস্তত্র কুণ্ডমধ্যে ব্যবস্থিতঃ।
সূর্য্যাভিমুখমাস্থায় জপন্ মন্ত্রঞ্চ ত্র্যক্ষরং ॥ ৬৩ ॥

অস্যার্থঃ।

তাহা শ্রবণানন্তর রামচন্দ্র বিস্ময়াপন্ন হইয়া এক রাত্রি তথায় বাসকরিয়াছিলেন। যামিনী প্রভাত হইলে সীতা এবং লক্ষ্মণের সহিত সেই মহর্ষির সমভিব্যাহারে চন্দ্র-শেখর পর্ব্বতে গমন করিয়াছিলেন ॥ ৬১ ॥ ৬২ ॥ ৬৩ ॥

রামং বিদায় সা সীতা কুণ্ডমধ্যে ব্যবস্থিতা।
নীলজীমূতসঙ্কাশা ভুজাষ্টপরিশোভিতা ॥ ৬৪ ॥
কুশাবলম্বিনীদেবী অরুণাধরসঙ্গিনী।
লোচনত্রয়সংযুক্তা ধ্বজচামরবেষ্টিতা ॥ ৬৫ ॥

অস্যার্থঃ।

সেই সময় আদ্যাশক্তি সুকেশিনী সুপ্রসন্না ব্রহ্মপীঠবাসিনী মহাবরাহরূপিণী

নীলজীমূতসঙ্কাশা অরুণাধরা ধ্বজচামর বেষ্টিতা ত্রিনয়নী অষ্টভুজা সীতা ও রামের অজ্ঞাতসারে সেই কুণ্ডে স্নানার্থ উপস্থিত হইয়াছিলেন ॥ ৬৪ ॥ ৬৫ ॥

অনন্তাদিভিরানন্দো ব্রহ্মপীঠপ্রকাশকঃ।
আদিশক্তিঃ সুপ্রসন্না মহাবাড়বরূপিণী ॥ ৬৬ ॥
তটস্থো রাঘবঃ পশ্যেৎ সীতাং কুণ্ডনিবাসিনীং।
মম প্রাণহরং কুণ্ডং বিভাব্য রঘুবংশজঃ ॥ ৬৬ ॥
সংভাষ্য তং মুনিবরমিদং বচন মব্রবীৎ।
কলেশ্চতুঃসহস্রাণি বর্ষাণি লক্ষণাযুতং।
স্থিতং কুণ্ডগুপ্তমাসীন্মানবাদর্শনং ভবেৎ ॥ ৬৭ ॥

অস্যার্থঃ।

রাম এই কুণ্ডের তীরবর্ত্তী হইয়াদেখিলেন, সীতাকুণ্ডনিমগ্না হইয়াছেন ; আর তথাহইতে উত্তীর্ণ হইবেন না, এই ভাবিয়া তাঁহার উত্থিতহওয়ার অপেক্ষা না করিয়া সেই মুনিকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, হে মুনিবর! এইকুণ্ড আমার প্রাণহরণ করিল অতএব আমি ইহাকে শাপপ্রদান করিতেছি। কলিকালের চতুঃসহস্র বর্ষ যাবৎ এই কুণ্ড প্রকাশিত থাকিয়া পরে মানবের অদৃশ্য হইয়া গুপ্তভাবে থাকিবে। ॥ ৬৬ ॥ ৬৭ ॥

ভক্তিং কৃত্বা তু সা তোয়ং যঃ কশ্চিদ্বা জলং পিবেৎ ॥ ৬৮ ॥
কুণ্ডস্নানফলং প্রাপ্য ন পুনর্ব্বর্ত্ততে ভুবি।
ইত্যুক্তোহসৌ রাবণারিঃ মণিপর্ব্বত মূর্দ্ধনি ॥ ৬৯ ॥
গত্বা দৃষ্ট্বা শিবলিঙ্গং লবণাব্ধৌ নিমর্জ্জ্যচ।
আগত্য চন্দ্রশেখরং প্রাসাদমুনিমীশ্বরং।
সন্তুষ্টংকারয়ামাস রামেন বিনয়ান্বিতা ॥ ৭০ ॥

সীতামাদায় সভ্রাতা ভিন্নাঞ্জনচয়োপমাং।
জগাম পরমাহ্লাদঃ পুনর্গোদাবরীং প্রতি ।। ৭১ ।।

অস্যার্থঃ ।

সীতাকে ভক্তি করিয়া যে কোন ব্যক্তি জলপান করে, সে কুণ্ডস্নানজন্য ফল প্রাপ্ত হইয়া পুনর্ব্বার পৃথিবীতে প্রত্যাবর্ত্তন করে না। এই কথা বলিতে নাবলিতেই সীতা কুণ্ড হইতে উত্থিতহইলেন। তদ্দর্শনে রামচন্দ্র পরমানন্দিত হইয়া মনিপর্ব্বতশেখরে উপস্থিত হইয়া শিবলিঙ্গ দর্শন করিলেন। পরে লবণাম্বুধিতে স্নান করিয়া চন্দ্রশেখর পর্ব্বতে পুনরাগমনপূর্ব্বক সামুনয় বাক্যে মুনিবরকে সন্তুষ্ট করিলেন। তদনন্তর ভিন্নাঞ্জনচয়োপমা সীতা এবং লক্ষ্মণকে সমভিব্যবহার করিয়া পুনর্ব্বার গোদাবরীতে প্রত্যাবর্ত্তন করিয়াছিলেন ॥ ৬৯ ॥ ৭০ ॥ ৭১ ॥

ইতি গদিতমশেষং ক্ষেত্রমাহাত্ম্যমাদ্যং
শৃণুত মমসকাশাল্লিঙ্গরাজস্য কিঞ্চিৎ।
সুরকুলমুনিসঙ্ঘৈর্ধ্যায়তে যং মহেশঃ
বসতি ভুবন মধ্যে চট্টলে মুক্তিকেশঃ ।। ৭২ ।।

অস্যার্থঃ।

হে মুনিগণ! এই বিপুল পুণ্যদ বেদগুহ্য অনন্ত লিঙ্গরাজ চরিত্র তোমাদিগের নিকট কিঞ্চিৎ বর্ণনা করিলাম, সেই ভগবান শিব সুর মুনি কর্ত্তৃক চিন্তিত হইয়া এই পৃথিবীতে বাড়বানবেষ্টিত চন্দ্রশেখরে অর্থাৎ চট্টলে বাসকরিতেছেন ॥ ৭২ ॥

ইতি দেবীপুরাণে চৈত্রমাহাত্ম্যে চণ্ডিকাখণ্ডে চন্দ্রশেখরপ্রাপ্তি রষ্টাদশোঽধ্যায়ঃ ॥

প্রথমঃ খণ্ড সমাপ্তঃ।

চন্দ্রশেখর মাহাত্ম্য।

চন্দ্রনাথখণ্ড।

নারায়ণ্যুবাচ।

ব্রহ্মাদিদেববৃন্দেশ সর্ব্বেষাং চিন্ময় প্রভো।
কুত্র ব্রহ্মাদয়ঃ সর্ব্বে বসন্তি হর্ষসংকুলাঃ * ॥ ১ ॥
তৎসর্ব্বং শ্রোতুমিচ্ছামি ব্রূহি দেব জগদ্গুরো।
জম্বুদ্বীপে কলৌ ব্রহ্মন্ কেন সিদ্ধিঃপ্রজায়তে ॥ ২ ॥

অস্যার্থঃ

লোক মাতা লক্ষ্মী লোকনাথ নারায়ণকে সম্বোধন করিয়া জিজ্ঞাসা করিলেন, হে প্রভো, হে সচ্চিদানন্দ, হে ব্রহ্মাদি দেবতা কুলেশ্বর, সেই ব্রহ্মা প্রভৃতি দেবতা গণ, এক্ষণে সহর্ষচিত্তে কোন স্থানে বাস করিতেছেন, ও কলিকালে জম্বুদ্বীপে কিরূপেই বা নরের সিদ্ধিলাভহইতে পারে, আমার নিকট কীর্ত্তন করুন। হে জগদ্‌গুরু, সে সমস্ত জানিবার নিমিত্ত আমার অত্যন্ত বাসনা হইয়াছে ॥ ১ ॥ ২

নারায়ণ উবাচ।

অযোধ্যা মথুরা মায়া কাশী কাঞ্চী অবন্তিকা।
পুরী দ্বারাবতীচৈব সপ্তৈতা মুক্তিদায়িকাঃ ॥ ৩ ॥
বারাণসী চ মৈনাকে একাম্রবন এবচ।

* কলিকালে চট্টগ্রামে চন্দ্রশেখর পর্ব্বতে সকল দেবতাগণের বাসস্থান্

কৈলাসরজতাদ্রি চ স্বর্ণদ্রী শৃঙ্গপঞ্চকঃ ॥৪ ॥
এতেষু শঙ্করো নিত্যং বসেদ্দেবীসমন্বিতঃ ।
কলৌ স্থানঞ্চ সর্ব্বেষাং দেবানাং চট্টলে শুভে ॥ ৫ ॥

অস্যার্থঃ ।

নারায়ণ প্রত্যুত্তরে বলিলেন, ভগবান হর হিমালয় সুতা উমার সহিতঅযোধ্যা, মথুরা, মায়া, কাশী, কাঞ্চী, অবন্তিকা, পুরী, দ্বারাবতী, এই সাত মোক্ষধামে তথাও বারাণসী, মৈনাক ও একাম্র নামক আশ্রমে এবং রজত মণ্ডিত কৈলাস, স্বর্ণদ্রীও শৃঙ্গেতে নিত্য বাস করিবেন । বিশেষতঃ সকল কল্যাণাস্পদ চট্টল প্রদেশ দেবতা গণের প্রিয় বাস স্থান হইবে ॥ ৩ ॥ ৪ ॥ ৫ ॥

সতী † দক্ষ্যাংশতো যত্র দক্ষিণাশক্তিরূপিণী ।
জ্যোতীশ্বরং পুরস্কৃত্য ব্যাসো বটসমীপতঃ ॥ ৬ ॥
যত্রাশ্বমেধমকরোদৃষিভির্ব্বাদরায়ণঃ ।
পাতালাদুত্থিতং বারি নিরগ্নিকুণ্ডবর্ত্তুলম্ ॥ ৭ ॥
ত্রিকোণতলসংস্পর্শং চতুর্হস্তং সুশোভনং ।
কুণ্ডে চানেকলিঙ্গানি অনেকপ্রতিমাঃ শুভাঃ ॥ ৮॥

† যখন ভগবান হর সতীর অঙ্গ বিষ্ণুচক্রে ছেদন করিয়াছিলেন তখন সতীর দক্ষিণ বাহু চট্টলে পতীত হয়, ব্যাসদেব সেই স্থানে অশ্বমেধ করিয়া বরপ্রাপ্ত হইয়া ব্যাসের বাক্যমতে স্বয়ংশিব ভূমণ্ডলের সমুদয় তীর্থ ত্রিশূলেদ্বারায় আকর্ষণ করিয়া চন্দ্রশেখর পর্ব্বতেসংস্থাপন করিয়াছিলেন এইকারণে সমুদয় তীর্থ সহ কলিকালে ভগবান শিব উমার সহিত নিশ্চয় বাসকরিবেন বলিয়া প্রতিজ্ঞাকরিয়াছেন

স্নানে গঙ্গাফলসমং হ্যথবাশিবতাং ব্রজেৎ।
অশ্বমেধাযুতফলং তর্পণং পিতৃমুক্তিদং ॥ ৯॥
শ্রাদ্ধং পার্ব্বণকং তত্রাপ্যার্ঘ্যাবাহনবর্জ্জিতম্।
অসক্তৌ কেবলং পিণ্ডং গয়াশ্রাদ্ধশতং ফলম্॥ ১০॥

অস্যার্থঃ।

যে স্থানে দক্ষিণা শক্তি রূপিণী দাক্ষায়ণী স্বয়ং বিরাজমানা রহিয়াছেন, সেই স্থানে, সেই পবিত্র ক্ষেত্রে জ্যোতীশ্বরের নিকট বটবৃক্ষ পাশে বাদরায়ণ ব্যাস ঋষি গণকে লইয়া এক অশ্বমেধ যজ্ঞ সম্পাদন করেন। তথায় পাতাল হইতে জল উদ্গত হইয়া এক সুন্দর ত্রিকোণাকৃতি কুণ্ড সংঘটিত করিয়াছে, তাহা অতল স্পর্শ, নিরগ্নি, চারি হস্ত পরিমিত। তাহাতে অনেকটি লিঙ্গ, কল্যাণ প্রদ অনেকটি দেব বিগ্রহ বর্ত্তমান আছেন। তাহার বিমল পবিত্র বারিতে অবগাহন করিলে নরের গঙ্গা স্নানের সমান পুণ্য লাভ, অথবা ভগবান ত্রিলোচনের চরণ সরোজে বিলীন হয়। সেই কুণ্ডে তর্পণ করিলে, অযুতাশ্বমেধ যজ্ঞের ফল লাভ হয়, এবং নিশ্চয় পিতৃ লোক মুক্তি লাভ করেন। তাহাতে লোকে যত্নের সহিত শ্রাদ্ধ, পার্ব্বন, অর্ঘ এবং আবাহন বর্জ্জন করিবে, আর অসমর্থ পক্ষে কেবল পিণ্ড দান করিলে, শত গয়া শ্রাদ্ধের ফলভাগী হইবে॥ ৬॥ ৭॥ ৮॥ ৯॥ ১০॥

পশ্চিমে ব্যাসকুণ্ডস্য বটুকাদীন্ প্রপূজয়েৎ।
পঞ্চলোষ্ট্রাণি দত্বা চ মন্ত্রপাঠপুরঃসরম্॥ ১১॥
ওঁ বটুকোঽতিদক্ষশ্চ নন্দীশঃ ক্ষেত্রনায়কঃ।
নির্ব্বিঘ্নংকুরু দেবেশ পঞ্চলোষ্ট্রপ্রিয়ঃ সদা॥ ১২॥ প্রণমেৎ।
বটুনাম্নো মহাবৃক্ষঃ ঈশ্বরদ্বারপালকঃ।
সর্ব্ববিঘ্নবিনাশায় বটুদেব নমোস্তুতে॥ ১৩॥

অসার্থঃ।

তৎপর ব্যাস কুণ্ডের পশ্চিম দিকে স্থিত বটুক দেবতাকে পঞ্চ লোষ্ট্র প্রদান পূর্ব্বক নিম্নোক্ত মন্ত্র উচ্চারণ করিয়া অর্চ্চনা করিবে।

ওঁ বটু কোহস্তি দক্ষশ্চ নন্দীশঃ ক্ষেত্র নায়কঃ।
নির্ব্বিঘ্নং কুরু দেবেশ পঞ্চ লোষ্ট্র প্রিয়ঃ সদা॥

অর্চ্চনা করনান্তর এই মন্ত্রের দ্বারা তাঁহাকে ভক্তি পূর্ব্বক প্রণিপাত করিবে।

বটুনাম্নো মহাবৃক্ষঃ ঈশ্বর দ্বার পালকঃ।
সর্ব্ব বিঘ্ন বিনাশায় বটুদেব নমোঽস্তুতে॥

১১ ॥ ১২ ॥ ১৩ ॥

ততঃ পূর্ব্বপথাবৃত্যা বায়ুপর্ব্বতসন্নিধৌ।
সমীপে বিষ্ণুদেবস্য ক্রমদীশ্বর* পশ্চিমে॥ ১৪ ॥
পঞ্চকুণ্ডান্বিতং স্থানং পরমং ব্রহ্মদায়কং।
বৃষকুণ্ডং পরং যস্যপ্রাগ্ তৎ জ্যোতীশ্বরাত্মকং॥ ১৫ ॥
ততঃ ব্রহ্মাদয়ঃসূরাঃ নিত্যং তিষ্ঠন্তি চানঘে!
পাতালাদুত্থিতা দেবী গঙ্গা তৎপূর্ব্বতঃক্রমাৎ॥ ১৬ ॥
তজ্জলং স্পর্শনাদ্দেবী সর্ব্বপাপান্ প্রমুচ্যতে।
তস্যোত্তরদেশস্থং নাভিকুণ্ডং মনোহরং॥ ১৭ ॥
তস্যোত্তর সমীপেচ রামকুণ্ড মনোহরং।

* স্বয়ম্ভুলিঙ্গের নাম ক্রমদীশ্বর

লক্ষ্মণস্য ততো দিচ্যাং সীতায়াঃ কুণ্ডমুত্তমং। *
চতুর্ব্বর্গফলং তত্র স্নানদানে লভেন্নরঃ॥ ১৮॥

অস্যার্থঃ।

তাহার পূর্ব্বভাগে রাযু পর্ব্বত আশ্রমের সন্নিকট ভগবান হরির পাদ প্রান্ত ও ক্রমদীশ্বর নামক স্বয়ম্ভু লিঙ্গের পশ্চিমে পঞ্চ কুণ্ডান্বিত পরম রমণীয় ব্রহ্মপদ স্থান বর্ত্তমান আছে। তাহার পূর্ব্বে জ্যোতীশ্বরাত্মক পরম বৃষকুণ্ড। সেই পুণ্যময় তীর্থে ব্রহ্মাপ্রমুখ সুর গণ চিরকাল বাস করিয়া থাকেন। তাহার পূর্ব্ব দিগে পাতাল হইতে পবিত্র সলিলা ভাগিরথী উদ্ভূত হইয়াছেন। হে দেবি! তাহার জল স্পর্শ করিবা মাত্র নর সকল পাপ হইতে বিমুক্ত হয়। তাহার উত্তর দিগে মনোহর নাম্নি কুণ্ড। তদুত্তর রাম লক্ষ্মণ ও সীতা দেবীর কুণ্ডত্রয়। এ সমুদয় কুণ্ডে দান ও অবগাহন করিলে অনায়াসে চতুর্ব্বর্গ ফললাভ হয় ॥ ১৪ ॥ ১৫ ॥ ১৬ ॥ ১৭ ॥ ১৮ ॥

ধর্ম্মাগ্নির্ব্বর্ত্ততে দেবি তৎপূর্ব্বে শিবরূপধৃক্।
যং দৃষ্ট্বা ভারতে নিত্যং মোক্ষং প্রাপ্নোতি মানবঃ॥ ১৯।
অগ্নিরূপায়ভীমায় নমঃ মন্ত্রেন প্রপূজয়েৎ।
ঘৃতাদিভির্যথালাভৈঃ দ্রব্যৈর্হুত্বা নমেত্ততঃ॥ ২০॥
অগ্নিরূপ মহাদেব নিত্যনিস্কলসংশ্রয়ঃ।
পশ্যামি বহুরূপ ত্বাং মম মোক্ষব্যপাদয়॥ ২১ ॥

---

* লুপ্তসীতাকুণ্ড যে কুণ্ড হইতে এই স্থানের নাম সীতাকুণ্ড হইয়াছে এই রূপ প্রবাদআছে রাম ও তৎ সন্যাসীবা আসিয়া এই তীর্থ স্থানের অধিকার চাহে এই আশঙ্কায় পূর্ব্ব বর্ত্তী কোন মহন্ত তাহাভরাইয়াছেন।

অস্যার্থঃ।

দেবি তৎপূর্ব্ব প্রান্তে শিব রূপী ধর্ম্ম হুতাশন বর্ত্তমান আছেন। তদ্দর্শনে ভারত ভূমিতে মানব গণ নিত্য মোক্ষ লাভ করিয়া থাকে। সেই অগ্নিরূপী ভগবান ত্রিলোচনকে নমস্কার পূর্ব্বক ভক্তির সহিত পূজা করিবে। তদনন্তর যথা লাভঘৃত প্রভৃতি দ্রব্যের দ্বারা হোম করিয়া নিম্নোক্ত মন্ত্রে প্রণিপাত করিবে।

ও অগ্নিরূপ মহাদেব নিত্য নিষ্কল সংশ্রয়ঃ।
পশ্যামি বহুরূপাং ত্বাং মম মোক্ষবা পাদয় ॥
১৯॥ ২০॥ ২১

তস্য দক্ষিণতঃ শম্ভোঃ পুত্রোমন্মথ † সংজ্ঞকঃ।
গোসহস্রপ্রদানস্য ফলং স্নানে নসংশয় ॥ ২২ ॥
হরপুত্র নদশ্রেষ্ঠ গৌরীহৃদয়নন্দন।
মর্জ্জতো মে হতং পাপং হরজন্মশতার্জ্জিতং ॥ ২৩ ॥
শিবলোকং লভেৎ স্নানে গয়া শ্রাদ্ধং ততোত্তরম্।
অক্ষয়তৃপ্তিতাং যান্তি তর্পণে পিতরঃ সদা ॥ ২৪ ॥
তত্র প্রয়াগতীর্থানাং জলং শিবপ্রদংনৃ ণাম্।
সর্ব্বপাপবিনির্ম্মুক্তঃ স্নানেস্পর্শে নসংশয়ঃ ॥ ২৫ ॥
সুভগাসঙ্গমে তত্র মন্মথে মর্জ্জনং ভবেৎ।

† মন্মথ নদে গয়া কুণ্ড বর্ত্তমান আছে। তাহাতে পিণ্ডদান করিলে পিতৃ গণের অক্ষয়তৃপ্তিলাভ হইয়া আশু মুক্তি লাভ হয় চন্দ্রশেখর ক্ষেত্রে এক বার গয়া পদ্ধতি মতে পিণ্ডদান করিলে শত গয়া শ্রাদ্ধের ফল ভাগী হইয়াথাকে।

গঙ্গাস্নানফলং প্রাপ্য শিবপ্রীতিকরো ভবেৎ ॥ ২৬ ॥
স্নানঞ্চ তর্পণং তত্র কুর্য্যান্মন্ত্রপুরঃসরং।
শতজন্মার্জ্জিতং পাপং মুচ্যতে নাত্রসংশয়ঃ ॥ ২৭ ॥
প্রয়াগে মুণ্ডনং বাপি যৎফলং লভতে নরঃ।
তৎফলং লভতে দেবি মন্মথে মুণ্ডনং যদি ॥ ২৮ ॥
অথবা কেশসংখ্যানাং বৎসরাণাং সহস্রশঃ।
তাবৎ কালং বসেৎ স্বর্গে বপনং মন্মথেকৃতে ॥ ২৯ ॥
বরাটকে লভেৎ পুণ্যং সুবর্ণং দানজং ফলম্।
তাম্রদানে রৌপ্যফলং রজতে ভূমিদানজং ॥ ৩০ ॥
ভূমিদানে লভেৎ স্বর্গং কিমন্যৎ কথয়ামি তে ॥ ৩১ ॥

তাহার দক্ষিণাংশে স্বয়ম্ভু তনয় মন্মথ নদ প্রবাহিত হইতেছে। তাহাতে অবগাহন করিলে নরের গো সহস্রদানের তুল্য ফল হয়। হে আশুতোষ সূনু পার্ব্বতী হৃদয়ানন্দ নদ শ্রেষ্ঠ মন্মথ! আমি তোমার পবিত্র সলিলে স্নান করিতেছি আমার শত জন্মার্জ্জিত পাপদূর কর। তাহার কিয়দ্দূর উত্তরে স্নানকরিলে লোকের শিব লোক প্রাপ্তি হয়,আর বিধিমৎগয়াশ্রাদ্ধ তর্পণাদি করিলে পিতৃলোক সর্ব্বদা অক্ষয় তৃপ্তি লাভ করেন। তাহাতে নরগণের কল্যাণ প্রদ প্রয়াগ তীর্থের জল বর্ত্তমান আছে সেই জলে স্নান-তাহা স্পর্শ করিলেও-নরগণ নিঃসন্দেহ সর্ব্ব পাপ হইতে বিমুক্ত হয়। সে স্থানে সুভগা ও মন্মথের সঙ্গম স্থলে যে অবগাহন করিয়া থাকে, সে গঙ্গা স্নানের ফল ভোগী হয়, তাহার প্রতি ত্রিপুর সূদন শিব প্রসন্ন হয়েন। সেই জলে মন্ত্রোচ্চারণ পূর্ব্বক স্নান করিলে, নিঃসন্দেহ শত শত জন্মার্জ্জিত পাপ বিনষ্ট হয়। দেবি, প্রয়াগ তীর্থে লোকে মুণ্ডন করিয়া যে পুণ্যোপার্জ্জন করিয়া থাকে, এই মন্মথ ক্ষেত্রে মুণ্ডন করিলে, লোকের সেই পুণ্যলাভ হয়, অথবা এই

ক্ষেত্রে লোকে যত কেশ মুণ্ডন করিয়া থাকে, পরকালে তাহার তত সহস্র বৎসর স্বর্গবাস হয়। ইহাতে কপর্দ্দক দান করিলে, সুবর্ণ দান, তাম্র দান করিলে রৌপ্য দান এবং রৌপ্য দান করিলে ভূমি দানের ফল হয়। আর ভূমি দান করিলে পরকালে মানব স্বর্গে গমন করিয়া থাকে। দেবি, এই তীর্থের তোমার নিকট আর কি ব্যাখ্যা করিব, সংক্ষেপতঃ ইহা ধরাধামে একটী মহাতীর্থ বলিয়া পরিজ্ঞাত ॥ ২২ ॥ ২৩ ॥ ২৪ ॥ ২৫ ॥ ২৬ ॥ ২৭ ॥ ২৮ ॥ ২৯ ॥ ৩০ ॥ ৩১ ॥

ততঃ পশ্যেৎ মহাদেবং জ্যোতির্লিঙ্গং মনোহরম্।
অষ্টমূর্ত্তি * সমাযুক্তং সৌন্দর্য্যালিঙ্গিতং মহৎ ॥ ৩২ ॥
অশ্বমেধ সহস্রস্য রাজপেয়শতস্য চ।
ক্রমদীশমুখং দৃষ্ট্বা ফলমাপ্নোতি মানবঃ ॥ ৩৩ ॥
সর্ব্বপাপবিনির্ম্মুক্তো ধনধান্য সমন্বিত।
শিবত্বং লভতে মর্ত্ত্যঃ পুনর্জ্জন্মবিবর্জ্জিতঃ ॥ ৩৪ ॥

অস্যার্থঃ।

তৎপরে মহাদেবের মনোহর জ্যোতির্ম্ময় লিঙ্গ দৃষ্টি গোচর হইবে। এই লিঙ্গে তাঁহার অষ্ট মূর্ত্তি ও অষ্ট শক্তির একত্র সমাবেশ বড়ই সুন্দর, বড়ই নয়ন প্রীতি কর। ইনি এস্থানে ক্রমদীশ্বর নামে খ্যাত। ইহার দর্শন লাভ করিতে পারিলে মানবের সহস্র অশ্বমেধ ও শত রাজপেয় যজ্ঞের ফল এবং সকল পাপ বিনষ্ট হয়

* স্বয়ম্ভুলিঙ্গ অষ্টমূর্ত্তি অষ্টশক্তি সহিত উদ্ভব, দর্শনে অত্যাশ্চর্য্য। শম্ভুনাথে চন্দ্রশেখর পর্ব্বতে সমুদায় ভেদ করিয়া উঠিয়াছে এই রূপ বিশ্বাস ও অনুমান প্রত্যক্ষ হয় যে সমুদয় পর্ব্বত স্বয়ম্ভুর অঙ্গ তিনি পর্ব্বত হইতে ভিন্ন নহেন।

ও সে ইহ কালে মহাধন ধান্য শালী হইয়া পরকালে শিবত্ব লাভ করে। তাহার আর জন্ম পরিগ্রহ করিতে হয়না॥ ৩২ ॥ ৩৩ ॥ ৩৪ ॥

ক্রোশার্দ্ধপূর্ব্বতঃ পিণ্ডা শীলা সরস্বতীস্থিতা।
তত্র সংলিখনং নাম্নো যমদ্বারংন গচ্ছতি ॥ ৩৫ ॥
অষ্টধারানদী তত্র মহাদেবপ্রসাদিনী।
তত কামঞ্চবিষ্ণুঞ্চ বহ্নিসংক্ষয়কামতঃ ॥ ৩৬ ॥
শ্রাদ্ধে চৈবাক্ষয়ং পুণ্যং পুজয়িত্বা প্রদক্ষিণং ॥ ৩৭ ॥

অস্যার্থঃ।

ইহার অর্দ্ধ ক্রোশ পূর্ব্বে সরস্বতী নাম্নী একটী শিলা অবস্থিত আছে। ইহার উপর একবার নাম লিখিতে পারিলে, লোকের আর পরকালে নরক যন্ত্রণা ভোগ করিতে হয়না। এ স্থানে অষ্ট ধারা নামে একটি নদী প্রবাহিত আছে। তাহা ত্রিলোচনের অতিশয় আদরের বস্তু। ইহাতে পুষ্পকেতু কাম, হরি ও হুতাশন অধিষ্ঠিত আছেন এবং ইহাতে শ্রাদ্ধ. পূজা ও প্রদক্ষিণ করিয়া নরে অক্ষয় পুণ্য লাভ করিয়া থাকে॥ ৩৫ ॥ ৩৬ ॥ ৩৭ ॥

কোটীলিঙ্গান তত্রৈব যত্র ছত্রাকৃতিঃ শিলা। †
তত্রৈব গমনে দেবি শিবলোকেমহীয়তে ॥ ৩৮ ॥

---

† কোটী লিঙ্গ অর্থাৎ উনকোটি শিবালয় এক নিভৃতগিরি গহ্বরে স্থিত আছে সেই স্থানটী অতি মনোহর দিবসে ও সূর্য্যের জ্যোতিঃ প্রবেশ করেনা

জপাদি শাশ্বতং সিদ্ধির্ব্বিরূপাক্ষ প্রদর্শনে।
আরোহণে মহাদেবি ভীমপর্ব্বতবাহিনী ॥ ৩৯ ॥
সীতারণ্যঞ্চ তত্রৈব নানাকুণ্ডমনোহরং।
কামাখ্যা যোনিরূপা চ গোমুখপ্লাবনী নদী ॥ ৪০ ॥
অনেক ভৈরবস্তত্রাপ্যনেক কুণ্ডমুত্তমং।
তস্য দক্ষিণতো গৌরী শঙ্কর লিঙ্গরূপধৃক্ ॥ ৪১ ।
অনেকচক্রশীলা চ উত্তরস্যাংপ্রবাহিনী।
দর্শনেস্পর্শনে তস্যসর্ব্বপাপাৎ প্রমুচ্যতে ॥ ৪২ ॥

অস্যার্থঃ।

প্রত্যক্ষ্যা যে স্থানে ছত্রাকৃতি শিলা অবস্থিত রহিয়াছে সে স্থানে পিনাক পাণি হরের কোটিলিঙ্গ বর্ত্তমান আছে। সেই পবিত্র ক্ষেত্রে গমন করিলে, লোকের অনায়াসে শিবলোক প্রাপ্তি হয়, আর বিরূপাক্ষ প্রদর্শন ও সেই ভীমপর্ব্বতেস্থিতা, ছত্রশিলায় আরোহণ করিলে তাহার জপাদির অনন্তকালের জন্য সিদ্ধিলাভ হয়। সেই স্থানে সীতানামে একটিগিরি ও বর্ত্তমান আছে, তাহার স্থানে ২ কুণ্ড অবস্থিত রহিয়াছে ও তদ্দারা তাহার শোভা বড়ই বৃদ্ধি পাইয়াছে, সে স্থানে যোণীরূপা কামাখ্যা ও গোমুখ প্লাবণী নাম্নী নদীদ্বয় প্রবাহিত হইতেছে। তাহাঁতে অনেক জন ভৈরব ও সুন্দর ২ অনেকটি কুণ্ড স্থিত আছে। তাহার দক্ষিণ দিগে গৌরীশ্বরং ও শঙ্করের পরম রমণীয় লিঙ্গ অধিষ্ঠিত আছে। তথায় অনেকটি চক্রশিলা ও উত্তর বাহিনী একটি নদী আছে। তদ্দর্শন ও স্পর্শনের দ্বারা মানবের সকল পাপ বিনষ্ট হয়। ৩৮। ৩৯। ৪০। ৪১। ৪২।

তস্যোত্তরে লবণাক্ষং কুণ্ডং * জ্ঞেয়ং মনোহরং।
শিবসারূপ্যমাপ্নোতি স্নানেদানে ন সংশয়ঃ। ৪৩ ॥

চম্পকারণ্যমধ্যস্থং † লিঙ্গরূপিমহেশ্বরঃ।
তস্যোপ র মহাদেবমুক্তিকেশ্বরসংজ্ঞকঃ ॥ ৪৪ ॥
স্বর্গদ্ব রং ততো দেবি চম্পকারণ্যমুত্তমং। ‡
কৈলাসপ্রতিমোহরণ্যে শিবলোকঃ সএব হি ॥ ৪৫ ॥
মহৌষধিনীলপদ্মনীলচম্পকবেষ্টিতঃ।
গোষ্পদো বর্ত্ততে তত্র পার্ব্বত্যা সহ শঙ্করঃ। ৪৬ ॥
অতীবনির্জনং রম্যং দেবানামপি দুর্লভং।
তুলসীচিত্রকং ধুস্তুং কৃষ্ণবর্ণং মহৌষধং ॥ ৪৭
অনন্তফলদং পূণ্যং লভতে স্পার্শনান্নরঃ।
সহস্রধারা নদীতত্র শিবপর্ব্বতবাহিনী * ॥ ৪৮ ॥
শিবলোকং ব্রজেত্তত্র স্নানে দানে সুরেশ্বরি।
তদূর্দ্ধে সূর্য্যবর্ণাভং লিঙ্গনামসমীপতঃ ॥ ৪৯ ॥
তদধোগামিনী যাতু সা নদী ব্রহ্মরূপিণী।

লবণাক্ষ কুণ্ডের জল লবনাক্ত তাহাতে একবার আগুণ দেখাইলে তাহা সমস্তদিন রাত্রি প্রজ্জলিত থাকে।

† চন্দ্রশেখরের উত্তর সীমাতে চম্পকারণ্য; নৌমিষারণ্যের ন্যায় ইহাও সকল দেবতাগণের আবাস স্থান।

‡ চম্পকারণ্য স্বর্গের একটি দ্বার অবস্থিত আছে ভগবান্ স্বয়ম্ভু ইহাকে একটী অতি মনোহর স্থান বলিয়া কীর্ত্তন করিয়াছেন

সহস্র ধারা একটীক্ষুদ্র জল প্রপাত বটে, কিন্তু প্রায় দুইশত হস্তের উপবিস্থিত একটী ঝিল হইতে সরলভাবে নিচের উপলখণ্ডে অনবরত নিপতিত হইতেছে। সেই জল অতিনির্ম্মল ও সুশীতল।

মহাজ্যোতিশ্বরো স্তত্র ব াসাশ্রমসমীপতঃ ॥ ৫০ ॥
সূর্য্যকুণ্ডজলং † দেবি সর্ব্বরোগহরং শুভং
রামশীলা ব্রহ্মশীলা সহস্রাক্ষো মহেশ্বরঃ ॥ ৫১ ॥
যত্র সংবর্ত্ততে দেবী সা রেবা ‡ পরিকির্ত্তিতা
তত্রৈবাস্তে মহাদেবি কপাটদ্বারমুত্তমং
তত্রৈব যত্নতঃ কুর্য্যাদ্রক্ষাং চাপ্যাত্মনঃ সদা ॥ ৫২ ।

অস্যার্থঃ।

তদুত্তর দিকে লবণাক্ত কুণ্ড তাহা অতীব প্রীতি প্রদ, অতি নয়ন মোহন। তল্লবণাক্ত বারিতে দান ও অবগাহন করিলে মানব নিশ্চয়ই শিবত্ব লাভ করিয়াথাকে। তৎপরে চম্পকারণ্য গিরি অবস্থিত আছে তাহার মধ্য দেশে ভবানীপতির একটী লিঙ্গ এবং ঊর্দ্ধদেশে মুক্তিকেশ্বর নামক ভবানী পতি হর স্বয়ং অধিষ্ঠিত আছেন। ও তাহাতে স্বর্গের একটি দ্বার বিদ্যমান আছে। সেই অরণ্যরাজ সৌন্দর্য্য। কৈলাশ প্রতিম ও মর্ত্যধামে শিবলোক বলিয়া পরিগণিত তাহাতে অনুপম ঔষধি সমস্ত বিদ্যমান আছে ও তাহা প্রস্ফুট নীলোৎপল নীলচম্পকের সৌগন্ধিতে পূর্ণ হইয়াছে তথায় গোষ্পদ এবং পার্ব্বতী সহিত শিব, প্রতিষ্ঠিত আছেন। তাহা অতি নির্জ্জন, মনোরম এবং দেবতাদিগের দুর্লভ তাহাতে চিত্রক তুলসী, কৃষ্ণবর্ণ ধুস্ত (ধুতুরা) ও নানা মহৌষধি বর্ত্তমান আছে। তাহা স্পর্শ করিলে, মানব অনন্ত ফল প্রদ পূণ্য লাভ করিয়া থাকে। তাহাতে শিব পর্ব্বতোদ্ভব সহস্র ধারা নাম্নী একটি মহানদী প্রবাহিত আছে। দেবী সেই নদীর পবিত্র তোয়ে দান ও অবগাহন করিলে, নর অনায়াসে শিব লোকে গমন

---

† সূর্য্য কুণ্ডেরজল ও ভয়ানক লবনাক্ত ও ইহাতেএকবারমাত্রঅগ্নি দেখাইলে তক্ষণাৎ প্রজ্জ্বলিত হয় রেবা তীর্থ একটী হ্রদ বিশেষ রেবানর্ম্মদা একই অর্থ

করে। তদূর্দ্ধদেশে ভাস্কর করোজ্বল একটি শিব লিঙ্গ প্রতিষ্ঠিত আছেন। এবং তাহার নিম্ন দেশে যে নদী প্রবাহিত হইতেছে, তাহা ব্রহ্মরূপী সে স্থানে ব্যাসাশ্রমের সন্নিকট জ্যোতিশ্বর নামে অন্যতর শিব লিঙ্গ বর্ত্তমান আছে। দেবি, তন্নিকটস্থিত সূর্য্য কুণ্ডের জল অতীব পবিত্র, সর্ব্ব রোগাপহারক। তৎপরে রেবা, নামক, মহাতীর্থ। তাহাতে রাম শালা, ব্রহ্মশীলা, সহস্র লোচন শিব প্রতিষ্ঠিত আছেন। মহাদেবি, সেই স্থানে একটি অত্যুৎকৃষ্ট দ্বার আছে তাহাতে মানব যত্নের সহিত আত্মরক্ষা করিবে।

॥ ৪৩ ॥ ৪৪ ॥ ৪৫ ॥ ৪৬ ॥ ৪৭ ॥ ৪৮ ॥ ৪৯ ॥ ৫০ ॥ ৫১ ॥ ৫২ ॥

অধুনা সংপ্রবক্ষ্যামি রক্ষামন্ত্রং মহেশ্বরি।
বালানাঞ্চৈব বৃদ্ধানাং বয়স্থানাং যথা তথা ॥ ৫৩ ॥
নারীণাং পুরুষাণাঞ্চ রক্ষা পরমশোভনা।
রক্ষাদ্বারে কমলাক্ষি রক্ষোজ্যোতিস্বলিঙ্গকঃ ॥ ৫৪
কেশে জটাধরো দেবঃ কপালে শশিশেখর।
ধ্বনিচৈব ভ্রুবোর্মধ্যে নেত্রঞ্চৈব ত্রিলোচনঃ ॥ ৫৫ ॥
পুরন্দরো দক্ষকর্ণে বামে চ কলিসূদনঃ!
নাসিকায়াং মহাদেবো মুখে চ পরমেশ্বর ॥ ৫৬ ॥
কণ্ঠে কমলপত্রাক্ষো নীলকণ্ঠশ্চ রক্ষয়েৎ।
অবসব্যে মহাদেবো রক্ষয়েচ্চোদরান্বিতঃ ॥ ৫৭ ॥
শূলী চৈব বামহস্তে বিরূপা দক্ষিণে তথা।
স্তনোপরি মহাদেবো রক্ষয়েৎ ফণিভূষণঃ ॥ ৫৮ ॥
হৃদয়ে গৌরীনাথশ্চ পৃষ্ঠে চ শঙ্করো বিভুঃ।
নাভৌগঙ্গাধরো দেবঃ রক্ষয়েৎ পরমেশ্বরি ॥ ৫৯ ॥

কণ্ঠেচ পরমেশানি ব্যাঘ্রচর্ম্মধরো বিভুঃ।
উদরে রক্ষয়েৎ রুদ্রঃ শূন্যে চৈব স্থুলিঙ্গকঃ॥৬০॥
গুদে পদ্মাসনস্থাশ্চ দক্ষিণাঙ্ঘ্রৌ বৃষধ্বজঃ।
বামপাদে পশুপতি দক্ষপাদতলে হরঃ॥ ৬১॥
পাদয়োস্তনয়োদেবরক্ষেৎ পরমকারণঃ।
সর্ব্বাঙ্গে দেবদেবেশো রক্ষয়েৎ পরমেশ্বরি। ৬২॥
ইত্যনেন মহেশানি রক্ষয়েৎ স্বপরস্পরম্।
গৃহাঙ্গনে জলে চাগ্নৌ বনে চোপবনে-তথা॥ ৬৩॥
সিংহব্যাঘ্রভয়ে চাস্মিন্ সর্পরাজভয়ে তথা।
ভয়ং নারায়ণি তস্য নাস্তি নাস্তি জগত্রয়ে॥ ৬৪॥
মন্ত্রেণানেন তত্রৈব রক্ষাং কুর্য্যাৎ প্রযত্নতঃ।
কৃত্বা সঙ্কল্পমাচার্য্য ধ্যায়েতং ক্রমদীশ্বরং॥ ৬৫॥
চট্টলে দক্ষিণেবাহুর্ভৈরবশ্চন্দ্রশেখরঃ।
তস্যৈব কটীদেশস্থো বিরূপাক্ষঃ মহেশ্বরঃ॥ ৬৬॥
রুদ্রলোকং সমাপ্নোতি যঃ আরোহয়েন্নরঃ।
বিল্বরূপো মহাদেবো ডমরুপ্রতিমা শিলা॥ ৬৭॥

অন্যার্থঃ।

মহেশ্বরি, এক্ষণ আমি তোমার নিকট তাহার রক্ষা মন্ত্র বলিয়া দিতেছি।

চন্দ্রশেখর পর্ব্বতের পার্শ্ব দেশে অবস্থিতমন্দিরেরমধ্যে বিরূপাক্ষ নামে শিব লিঙ্গ অধিষ্ঠিত আছে এই পর্ব্বতে আরোহণ করা অতিকষ্টকর লতাধরিয়া সাবধানে উঠিতে হয়

তাহা আর'ল বৃদ্ধ পনিতা সকলের কল্যাণ প্রদ মকুটের পরম শোভন সেই মন্ত্রটি এই।

৫৪ শ্লোকের চরণ হইতে
ব্রহ্মাদ্যাবে কমনাক্ষি ব্রহ্মোজ্যোতিস্বলিঙ্গকঃ
৬২ শ্লোক পর্যন্ত
সর্ব্বাঙ্গ দেবদেবেশো রক্ষয়েৎ পরমেশ্বরি,

অস্যার্থঃ।

নাবারি এই রক্ষা মন্ত্রপাঠ করিলে লোকের কি জলে কি স্থলে কি বনে কি উপবনে সংক্ষেপতঃ সমস্ত জগতী তলে কোন ভয় থাকে না একনা সেই স্থানে মানব সঙ্কল্প করিয়া আচার্য্য ক্রমদীশ্বরের ধ্যান ও স্তব পূর্ব্বক আত্মরক্ষা করিবে। এই শুভ চট্টল প্রদেশে দক্ষরাজ কন্যার দক্ষিণ হস্ত নিপতিত হইয়াছে, ও শ্রী চন্দ্রশেখর গিরিই তাহার ভৈরব সদৃশ সেই গিরি রাজের পার্শ্ব দেশে বিরূপাক্ষ নাম ধারণ করিয়া ভূতভাবন ভগবান হর বর্ত্তমান আছে। যে ব্যক্তি তাহাতে আরোহন করে সে অনায়াসে চরমে রুদ্রলোক প্রাপ্ত হয়। তাহার স্থানে স্থানে লিঙ্গরূপাকারে মহাদেব অধিষ্ঠিত আছেন ও ডমরু আকৃতি অনেক শিলা পড়িয়া রহিয়াছে। ৫৩। ৫৪। ৫৫। ৫৬। ৫৭। ৫৮ ৫৯। ৬০। ৬১। ৬২। ৬৩। ৬৪। ৬৫। ৬৬। ৬৭।

ততঃ পূর্ব্বপথাগচ্ছেৎ আরোহেচ্চন্দ্রশেখরং।
তত্র সর্ব্বে গুল্মলতা বৃক্ষা দেবাঃ মহৌজসা॥ ৬৮॥
মুনয়ো ভৈরবাঃ সর্ব্বে পাষাণা লোষ্ট্ররূপিণঃ।
মহৌষধি তরুস্তত্র নানা চিত্রবিচিত্রকঃ॥ ৬৯॥
লতাভিঃ স্বর্ণবর্ণাভিঃ পুষ্পং স্বর্ণময়ং পরং।
রজতাভং ভবেৎ পত্রং কৃষ্ণবর্ণং ফলং মহৎ॥ ৭০॥

যস্যৈব স্পর্শবাতেন রোগী রোগাৎ প্রমুচ্যতে।
স্পর্শাদ্দেবত্ব মায়াতি ভক্ষণাদমরো ভবেৎ ॥
মৃতো জীবতি বাতেন রসাঙ্গলেপনে চিরাৎ ॥ ৭১ ॥

অস্যার্থঃ।

তৎ পরে ইহার পূর্ব্বদিগ স্থিত পথ অবলম্বন করিয়া চন্দ্রশেখরে আরোহন করিবে। তাহার গুল্মলতা সমস্ত তাহার পাদপ শ্রেণী সকল গুলিই এক একটী তেজোময় দেবতা বিশেষ! তত্রত্য ভৈরবগণ মুনি এবং পাষান সকল লোষ্ট্র রূপী। তাহাতে নানা চিত্র বিচিত্র মহৌষধি তরু বর্ত্তমান আছে। তাহার লতা সমস্ত স্বর্ণ বর্ণাভ ও পুষ্প সুবর্ণময় আর তাহার পত্র সমস্ত রজত তুল্য এবং ফল কৃষ্ণ বর্ণ তদান্দোলিত বায়ু স্পর্শে রোগ গ্রস্ত ব্যক্তি শীঘ্রই সকল রোগ হইতে বিমুক্ত হয় তৎ পার্শ্বে মানব দেবত্ব লাভ করে এবং ফল ভক্ষণ করিলে মৃত্যুর করাল কবল হইতে পরিত্রাণ পায়, তাহার রস মৃত ব্যক্তির দেহে লেপন করিলে সে সত্বরই জীবিত হয় ৬৮। ৬৯। ৭০। ৭১।

বৃষকুণ্ডজলস্পর্শ রুদ্রলোকে মহীয়তে।
শ্রীচন্দ্রশেখরারোহে মুক্তিমাপ্নোতি মানবঃ ॥ ৭২ ॥
বিংশতি কুলসহিত শিবলোকে মহীয়তে।
ততো বিষ্ণু পুরং প্রাপ্য দ্বিজ ভূত্বা মহীতলে ॥ ৭৩ ॥
সদ্বংশকুলজঃ শান্তো বেদবেদাঙ্গপারগঃ।
দেব বিপ্রানুরক্তশ্চ ততো নির্ব্বাণতাং ব্রজেৎ ॥ ৭৪ ॥
আরুহ্য চ নৈঋতাস্যো মহোদধিমিতস্ততঃ।
যঃ পশ্যেৎ ন পুনস্তস্য জন্মমৃত্যুজরাগ্রহঃ ॥ ৭৫ ॥

পাপবন্ধবিমুক্ত্যার্থং প্রপশ্যেৎ ক্রমদীশ্বরং।
জপাদিশাশ্বতঃ সিদ্ধিঃপুনঃ পশ্যেদ্বিরূপকম্ ॥ ৭৭ ॥
পুনর্জ্জন্মজয়েত্তত্র স্পর্শেল্লিঙ্গংমনোহরং * ।
ততো দেবং পূজয়েচ্চ স্বস্তিবাচন পূর্ব্বকং ॥ ৭৮ ॥
সঙ্কল্প্য বিধিবদ্দেবি যথালাভং তথাচরেৎ।
ধনধান্য প্রহৃষ্টা চ লক্ষীস্তস্য গৃহে বসেৎ ॥ ৭৯ ॥
প্রাপ্নুয়াৎপূজনেতস্য সমিদ্ধিং মানসেপ্সিতাং।
শ্রীবৃক্ষোদ্ভবপঙ্কেন গন্ধেন পদ্মমুত্তমং ॥ ৮০ ॥
অষ্টাদশং লিখেত্তত্রাপ্যঙ্গন্যাসং সমাচরেৎ।
অর্ঘপাত্রঞ্চ সংস্থাপ্য জলে মুদ্রাংপ্রদর্শয়েৎ ॥ ৮১ ॥
তত্রাষ্টধা প্রজপ্তব্যা দত্ত্বোপকরণানিচ।
সংপ্রেক্ষ্য চ যথাধ্যানং বক্ষ্যামি শৃণু সাম্প্রতং ॥ ৮২ ॥

বৃষকুণ্ডেরজল স্পর্শকরিলে মানবের রুদ্রলোক প্রাপ্তি হয়। *চন্দ্রশেখরেআরোহণ করিলে সে মুক্তিলাভ এবং বিংশতি পুরুষ সহিত প্রথমতঃ শিবলোকে, তৎপরে বিষ্ণুলোকেবাস, তদনন্তর পৃথ্বীতলে সদ্বংশে বিপ্রকুলে জন্মগ্রহণ করে; সেশাস্তবেদ বেদাঙ্গ পারগ এবং দেবতা ও বিপ্রে অনুরক্ত হয়, তৎপরে তাহার নির্ব্বাণত্ব লাভহয়। যে চন্দ্রশেখরপর্ব্বতে আরোহণ করিয়া তাহার নৈঋত কোণে প্রসারিত জলনিধির প্রতি দৃষ্টিপাত করে, তাহার পুনর্জ্জন্ম হয়না, সে অজর ও অমর হয়। ভগবান ক্রমদীশ্বরের চরণকমল সন্দর্শন করিতে পারিলে মানবের পাপবন্ধন ছিন্ন-আর বিরুপাক্ষ পর্ব্বত পুনর্ব্বার দর্শনকরিলে তাহার জপপ্রভৃতির অনন্ত কালের জন্য সিদ্ধিহয়, তাহার উপরিভাগে ত্রিলোকপতি হরের একটি মনোহর লিঙ্গ অধিষ্টিত আছে, তাঁহাকে স্পর্শকরিলে মানবের আর পুনর্জ্জন্মক্লেশ ভোগকরিতে হয়না।। তাঁহার

যথালব্ধ দ্রব্যের দ্বারা সঙ্কল্প ও স্বস্তিবাচন পূর্ব্বক পূজাকরিলে উপাসকের গৃহে ক্ষীরাব্ধিতনয়ারমা অচলা হয়েন তাহার অতুল অপরিমিত ঐশ্বর্য্য হয়। চন্দনরসে অ-ষ্টাদশটিপদ্ম চিত্রিত করিয়া অঙ্গন্যাসঅর্ঘপাত্র সংস্থাপন এবং জলে মুদ্রাপ্রদর্শন করিবেক তৎপরে উপকরনাদি প্রদানকরিয়া ভক্তিসহকারে অষ্টবার জপকরিবে, তাঁ-হার ধ্যানবলিতেছি শ্রবণ কর ॥৮২

দ্বীপিচর্ম্মপরীধানং ভস্মরেণু বিভূষিতং।
শূলডমরুহস্তঞ্চ কমণ্ডলুধরং বিভুং॥ ৮৩॥
জটাধরং চোগ্রতেজং বালার্কমিব বর্চ্চসা।
নিরীক্ষেদব্যয়ং দেবং নিরাকারং নিরঞ্জনং॥ ৮৪॥
বিশ্বরূপস্বরূপঞ্চ শব্দরূপং মহেশ্বরং॥ ৮৫॥
শূন্যাশূন্যতরং দেবং লয়াল্লয়তরং বিভুং।
এবমেব নরোধ্যায়েত্বংদেবং পরমেশ্বরম্॥ ৮৬॥
নম আগচ্ছাগচ্ছ দেবেশ ত্বমেব চিন্ময় প্রভো।
যাবৎ পূজাং করোম্যাত্রাপ্যবধানং কুরুস্বমে॥ ৮৭॥
যথা লাভং সুসং পূজ্য তত আবরণা ন্ জযেৎ।
মণ্ডলস্য তু বামেশ্চ রেখায়াং মর্ত্তবাসিনাম॥ ৮৮॥
তত্র কামপ্রসিদ্ধার্থং বিল্বপত্র শতং দদেৎ।
ততো বৈরিবিনাশার্থং কৃষ্ণবর্ণাপরাজিতা॥ ৮৯॥
তথাপামার্গপাত্রেণ শত্রোরুচ্চাটনং ভবেৎ।
তথাধুস্তুরপত্রেণ রাজাদিবশমানয়েৎ॥ ৯০॥
বিদ্বেষণং শিরীষেণ মোহনং ভস্মরেণুনা।
ষট্কর্ম্ম সাধয়েদ্ধীরো রক্তপদ্ম প্রদানতঃ॥ ৯১॥

এইমন্ত্র উচ্চারণ করিয়া যথালব্ধ ও দ্রব্যেরদ্বারা ভগবান্ মহেশ্বরের পূজাকরিলে মানবসকল আবরণ অতিক্রমকরিতেপারে। মণ্ডলের বামরেখায়একশতটী বিল্বপত্রপ্রদান করিলে তাহারসকল কামনা সিদ্ধ এবং কৃষ্ণবর্ণ অপরাজিতাপ্রদানে তাহারবৈরিসকলের বিনাশহয়; তথা অপামার্গে (আপাং) বৈরিগণের অন্তঃকরনে উৎকণ্ঠা উৎপাদন, আর ধুস্তুরপত্রে রাজাপ্রভৃতিকে বশীভূতকরে। আর শিরীষ পুষ্পেবিদ্বেষণ (অথর্ব্ববেদোক্ত মন্ত্র ও তন্ত্রাদি নিস্পাদিত হিংসাত্মক কর্ম্মবিশেষ) এবং ভস্মরেণু দ্বারা লোকসকলকে মোহন করা যায়। রক্তপদ্ম প্রদান করিয়া লোকে ষটকর্ম্ম সাধন করিয়া থাকে। ৯০।

তস্য তৃতীয়রেখায়াং স্বর্গলোক নিবাসিনং।
ধর্ম্মার্থতত্ত্বজ্ঞানশ্চ ততশ্চ পরমেশ্বরং ॥ ৯২ ॥
দেবান্ যক্ষান্ খগান্ সিদ্ধান্ গন্ধর্ব্বাসুরগাংস্তথা। ৯৩ ॥
রাক্ষসাংশ্চ তথা ভূতান্ গুহ্যকাংশ্চ পিশাচকান্।
বিদ্যাধরান্ মুনিংচৈব ত্রিলোকবশগাংস্ততঃ ॥ ৯৪ ॥
প্রণবাদিনমোহন্তে যথাশক্তিং প্রপূজয়েৎ ॥ ৯৫ ॥
পদ্মমধ্যে ততো দেবি শিবং ভীমং সরুদ্রকম্।
ভবং সর্ব্বমভয়ঞ্চ চণ্ডেশ্বরমতঃপরং ॥ ৯৬ ॥
বৃষধ্বজং পিণাকিনং শূলধারিণমেব চ।
কপালিনঞ্চ সংপূজ্য ততস্তং চন্দ্রশেখরং ॥ ৯৭ ॥
পঞ্চবক্ত্রং ত্রিনেত্রঞ্চ জ্যোতির্লিঙ্গংমহেশ্বরং।
উমাপতিং যজেদ্দেবি ততো বসুন্ধরং যজেৎ ॥ ৯৮ ॥
অন্ধকার স্বরূপঞ্চ ততোপিতৃপুরান্তকং।

নীলকণ্ঠং উগ্রকণ্ঠং মহাবলমতঃ পরং ॥ ৯৯ ॥
নানারূপং সুসংপূজ্য পুষ্পাঞ্জলি এয়ং দদেৎ।
ভগবন্তং ত্রিরেখাঞ্চ তন্মন্ত্রং শক্তিতো জপেৎ ॥ ॥
নমস্কুর্য্যাৎ প্রযত্নেন কুর্য্যাচ্চোর্দ্ধপ্রদক্ষিণং ১০০।

অস্যার্থঃ।

তাহার তৃতীয় রেখার মধ্যদেশে ধর্ম্মার্থ তত্বজ্ঞ নর, পরমেশ্বর এবং স্বর্গবাসিঅপর দেবতাযক্ষ, রক্ষ, সিদ্ধ, গন্ধর্ব্ব. কিন্নর, তথা ভূত, পিশাচক, এবং মুনিদিগের প্রনবাদি নমস্কার করনানন্তর যথা শক্তি পূজা করিবে; দেবিতদনন্তর পদ্মের মধ্যভাগে সরুদ্র ভবানীপতির পূজাকরিয়া চণ্ডেশ্বর; বৃষধ্বজ, পিণাকপানি, শুলী, ও কপালি, তথা চন্দ্রশেখর পঞ্চবক্ত্র ত্রিনেত্র ও মহেশ্বর তথা জোতির্লিঙ্গ উমাপতি এবং বসুন্ধরার পূজা করিবে। তৎপর অন্ধকারস্বরূপ ত্রিপুরান্তক, নীলকণ্ঠ, উগ্রকণ্ঠ এবং মহাবলের নানারূপে পূজাকরিয়া তাঁহাদিগকে তিনবার পুষ্পাঞ্জলি প্রদানকরিবে। তদনন্তর ত্রিরেখাহইতে যথাশক্তিভগবানের মন্ত্র, জপ, ওতাঁহাকে যত্নপূর্ব্বক নিম্নোক্তমন্ত্রে নমস্কার ও প্রদক্ষিণ করিবে। ১০০

বিধিহীনং ক্রিয়াহীনং মন্ত্রহীনঞ্চ যদ্ভবেৎ ॥ ১০১ ॥
পূর্ণং ভবতু তৎসর্ব্বং ত্বৎপ্রসাদান্মহেশ্বরং।
ক্রমদীশেশ্বরং তত্র সংহারেণ বিসর্জ্জনং ॥ ১০২ ॥
ততো বরাটকাদীনি + তত্তৎফলবিধানতঃ।
দানানি শক্তিতো দদ্যাৎ নমস্কুর্য্যান্মহেশ্বরং ॥ ১০৩ ॥
শিরীষমূলচূর্ণেন তথা তণ্ডব লড্ডুকৈঃ।
দ্রোণপুষ্পস্য দানেন শ্রীফলেন ফলদ্রবৈং ॥ ১০৪ ॥
আশু সম্মারয়েচ্চন্দ্রং শক্রতুল্যপরাক্রমং।

পুনঃ পুষ্পাঞ্জলিং দত্বা ততশ্ছিদ্রাবধারণং ॥ ১০৫ ॥
তত্র শ্রাদ্ধে চ হোমে চ দানে চাক্ষয়জং ফলম্।
তদুত্তরে সহস্র ধারাস্নানে শিব গতির্ভবেৎ ॥ ১০৬ ॥
তত্র শ্রীপাদুকাং গত্বা তত্র বিষ্ণুং সমর্চ্চয়েৎ।
সীতাকুণ্ডস্যোত্তরস্যাং রামমুক্তিং প্রদর্শয়েৎ ॥ ১০৭ ॥
দেবানাং দুর্লভং লোকে ফলমাপ্নোতি মানবঃ।
বাড়বকুণ্ড পূর্ব্বে তু ত্রিকোণে কুণ্ডমুত্তমং ॥ ১০৮ ॥
অগ্নিকুণ্ডেতিবিখ্যাতং তস্য পার্শ্বে দ্বয়ং ত্রয়ং।
ধর্ম্মকুণ্ডমুদীচ্যাঞ্চ শক্তিকুণ্ডং তথাপরং ॥ ১০৯ ॥
চন্দ্রকুপেতি বিখ্যাতং দুর্ল্লভং ভুবনত্রয়ং।
স্নানে দানে চ দেবেশি শিবপ্রীতিকরং পরং ॥ ১১০ ॥

অস্যার্থঃ।

তৎপব প্রদক্ষিণকরনানন্তর উপসংহার মুদ্রাদ্বারা তাঁহাকে বিসর্জ্জন করিবে। (ফল) বিধান অনুসারে যথাশক্তিবরাটক (কড়ি) প্রভৃতি দান ও ভগবান ত্রিলোকপতি হরকে নমস্কার করিবে। শিরীষ মূলের চূর্ণ তথা তদুৎ পর্ণ লড্ডু (লাডু) ও দ্রোণ পুষ্প এবং শ্রীফল প্রদানে, মানবে ইন্দ্রতুল্য পরাক্রম শালী বৈরিকে ও সত্বরবধ, আর পুষ্পাঞ্জলি প্রদানকরিয়া তাঁহার ছিদ্রাবধারণ করিতে পারে। তাহাতে শ্রাদ্ধ হোম এবং দানকরিলে মানবের অক্ষয় ফল লাভ হয়। তদুত্তরদিগে সহস্রধারার বিমলজলে অবগাহন করিলে মানবের অনায়াসে শিবগতিলাভ হয়। সেইস্থান শ্রীপাদুকাতীর্থে গমন পূর্ব্বক, পদ্মপলাশলোচন হরির অর্চ্চনা করিবে। সীতাকুণ্ডের উত্তরদিগে রামমুক্তি নামক পুণ্যক্ষেত্র অবলোকন করিলে ইহলোকে মানবের ও দেবের দুর্ল্লভ ফলপ্রাপ্তিহয়। বাড়বকুণ্ডের পূর্ব্বে ও তাহার পার্শ্বে তিনটীকুণ্ড

অবস্থিত আছে । তাহারা ধর্ম্মকুণ্ড, শক্তিকুণ্ড, চন্দ্রকুণ্ড. নামে ত্রিজগতে প্রসিদ্ধ ও তাহাদের পবিত্রবারিতে স্নানএবং অবগাহন করিলে চন্দ্রমৌলীশিব প্রসন্নহয়েন। ১১০

তেতোপি ব্যাসকুণ্ডস্য চাগ্নিকোণে মহেশ্বরি ।
মুক্তকেশী করালাস্যা দক্ষীণা দক্ষীণাংশতঃ ॥ ১১১ ॥
অমরাণামদৃশ্যা চ যত্র বক্রা বহেন্নদী ।
তত্রৈব মানসং কাম্যং প্রলভেদ্দর্শনাজ্জনঃ ॥ ১১২ ॥
অথ বক্ষ্যামি গুহ্যান্তং ধর্ম্মাগ্নৌ হরণান্মম ।
পদং দাস্যামি দেবেশি যত্র গত্বা ন শোচতি ॥ ১১৩ ॥

অস্যার্থঃ ।

মহেশ্বরি, ব্যাসকুণ্ডের অগ্নিকোণে মুক্তকেশী করালবদনাকালী অধিষ্ঠিত আছেন। তিনি অমর গণের অদৃশ্য, সেই স্থানে একটিকুটিল বাহিণী নদী ও বর্ত্তমান্ আছে, যাহার দর্শন লাভে মানবের সকল মনস্কামনা সিদ্ধহয়।

তদনন্তর ধর্ম্মাগ্নি হরণের গুহ্যফল বলিতেছি শ্রবণ কর। লোকে সে স্থানে গমণ করিলে তাহার চির কালের জন্য শোক সন্তাপ বিদুরিত হয়, আমি তাহাকে মোক্ষফল প্রদান করি ॥৮৪

ততঃ স্বয়ম্ভুবং পশ্যেৎ বৃষকুণ্ডস্য দক্ষিণে ।
অষ্টমূর্ত্তিসমাযুক্তং সর্ব্ববাঞ্ছাফলপ্রদং ॥১১৪
সর্ব্বতীর্থফলং দেবি লভতে দর্শনে শুভে ॥
পুরুষাণাং সহস্রস্তু মোচনঞ্চাত্মনাভবেৎ ॥ ১১৫ ॥
রুদ্রলোকং সমাপ্নোতি যত্র গত্বা নশোচতি ॥ ১১৬ ॥
তস্য দক্ষিণতো দেবি ব্যাঘ্ররূপিমহেশ্বরং ॥ ১১৭ ॥
দৈবাদ্দৃষ্টানরঃ সোপি জীবন্মুক্তো ন সংশয়ঃ ।

অস্যার্থঃ।

তদনন্তর বৃষ কুণ্ডের দক্ষিণে স্থিত ভগবান স্বয়ম্ভুর চরণ কমল দর্শন করিবে, তথায় তিনি অষ্টমূর্ত্তি সহিত বিরাজিত ও তদ্দর্শনে মানবের সকল মনোবাঞ্ছা পূর্ণ এবং সকল তীর্থের ফললাভ হয়। তথায় সে সহস্র পুরুষের সহিত মুক্তিলাভ করিয়া রুদ্রলোকে গমণ করে। তাহাব সেই পরম আনন্দধামে সকল শোক ও সন্তাপ অনন্ত কালের জন্য দুর হয়। দেবি ? তাহার দক্ষিণাংশে ব্যাঘ্ররূপ ধারণ করিয়া ভগবান হর অধিষ্ঠিত আছেন, তাঁহাকে দৈবাৎ দর্শন করিলে ও মানবের জীবন্মুক্তি হয় সন্দেহ নাই॥ ৮৮

পূর্ব্বে মন্দাকিণী দেবী শিবপাদসমুদ্ভবা।
তজ্জলং ভক্ষণাদ্দেবি শিবসাযুজ্যমাপ্নুয়াৎ॥ ১১৮॥
স্নানং দানঞ্চ শ্রাদ্ধঞ্চ যঃ কুর্ব্যাৎ সুসমাহিতঃ।
তৎসর্ব্বং ভাস্করাশ্রুসৌ সর্ব্বত্র চাক্ষরং ভবেৎ॥ ১১৯॥
সর্ব্বত্রৈব মাহেশানি স্নানে দানে চ স্পর্শনাৎ।
দর্শনে পূজনে হোমে শিবপ্রীতিফলং মহৎ॥ ১২০॥

অস্যার্থঃ।

তাহারপূর্ব্বদিগে শঙ্কর চরণোদ্ভবা মন্দাকিনী দেবী প্রবাহিত হইতেছেন তাঁহার জল পান করিলে ভগবান ত্রিলোচণে নির্ব্বাণ প্রাপ্তি হয় তাহাতে যে কেহ সুসমাহিত চিত্ত হইয়া স্নান দান ও শ্রাদ্ধ করে, তাহার সে সমুদয়ের (কিরণমালী) সূর্য্যদেব সাক্ষী হয়ন, তাহার অক্ষয় হয়। সংক্ষেপতঃ তাহার যে কোন স্থানে স্নান, দান, স্পর্শন, দর্শন, পূজন এবং হোম করা যায় শিব সেই সেই কার্য্যের অনুষ্ঠাতার প্রতি নিতান্ত প্রসন্ন হয়ন॥ ১২০॥

"পশ্চিমে ব্যাসকুণ্ডঞ্চ পূর্ব্বেমন্দাকিনী স্মৃতা।
উত্তরে চম্পকারণ্যং দক্ষিণে বাড়বানলঃ ॥ ১২১ ॥
এতৎ ক্ষেত্রং মহাপ্রোক্তং পঞ্চক্রোশ মহৎ ফলং।
যঃ কশ্চিৎ ম্রিয়তে জন্তুর্নির্ব্বাণমধিগচ্ছতি" ॥ ১২২ ॥
নক্রেশ্বরং সমাসাদ্য যাবচ্চ চম্পকং বনং।
পঞ্চক্রোশমিদং প্রোক্তং শিবনির্ব্বাণকারণং ॥ ১২৩ ॥
এতস্মিন্নন্তরে সন্তি কুণ্ডান্যন্যানি সর্ব্বতঃ।
সুগোপ্যানি প্রযত্নেন মমপ্রীয়করানি চ ॥ ১২৪ ॥
দেবাঙ্গনানাং সর্ব্বেষাং নানাহস্তচতুষ্টয়ং।
চতুর্ব্বক্ত্রঞ্চ বাহুঞ্চ নানাবর্ণাকৃতানি চ ॥ ১২৫ ॥
এতেষাং কারণং দেবি শৃনুষ্ব তব সাম্প্রতং।
সক্ষেপতঃ প্রবক্ষ্যামি কিংভুয়ো ভুবিমুক্তিদাং ॥ ১২৬ ॥

ইতিশ্রীবারাহীতন্ত্রে ষষ্ঠ পটলঃ।

যে মহাক্ষেত্রের পশ্চিমে ব্যাসকুণ্ড: পূর্ব্বে দেবীমন্দাগিনী, উত্তরে চম্পকারণ্য গিরি ও দক্ষিণে বাড়বানল অবস্থিত আছে; তাহা ব্যাস দেবের কাশীক্ষেত্র ও পঞ্চক্রোশ নামে অভিহিত, এস্থানে যে কোন ব্যক্তির মৃত্যু হয় তাহার অনায়াসে নির্ব্বাণ প্রাপ্তি হয়॥ নক্রেশ্বর হইতে চম্পকারণ্য পর্য্যন্ত যে স্থান বিস্তৃত রহিয়াছে তাহা অতি প্রসিদ্ধ ও শিবের নির্ব্বাণ প্রদ; এই ক্ষেত্র মধ্যে অতি লুক্কায়িতভাবে অনেককুণ্ড বর্ত্তমান আছে, সে সমস্ত আমার অতি প্রীতিকর, এ স্থানে অনেক সুরঙ্গনা ও অবস্থিতি করিতেছে, ইহাঁরা সকলে চতুর্ভুজা চতুর্মুখী নানাকারবর্ণ বিশিষ্টা, দেবি? সংক্ষেপে ইহার কারণ ব্যক্ত করিতেছি শ্রবণ কর ॥ ১২৬

ইতি শ্রীবারাহীতন্ত্রে নারায়ণীনারায়ণসংবাদে চন্দ্রশেখরবর্ণনানামক ষষ্ঠপটলঃ

নারায়ণী উবাচ।

কথং বা চম্পকারণ্যং দেবানামপিদুর্লভং।
অনেক কুণ্ডসঙ্গে চ লবণাক্ষং বিরাজিতং ॥ ১ ॥
যত্রোর্দ্ধবাহিনী গঙ্গা মন্দাকিনীতি বিশ্রুতা।
মৃদং ভিত্বা কথং দেব ধর্ম্মাগ্নি লোকবিশ্রুতা ॥ ২ ॥
জ্বালাদেবি কথং তত্র কুণ্ডমধ্যে বিরাজিতঃ।
কথংবা বাড়বো বহ্নিজ্জ্বালদক্ষিণে হ্রদে ॥ ৩ ॥

অস্যার্থঃ।

নারায়ণী কহিলেন্ ? "হে প্রভো, চম্পকারণ্য গিরি কিনিমিত্ত দেবতা দিগেরও দুর্লভ, কোথায় বা উর্দ্ধবাহিনী মন্দাকিনী দেবী আবির্ভূতা, আছেন। কি জন্য ধর্ম্মাগ্নি মৃত্তিকা ভেদ করিয়া প্রকাশিত হইয়াছেন, জ্বালা দেবী বা কুণ্ডের কোনস্থানে বিরাজিত আছেন এবং বাড়বাগ্নি কেন দক্ষিণ হ্রদে প্রজ্বলিত হইয়াছে, এসমস্ত গূঢ়রহস্য আমার নিকট প্রকাশ করুন„। ১॥ ২॥ ৩॥

নারায়ণ উবাচ।

অধুনাসংপ্রবক্ষ্যামি তুভ্যং দেবি সমাহিতঃ।
নবক্তব্যং মহাদেবি রহস্যং কুত্র মোক্ষদং ॥ ৪ ॥
যত্র ব্রহ্মা দয়ো দেবা অমরৈঃ পাশ্বৈর্মুদা।
ক্রীড়ন্তি সর্ব্বদা তত্র পার্ব্বত্যা চ সদাশিবঃ ॥ ৫ ॥
তত্র কুণ্ডলিনী সর্ব্বে দেবক্সপাণি শাশ্বতঃ।
শিবেন লবণাক্ষেণ বিষ্ণুকুণ্ডাদিভিঃ সদা ॥ ৬ ॥
তৎস্থানং পরমং রম্যং কৈলাসসদৃশং স্মৃতং।

অমরাঃ মৃত্যুমিচ্ছন্তি তত্র দেবি কিমদ্ভুতং ॥ ৭ ॥
জিহ্বালোলং গদালোলং শিবপর্ব্বত দক্ষিণে।
তৎস্থান গমনে দেবি সসাক্ষাৎ শিবতাং ব্রজেৎ ॥ ৮ ॥
নীলাদ্রি বর্ত্ততে তত্র যত্র দেবো জগন্ময়ঃ।
জগন্নাথেতি বিখ্যাতো যং দৃষ্ট্বা ব্রহ্ম সংলভেৎ ॥ ৯ ॥
তস্য দক্ষিণতো দেবি কাশীকুণ্ডং প্রচক্ষতে ॥
মণিকর্ণিকয়া সঙ্গে যত্র ক্রীড়ন্তি শঙ্করঃ। ১০ ॥
অদ্যাপি দেবা ইচ্ছন্তি জন্মভোগাদিকং সদা ॥
মরণঞ্চ মহাদেবি যত্র ব্রহ্মাদয়ঃ স্বরাঃ। ১১ ॥
তত্রোত্তরবাহিনীতীরে রুদ্রা একাদশ স্মৃতাঃ ॥
কপিলো নরসিংহশ্চ যত্র নির্ব্বাণতাং ব্রজেৎ ॥ ১৩ ॥

অস্যার্থঃ।

মহাদেবি, এইক্ষন আমি সে সমস্ত অতি সাবধানতার সহিত কীর্ত্তন্ করিতেছি শ্রবণ কর। তাহারা অতি অপ্রকাশ্য ও মোক্ষদ যে পবিত্র ধামে লোক পিতামহ ব্রহ্মা অমরগণে পরিবৃত হইয়া সর্ব্ব চিত্ত বিরাজ মান আছেন, তথায় কৈলাস পতি হর উমার সহিত নিত্য বিহার করিয়া থাকেন তথায় দেবরূপী অনেকানেক কুণ্ড, এবং তদ্ব্যতিত শিব, বিষ্ণু, লবণাক্ষ কুণ্ড বর্ত্তমান্ আছে সে স্থানে কৈলাসগিরির ন্যায় রমণীয় কি আশ্চর্য্য, তথায় দেবতারা ও মৃত্যু কামনা করিয়া থাকেন শিব পর্ব্বতের দক্ষিণ দিগে জিহ্বা লোল, ও গদালোল নামে দুইটী পর্ব্বত আছে, দেবি সে স্থানে গমন করিলে লোকের অনায়াসে শিবত্ব প্রাপ্তি হয় তথায় নীলাদ্রি নামে একটী পর্ব্বত অবস্থিত আছে, ও সে স্থানে দেব ত্রিলোক পতি অধিষ্টিত আছেন, তদ্দর্শনে লোকের ব্রহ্মলাভ হয়।

দেবি ? তাহার দক্ষিন ভাগে পবিত্র কাশীকুণ্ডঅবস্থিত আছে, তথায় ভগবান ত্রিলোচন সর্ব্বদা মনি কর্ণিকার সহিত ক্রিড়া করিয়া থাকেন সে স্থানে এখন ও দেবতারা জন্ম, মৃত্যু, ও ভোগাদির নিত্য বাসনা করিয়া থাকেন, তথায় উত্তর বাহিনী মন্দাকিনী তীরে একাদশ রুদ্র অধিষ্টিত আছেন। এই স্থানে মহর্ষি কপিল ও নরসিংহ দেব নির্ব্বাণত্ব প্রাপ্ত হইয়াছিলেন ৪ ॥ ৫ ॥ ৬ ॥ ৭ ॥ ৮ ॥ ৯ ॥ ১০ ॥ ১১ ॥ ১২ ॥

ক্ষিতিরূপো মহাদেবো বিরূপাক্ষো মহাশয়।
অগ্নিরূপো মহাদেবো মৃদং ভিত্বা বিরাজিতঃ ॥ ১৪ ॥
জলমূর্ত্তিশ্চ দেবেশি সহস্রধারাকৃতিঃ শুভে।

* * * *

শ্রীচন্দ্রশেখরো দেব খ + মূর্ত্তিশ্চ বিরাজতঃ। ১৫ ॥
রাজ্যরাজকভাবশ্চ স্বয়ম্ভুর্লিঙ্গরূপকঃ ॥ ১৬ ॥
সোমমূর্ত্তিস্তথাজ্জ্বালা সূর্য্যরূপী চ বাড়বঃ।
মুক্তিপ্রদ স্বয়ং রাম সীতাকুণ্ডোত্তরস্থিতঃ ॥ ১৭ ॥
দৈত্যানাং যুধিসংক্রুদ্ধাগলদ্রক্তনিভাননা ॥
নিশ্বাসাজ্জায়তে বহ্নিঃ সা জ্বালা পরিকীর্ত্তিতা ॥ ১৮
পাতালান্তর্গতো বহ্নির্জ্জলং ভিত্বা প্রকাশতি।
শতশিখো মহাতেজো বাড়বস্যোত্তরে হ্রদে। ১৯ ॥
যোগেশ্বরো মহাদেবো বিতলে ধ্যানতৎপরঃ ॥
তস্য শিরসি দেবেশি কটাহাগ্নিরহর্নিশং। ২০ ॥
সবহ্নিবাড়বো নাম বিধানং দ্বিতীয়ং শৃণু ॥
যোগনেত্রান্তসঞ্জাতো জলমধ্যে চ বাড়বঃ। ২১ ॥

কামোভস্মঞ্চ সংনিতো যেন নেত্রাগ্নিনা পুরা ॥
ত্রিলোকং দহ্যতে যেন সমুদ্রশ্চৈব শোষ্যতে । ২২ ॥
যুগান্তে দহ্যতে যেন ব্রহ্মাণ্ডং সচরাচরং ॥
সসাক্ষাদ্বাড়বো বহ্নিঃ সর্ব্বপাপহরঃ শুভঃ । ২৩ ॥
তসোত্তরে বসেদ্দেবি আদিদেবো নিরঞ্জনঃ ॥
সাগ্নিকোণে মুক্তকেশী পূর্ব্বে নক্রেশ্বরো মহান । ২৪ ॥
মহাতেজময়ো বহ্নিঃ সর্ব্বপাপবিনাশনঃ ॥
তেনাগ্নিনা জগৎসর্ব্বং যুগান্তে দহ্যতে ধ্রুবং । ২৫ ॥
পরমানুসমো জীবো যদি পঞ্চত্বমালভেৎ ।
সোপি নির্ব্বাণতাং যাতি কা কথা স্থূলদেহিনঃ ॥ ২৬ ॥
বাড়বাগ্নিসমাসাধ্য যাবদ্বৈ চম্পকং বনং ।
তত্র নির্ব্বাণদীক্ষায়াং গুরুরেকো মহেশ্বরঃ ॥ ২৭ ॥
পঞ্চক্রোশং সমাসাধ্য যে ত্যেজন্তি কলেবরং ।
তেষাং দক্ষিণকর্ণে হি প্রদদ্যাত্তারকং শিবং ॥ ২৮ ॥
মহাপাপরতো বাপি পিতৃমাতৃবিনিন্দুকঃ ।
স নরো লভতে স্বর্গং পঞ্চক্রোশে ম্রিয়েদ্ যদি ॥ ২৯ ॥
তত্র বিষ্ণু প্রপূজ্যাথ নদীং জ্যোতির্ম্ময়ীং ব্রজেৎ । ৩০ ॥

অস্যার্থঃ ।

দেবি, বিরূপাক্ষ মহাশয় ক্ষিতি স্বরূপ, এবং ভগবান্ ত্রিলোচন পৃথিবীর অভ্যন্তর হইতে স্বীয়প্রভাবে অগ্নিরূপ প্রকাশিত হইয়াছেন। আর জল মূর্ত্তি সহস্র ধারার জল ও রমত আত্মা এবং ভগবান্ চন্দ্রশেখর অসীম আকাশ মূর্ত্তিতে

আবির্ভূত হইয়াছেন। তথা রাজরাজেশ্বর রূপে ভগবান্ স্বয়ম্ভু লিঙ্গ, গোমমূর্ত্তিতে জ্বালা দেবী, এবং ভাস্কর মূর্ত্তিতে বাড়ব বিরাজিত আছেন। সীতা কুণ্ডের উত্তর দিকে মুক্তিদাতা রাম কুণ্ড অবস্থিত আছে। দৈত্যরণে উম্মত্তা ও গলদ্রক্তাক্ত বদনা মহাকালীর নিশ্বাস হইতে যে অগ্নি উৎপন্ন হয়, তাহা জ্বালাদেবি নামে পরিকীর্ত্তিতা হইয়াছে। শতশিখা ও মহাতেজস্বী পাতালবহ্নি বাড়বের উত্তর হ্রদের জল রাশিতে প্রকাশমান্ আছে। রসাতলে যোগেশ্বর স্বয়ম্ভু সুগভীর ধ্যানে নিমগ্ন আছেন। দেবি? তাঁহার মস্তকোপরি প্রচণ্ড কটাহানল অহর্নিশি প্রজ্জ্বলিত আছে, তাহা বাড়ব নামে খ্যাত ও তাহার দ্বিতীয় বিধান বলিতেছি শ্রবণ কর। যে প্রচণ্ডবহ্নি ভগবান ত্রিলোচনের যোগনেত্র হইতে উৎপন্ন হইয়াছে, যাহা এক্ষন জল মধ্যে বাড়বরূপে প্রকাশিত আছে, যদ্দারা পূর্ব্বকালে পুষ্পকেতু কামদেব ভস্মীভুত হইয়াছিলেন, যাহা ত্রিজগৎ দাহন এবং অনন্ত, অগাধ সাগর শোষণ ক্ষম এবং যাহা প্রলয়কালে সচরাচর ব্রহ্মাণ্ড ভস্মীভূত করিয়া থাকে, তাহা সাক্ষাৎ বাড়বাগ্নি, সর্ব্বপাপঘ্ন ও মঙ্গলপ্রদ। তদুত্তরদিগে নিত্য নিরঞ্জন, অনাদি ব্রহ্মাণ্ড পতির আবাস স্থান। তাহার অগ্নিকোণে মুক্তকেশী কালী ও তৎপূর্ব্বদিগে নক্রেশ্বর শিব এবং মহাতেজোময় সর্ব্বপাপঘ্ন অগ্নি প্রজ্জ্বলিত আছেন। সেই অগ্নির দ্বারা প্রলয়কালে ত্রিজগৎ নিঃসন্দেহ ভস্মীভূত হইয়া যাইবে। এস্থানে যদি পরমানুতুল্য ও জীবের মৃত্যু হয়, সে চরমে নির্ব্বাণত্ব লাভ করে; বৃহৎ প্রাণিদিগের সম্বন্ধে আর কি বলিব। বাড়বাগ্নি হইতে চম্পকারণ্য পর্য্যন্ত যে ভূভাগ বিস্তীর্ণ রহিয়াছে, তাহাতে ব্রহ্মাণ্ড গুরু ভগবান শিব নির্ব্বাণত্ব দীক্ষা দিয়া থাকেন। ইহার পঞ্চক্রোশের মধ্যে কোন প্রাণির মৃত্যু হইলে, তিনি তাহার দক্ষিণ কর্ণে তারক ব্রহ্ম এই অমৃত ময় নাম শুনাইয়া থাকেন। যে ব্যক্তি মহাপাপী এবং পিতৃ মাতৃ নিন্দুক তাহার ও এই পঞ্চক্রোশের মধ্যে মৃত্যু হইলে, সে অনায়াসে স্বর্গে গমন করে। সে স্থানে ভগবান বাসুদেবের অর্চনা করণানন্তর জ্যোতির্ম্ময়ী নদীতে গমন করিবে। ॥ ১৪ ॥ ১৫ ॥ ১৬ ॥ ১৭ ॥ ১৮ ॥ ১৯ ॥ ২০ ॥ ২১ ॥ ২২ ॥ ২৩ ॥ ২৪ ॥ ২৫ ॥ ২৬ ॥ ২৭ ॥ ২৮ ॥ ২৯ ॥ ৩০ ॥

সার্দ্ধক্রোশান্তরে দেবি কুণ্ডমেকং বিরাজতে ॥
প্রলয়াগ্নিসমস্তত্র নিত্যং জ্বলতি পাবকঃ । ৩১ ॥
গঙ্গাস্নানসমং তত্র রুদ্রলোকং ব্রজেন্নরঃ ॥
কুণ্ডস্তত্র মহেশানি চতুরস্রং সমন্ততঃ । ৩২ ॥
তত্র জ্বালাগ্নিরূপচ পাতালা দুর্খিতা সতী ॥
জলং ভিত্বা মহেশানি শতজিহ্বাত্মিকাপরা । ৩৩ ॥
তস্যোত্তরে চৈকশিখা বহ্নিরূপবিলোলগা ॥
দক্ষিণে ভৈরব স্তত্র তন্নদীতীরবাসকঃ । ৩৪ ॥
তস্য দক্ষিণতো দেবী কুণ্ডং বাড়বসং জ্ঞকং ॥
ক্রোশান্তে বিদ্যতে কুণ্ডং চতুর্হস্তং সুশোভনং । ৩৫ ॥
সপ্তজিহ্বাত্মকো বহ্নি মুক্তিকেশ্বরসন্নিধৌ ॥
তজ্জলমীশতুষ্ণঞ্চ তত্রাগ্নিঃশিবরূপকঃ । ৩৬ ॥
যত্র নক্রেশ্বরো লিঙ্গং ধর্ম্মাগ্নিরূপশোভিতং ॥
তত্র স্নানে চ দানে চ শিবপ্রীতিকরং পরং । ৩৭ ॥
অনন্তফলমাপ্নোতি তর্পণে পিতৃসংপ্রদে ॥ ৩৮ ॥ ০

অস্যার্থঃ ।

ক্রোশার্দ্ধের মধ্যভাগে একটি মহাকুণ্ড বিরাজিত আছে । তাহার অগ্নি প্রলয়াগ্নির ন্যায় প্রচণ্ড ও তীর প্রজ্জ্বলিত । তাহাতে অবগাহন করিলে, লোকের গঙ্গাস্নানের সমান ফলহয়, সে অনায়াসে রুদ্রলোকে গমন করে । দেবি তত্রত্য কুণ্ড চতুঃকোণ বিশিষ্ট ও তাহাতে পরমেশ্বরী জ্বালাগ্নি রূপিণী হইয়া জলাভ্যন্তর হইতে শতসহস্র জিহ্বায় প্রকাশমানা আছেন । তদুত্তরে এক স্থানে ভগবান হুতাশন আবির্ভূত

হইয়াছেন, তিনি এক শিখাবিশিষ্ট, চঞ্চল। তাহার দক্ষিণ দিকে নদীতীরে ভৈরব বাস করিতেছেন। তদ্দক্ষিণে যে কুণ্ড স্থিত আছে তাহা বাড়ব নামে বিখ্যাত তাহার এক ক্রোশ মধ্যে চতুর্হস্ত পরিমিত অন্যতর কুণ্ড বর্ত্তমান আছে। তথায় মুক্তিকেশ্বরের সন্নিকট সপ্ত প্রচণ্ড শিখায় প্রজ্জ্বলিত হুতাশন দেব আবির্ভূত আছেন। সেই কুণ্ডের জল ঈষদুষ্ণ ও তদগ্নি শিব রূপী। যে স্থানে ধর্ম্মাগ্নি রূপী নক্রেশ্বর লিঙ্গ বিরাজমান আছেন, সে স্থানে স্নান ও দান করিলে ভগবান শিব নিতান্ত প্রসন্ন হয়ন, পিতৃ লোকের তর্পণ করিলে অনন্ত ফল লাভ হয়। ৩০ হইতে ৩৭ ॥

পঞ্চক্রোশাদ্বহির্জ্জ্ঞেয়ং কুমারীকুণ্ডমুত্তমং *। ৩৮ ॥
ততো দক্ষপথাগচ্ছেৎ সংপশ্যেৎ কর্করীনদীং ॥৩৯ ॥
যস্য পার্শ্বেস্থিতা সর্ব্বে ভৈরবাঃশিবরূপিণঃ।
বটুকোমতিদক্ষশ্চ নন্দীশঃক্ষেত্রনায়কঃ ॥ ৪০ ॥
ক্ষেত্রপালঃক্ষত্রহন্তা শার্দ্দুলো বনজন্তবঃ।
তেষাং পূজাপ্রকর্ত্তব্যা যথা বিভববিস্তরৈঃ ॥ ৪১ ॥
ভৈরবানাং প্রভাবেন তীর্থানামটনাদ্ভবেৎ।
মাভয়ং নচ দৌর্ভাগ্যং নব্যাধির্নৈবসঙ্কটং ॥
পঞ্চক্রোশান্ স্থিতান্ দেবান্ সংস্পৃশেৎ নিরপত্রপ ॥ ৪২ ॥

অস্যার্থঃ।

পঞ্চক্রোশের বহির্দ্দেশে পরম রমণীয় কুমারী কুণ্ড অবস্থিত আছে। তদ্দক্ষিণ

* কুমারীকুণ্ড পঞ্চক্রোশের বহির্দ্দেশে নিভৃত গিরিগহ্বরে অবস্থিত আছে। তাহাতে যাইবার কোনও পথ নাই কিন্তু সেই অতি রমণীয় স্থানে বাড়বানলের ন্যায় যে প্রচণ্ড বহ্নি প্রকাশিত হই-তেছে, কোনও ক্রমে তথায় যাইয়া তাহা সন্দর্শন করা কর্ত্তব্য।

পথে গমন করিয়া পবিত্র সলিলা কর্করী নদী সন্দর্শন করিবে। তাহার উত্তর তীরে শিবরূপী ভৈরব সকল অধিষ্ঠিত আছেন। ক্ষেত্রনায়ক ও নন্দীশ্বর মতি যক্ষ নায়ক বটুক দেব, তথা ক্ষেত্রপাল ক্ষত্রহন্তা ও শার্দ্দুল প্রভৃতি বন জন্তুগণের যথা সাধ্য পূজা করিবে। ভৈরব দিগের প্রভাব বলে তথা হইতে ভয় ও ব্যাধি, দৌর্ভাগ্য এবং সঙ্কট একিকালে পলায়ন করিয়াছে; এজন্যে মর্ত্ত্যবাসীরা তথায় নির্ভয় চিত্তে পর্য্যটন করিয়া থাকে। পঞ্চ ক্রোশের মধ্য দেশে যে সমুদয় দেবতা প্রতিষ্ঠিত আছেন, তাঁহাদিগকে দর্শন মাত্রে স্পর্শ করিবে। ৩৯ হইতে ৪২॥

ব্যাসকুণ্ডস্যাগ্নিকোণে কম্পাতীরপথংব্রজেৎ।
মেরুপর্ব্বতসঙ্গস্যাৎ সতী দক্ষাঙ্গসঙ্গতঃ॥ ৪৩॥
দেববাদ্যং দেবনাট্যং দেবগীতং শ্রুতিস্বনং।
যত্রৈব শ্রূয়তে নিত্যংসর্ব্ব মঙ্গলনিস্বনং॥ ৪৪॥
তত্র কালী বসেন্নিত্যং বেদবাহুধরাঃ শুভা।
অবস্থা মুণ্ডমাল্যাঢ্যা নাগযজ্ঞোপবীতিনী॥ ৪৫॥
চন্দ্রার্দ্ধধারিণী কৃষ্ণা দিগ্বাসা দশনোজ্জলা।
খড়্গামুণ্ডা সব্যহস্তা বরাভয়দদক্ষিণা॥ ৪৬॥
দেবপূজ্যা দেবমাতা চামুণ্ডা কোটিভির্যুতা।
যত্র বহ্বাকৃতিঃ শিলা ক্রোশার্দ্ধব্যাপিনী স্থিতা॥ ৪৭॥
সতী দক্ষভুজচ্ছিন্নঃ পতিতা বিষ্ণুচক্রতঃ।
জগন্নাথস্তত্র কর্ত্তা কৃষ্ণেন সহরাধিকা॥ ৪৮॥
সীতয়া চ তথারাম সর্ব্বে দেবাশ্চ সংস্থিতাঃ।
তারা চ দক্ষিণে তীরে কম্পায়াঃক্রোশমধ্যতঃ॥
সুন্দরী রামতীরস্থা রাজরাজেশ্বরী চ যা।

তারা চ দক্ষিণে তীরে কম্পায়াক্রোশমধ্যতঃ। ৬০॥
সুন্দরী রামতীরস্থারাজরাজেশ্বরী চ যা। ৫০॥
ভুবনেশী ততঃ পূর্ব্বে ভৈরবী ঈশগামিনী॥
শীর্ণশীর্ষা কুবেরস্থা জলস্থা ধূমরূপিণী। ৫১॥
বগলা বরুণাস্থানে নৈঋতে সর্ব্বমঙ্গলা॥
যাম্যস্থা কমলা যত্র ত্রিকোটিশক্তিবৃন্দকৈঃ। ৫২॥
মৃত্যুঞ্জয়ঃ ঊর্দ্ধমুখঃ পঞ্চাস্যঃশিববৃন্দকঃ॥
অনেক শিবলিঙ্গানি অনেক বিষ্ণুরব্যয়ঃ। ৫৩॥
অনেক শক্তয়স্তত্র বেতালাজম্ভকাদয়ঃ॥
ডাকিন্যো যাতু ধ্যানাদ্যা যোগীন্যা ধ্যানতৎপরা। ৫৪॥
ক্রীড়ন্তি বিহগাঃ সর্ব্বে গায়ন্ত্যাপসরসঙ্গনাঃ॥
নিত্যমানাশ্চক্রিন্নর্য্যা মোদমানাদিবিস্থিতা॥ ৫৫॥

অস্যার্থঃ।

ব্যাসকুণ্ডের অগ্নিকোণে কম্পাতীর পথ বর্ত্তমান আছে। পূর্ব্বকালে এই কম্পানদীর তীরবর্ত্তি মেরু পর্ব্বতে বিষ্ণুচক্রে ছিন্ন হইয়া সতীর দক্ষিণ দেহ নিপতিত হইয়াছিল। এই স্থানেশ্রুতি সুখকর দেব বাদ্য গীতি ও নাট্য নিরন্তর শ্রুতি গোচর হইয়া থাকে ও এই স্থানে সর্ব্বকল্যাণময়ী পরমেশ্বরী কালী অধিষ্ঠিতা আছেন। তাঁহার গলদেশে নর মুণ্ডমালা ও যজ্ঞোপবীত স্বরূপ পন্নগ সমুহ এবং ললাটে বিমল চন্দ্রার্দ্ধ রেখা। তিনি ঘোর কৃষ্ণবর্ণা, দিগ্বাসা ও উজ্জ্বল দশন বিশিষ্টা। তিনি বামহস্তে খড়্গ ও অসুর মুণ্ড ধারণ করিয়াছেন, এবং দক্ষিণ হস্তে ত্রিজগতে অভয় প্রদান করিতেছেন। তিনি দেবতাদিগের ও পূজ্য দেবমাতা ও অনন্ত শক্তিস্বরূপিনী। সেস্থানে বহু আকারবিশিষ্টা প্রকাণ্ড

এক শিলা ক্রোশার্দ্ধ স্থান ব্যাপিত করিয়া দণ্ডায়মান আছে। তথায় সতী দেহ বিষ্ণুচক্রে ছিন্ন হইয়া নিপতিত হইয়াছিল। ও তথায় শ্রীমতী রাধিকার সহিত রাধিকা বল্লভ শ্রীকৃষ্ণ বিহার করিতেছেন এবং জানকীর সহিত রঘু কুল তিলক শ্রীরাম ও অন্যান্য দেবতা অধিষ্ঠিত আছেন। কম্পানদীর দক্ষিণ তীরে একক্রোশ মধ্যে তারা, তাহার বামতীরে ভগবতী রাজরাজেশ্বরী ও তাহার পূর্ব্বভাগে ভুবনেশ্বরী তথা তাহার ঈশান কোণে ভৈরবী, কুবেরোপরি দেবী ছিন্নমস্তা ও সলিলোপরি ধূমাবতী, তথা বরুণকোণে সুরসুন্দরী বগলা, নৈঋতে সর্ব্বমঙ্গলা ও দক্ষিণদিগে ত্রি-কোটি শক্তি স্বরূপিনী কমলা অধিষ্ঠিতা আছেন। আর পঞ্চবক্তু ভগবান মৃত্যুঞ্জয় উর্দ্ধমুখী হইয়া ত্রিদিবপানে দেখিয়া রহিয়াছেন। তথায় অনেক শিবলিঙ্গ ও অনেক শালগ্রাম বিদ্যমান আছেন। তাঁহাতে অনেক শক্তি ও বেতাল জম্ভক প্রভৃতি আছে। তথাকার ডাকিনী ও যোগিনীরা গভীর ধ্যানেনিমগ্না। সে স্থানে বিহঙ্গমেরা ক্রীড়া ও অপ্সরাগণ সঙ্গীতের অমৃতময়ী লহরীতে আকাশ পূর্ণ করিতেছে। আর কিন্নরীগণ নর্ত্তন করিয়া আনন্দের তরঙ্গ উত্থিত করিতেছে। ৫৫

তত্র বাণেশ্বরং চক্রং সন্যাশং শিবমুক্তিদং।
অর্দ্ধনারীশ্বরং ভক্ত্যা পূজয়িত্বা যথাবিধিঃ ॥ ৫৬ ॥
স্তম্ভমেকং সমুত্থায়কলচক্রং তদুপরি।
দৃঢ়রজ্জু বটীশীল পৃষ্ঠচর্ম্মঃপ্রভেদতঃ ॥ ৫৭ ॥
শতবর্ষ প্রকৃত্বা তু মহাকালত্বমাপ্নুযাৎ।
তৎস্থানং দুর্ল্লভং দেবি দেবাদীনাঞ্চ সর্ব্বদা ॥ ৫৮ ॥
নানাযোনিবিনির্যুক্তং রক্তপাষাণসম্ভবং।
মায়াস্থানং ততো গত্বা কামাখ্যা যত্র দেবতা ॥ ৫৯ ॥
অগ্নিপাতালপূর্ব্বস্থং স্কন্দং পশ্চিমতো যদা।
উন্নতং মধ্যদেশস্থং দ্বিভুজং ভীমদর্শনং ॥

নাগরাজং কুর্ম্মরূপং ধনেশং ব্যাঘ্রভৈরবং ।
পূজয়িত্বা যথাকামং ততঃ কামেশ্বরং যজেৎ ॥ ৬১ ॥
ততো বাণেশ্বরং গত্বা পূজয়েন্নীলতন্ত্রবৎ।
রুদ্রজামলতো বাপি ধ্যান পূজাদিকং চরেৎ ॥ ৬২ ॥
কৃতনিত্যক্রিয়ো ভক্তঃ স্বস্তিবাচনপূর্ব্বকং ।
সূর্য্যস্যার্ঘ্যং প্রদত্ত্বৈব তথা বিধিবমর্চ্চয়েৎ ॥ ৬৩ ॥
জন্ম জন্মসহস্রেষু ন কৃতং যৎ সুদুষ্করং।
শৈবং শাক্তং গাণপত্যং বৈষ্ণবং সৌরমেবচ । ৬৪ ॥
মন্ত্রং বা পূজনং যাপং সুকৃতং পরমেশ্বরি ॥
কৃতমেকং মহাপাপং নরকত্রাণদায়কং । ৬৫ ॥
তৎকর্ম্ম সংহরং পূর্ব্ব শিবসাযুজ্যদায়কং ॥
সন্যাসং দেবদেবস্য বাণরাজস্য রাধিতঃ । ৬৬ ॥
সন্যাসকৃতয়া তত্র সহিতা গৌরীতুষ্টয়ে ॥
গণেশপূজনঞ্চাদি পূর্ব্বকং পূজয়েযথা । ৬৭ ॥
পঠেৎ সঙ্কল্পসূক্তঞ্চ জজ্জাগ্রতং পঠেত্ততঃ ॥
প্রতিমাগ্রে ঘটং স্থাপ্য সিন্দুরারুণবর্ণকং । ৬৮ ॥
সিন্দুরমণ্ডলং কৃত্বা পদ্মং বাষ্টদলাত্মকং ॥
চূর্ণমাত্রং চতুর্দ্দিক্ষু লিখেদ্দুর্গাপদং ততঃ । ৬৯ ॥
ততঃ কালীপদং ন্যস্য তত্র শিবপদন্যসেৎ ॥
হ্রীং ক্লীং ত্রীং বং শ্রীমন্ত্র পূর্ব্বন্তু সর্ব্বকৃত্বা চতুর্দ্দিশং। ৭০ ॥
বিল্বমূলং তুলস্যাশ্চ মূলং ধাত্র্যা সবজ্রকং ॥

জলাঢ়ক সমং কৃত্বা দ্রোপয়েদাত্মরক্ষণে। ৭১ ॥
ব্যুৎক্রমক্রম যোগেন যদি মন্ত্রং সমুচ্চরেৎ ॥
চর্ম্মচ্ছেদো তথারজ্জো ব্রহ্ম চক্রপ্রভঞ্জনং। ৭২ ॥
তৎক্ষণাজ্জায়তে দেবি যমদণ্ড প্রহারণং ॥
পূজাদৌ চৈব তৎকুর্য্যাৎ শক্রকর্ম্মবিঘাতনং।৭৩ ॥
ততঃসং পূজয়িত্বাদৌ গণেশাদীন্ প্রজত্নতঃ ॥
গ্রহাণ, দিকপালসহিতান, মৎস্যাদীন, দশএবচ ॥ ৭৪ ॥

অস্যার্থঃ।

যে স্থানে মহারাজবাণ, অতিভক্তি সহকারে ও বিধিপূর্ব্বক, হরগৌরীর যুগলমূর্ত্তি আরাধনা করিয়া সন্যাস করিয়াছিলেন। তাহা ভগবান শিবে মুক্তি প্রদান করে, ও অতি অদ্ভুত তথায় তিনি অত্যুচ্চ একটি স্তম্ভ নির্ম্মাণ ও তাহার অগ্রভাগে, কাল-চক্র, স্থাপন করত, রজ্জুদ্বারা দৃঢ়রূপে বদ্ধ বড়শী দিয়া আপন পৃষ্ঠ চর্ম্ম ভেদ পূর্ব্বক এক শতবর্ষ সেইব্রত আচরণ করিয়াছিলেন ও সেইজন্য তিনি চরমকালে মহাকালত্ব প্রাপ্ত হয়েন।অনেক যোনি অসিষ্টিত ও অনেক রক্তবর্ণ পাষাণ বর্ত্তমান আছে। সেই স্থান হইতে মায়াতীর্থে গমন করিবেক, সেইতীর্থে কামাখ্যাদেবী, তৎপূর্ব্বে অনল তৎপশ্চাদ্দিগে পবিত্র বাড়বানল, বিদ্যমান আছেন, আর তাহার মধ্যভাগে উন্নত স্থান আছে তাহাতে, দ্বিভুজ ও ভীমদর্শন, নাগরাজ, ও ধনাধিপতি কুবের এবং ব্যাঘ্র ভৈরব সমস্ত বর্ত্তমান আছেন। তাঁহাদের সকলকে কামনামতে পূজা করিয়া ভগবান কামেশ্বরের পূজা করিবে। তদনন্তর বাণেশ্বরে গমন করিয়া তাঁহাকে নীলতন্ত্রের বিধানমতে পূজা কিম্বা রুদ্র জামলমতে ধ্যান ও পূজাদি করিবেক। ভক্ত নিত্যক্রিয়া সম্পাদন করিয়া স্বস্তিবাচন পূর্ব্বক সূর্য্যার্ঘ্য প্রদান ও সঙ্কল্প পূর্ব্বক অর্চ্চনা করিবেক, হে পরমেশ্বরি, শৈব, শাক্ত, গাণপত্য, ও বৈষ্ণব উপাসকগণ মন্ত্রপাঠ ও জপ এবং পূজাদ্বারা আপনার পাপ সমস্ত প্রক্ষালিত করিয়া ভগ-

বান ত্রিলোচনের চরণ সরোরুহে নির্ব্বাণত্ব লাভ করে। মহারাজবাণ যে বিধান মতে দেব দেবের সন্ন্যাস করিয়াছিলেন, তাহা ত্রিলোক জননী উমার অতি প্রীতি-পদ। গণেশ প্রভৃতি দেবতাগণের পূজা করণানন্তর সঙ্কল্প সুক্ত পাঠ করিবেক। দেব প্রতিমার চরণ প্রাপ্ত ঘট সংস্থাপন ও সিন্দুরারুণ অষ্টদল পদ্মাত্মক মণ্ডল রচনা করিয়া তাহার চতুর্দ্দিগে পঞ্চপল্লব চূর্ণ ছড়াইয়া দিবেক। তদনন্তর ক্রমে ভগবতী কালী ও দুর্গা তথা দেব দেব স্বয়ম্ভু শ্রী কৃষ্ণ ও ব্রহ্মার চরণকমল এবং মায়া প্রভৃতি বীজ অঙ্কিত করিবে। তথায় আত্মরক্ষার নিমিত্ত সাধক সমাহিত চিত্তে বিল্ব, তুলসী ও সবত্রক ধাত্রীমূল এবং জলাঢ়ক স্থাপন করিবে। যদি মন্ত্রোচ্চারণে ব্যতিক্রম হয়, তৎক্ষণাৎ সাধকের চর্ম্ম ও রজ্জু ছিন্ন এবং ব্রহ্ম-চক্রভগ্ন হইয়া যায়। যমরাজ তাহাকে দণ্ড প্রদান করিতে আরম্ভ করেন। অতএব পূজার পূর্ব্বে শত্রুর কর্ম্মবিনাশক সে কার্য্য সমস্ত সম্পাদন করিবে তৎপর প্রথমতঃ গণেশ প্রভৃতি দেবগন, তদনন্তর গ্রহ ও দিগপাল, এবং মৎস্যাদি দশ অবতারের অর্চ্চনা করিবেক। ৭৪

ব্রহ্মদ্বারে মৎস্যমুদ্রাং পঞ্চতালান্ সসাধকান্।
পুনঃ পঞ্চপ্রহারেণ কুর্ম্মমুদ্রাং প্রকল্পয়েৎ॥ ৭৫॥
উত্তরে চ প্রকুর্ব্বীত ততঃ পূর্ব্ববরাহীকং।
নারসিংহাং মহামুদ্রাং পশ্চদ্বারে যথাক্রমং॥ ৭৬
অগ্নিকোণে বামনাক্ষোমৈশান্যে রামমুদ্রিকং।
নৈঋতে বায়ুমুদ্রাঞ্চ রামমুদ্রাং বরুণকে॥ ৭৭
বৌদ্ধমুদ্রাং দক্ষিণে তু কর্ণিকাং দ্বারপশ্চিমে।
পৃথ্বীমুদ্রাং বারুণে চ বাদ্যে সর্ব্বং প্রকল্পয়েৎ॥ ৭৮॥
জলমুদ্রাং বহ্নিমুদ্রাং শিবমুদ্রাং জটাক্ষরং।
শংখযোনি খড়্গমুদ্রাং ত্রিশূলাক্ষং সুচক্রকান্॥ ৭৯॥

ব্রহ্মধেনু চন্দ্রমুদ্রাং সূর্য্যমুদ্রাং তথানীলাং ॥
বরুণদেববটীশ যন্ত্র শিঙ্গাং সবাদ্যকাং । ৮০ ॥
দুর্গা কালী রাজতাখ্যাং হেমমুদ্রাং প্রদর্শয়েৎ ।
পুষ্পঞ্চ সাচবাণিঞ্চ সর্ব্বং বাদ্যেনকল্পয়েৎ ॥ ৮১ ॥

অস্যার্থঃ ।

সাধক তাহার দক্ষিণ দ্বারে পঞ্চ করতালিদিয়া মৎস্য মুদ্রা, পঞ্চ প্রহরের দ্বারা উত্তর দ্বার, কুর্ম্মমুদ্রা পূর্ব্ব দ্বারে বারাহীমুদ্রা, এবং পশ্চিম দ্বারে মহানারসিংহী মুদ্রা, কল্পনা করিবেক। তদনন্তর সকল বাদ্যাদির সহিত অগ্নিকোণে বামনাঙ্ক, ঈশান, কোণে রাম ও নৈঋতে বায়ু তথা বরুণ, কোণে বাম, দক্ষিণে বৌদ্ধ, পশ্চিমে কর্ণিকা এবং বরুণ কোণে পৃথিবী মুদ্রা রচনা করিবেক। অবশেষে আবার বাদ্যাদি বাদন করিয়া জল, অগ্নি, শিব এবং জটাক্ষর, শঙ্খযোনি, খড়্গা এবং ত্রিশূলাঙ্কা, ব্রহ্ম চক্র, ধেনু এবং রুদ্র, চন্দ্র, সূর্য্য, বায়ু এবং বরুণ তথায় বটীশ যন্ত্র এবং শিঙ্গা আর দুর্গা কালী রাজতাখ্যাং, হেম এবং পুষ্পাঙ্কানা মুদ্রা কল্পনা করিবে। ৮১

তত্র কালীং সমভ্যর্চ্চ্য আনন্দভৈরবং যজেৎ ।
আনন্দভৈরবীং পশ্চাদ্বামাচারী জিতেন্দ্রিয়ঃ ॥ ৮২ ॥
ঢাকদৈন পূজাং কৃত্বা বটীশং পূজয়েত্ততঃ ।
সর্ব্বমুদ্রাঃ সমভ্যর্চ্চ্য হরগৌরীং ততো যজেৎ ॥ ৮৩ ॥
বান্যং বক্ষ্যামি দেবেশি যথা ধ্যাত্বা প্রপূজয়েৎ ।
ওং কোটিচন্দ্র প্রতিকাশং ত্রিনেত্রং চন্দ্রভূষণং ॥ ৮৪ ॥
আদিলিঙ্গং জটাজুটং রত্নমৌলীবিরাজিতং ।
নীলগ্রীবাম্বরাবাঙ্গং নাগহারাভিশোভিতং ॥ ৮৫ ॥

বরদাভয়হস্তঞ্চ হরিণঞ্চ পরম্পরং ।
দধানং নাগবলয়ং কেয়ূরাঙ্গদমুদ্রিকং ॥ ৮৬ ॥
ব্যাঘ্রচর্ম্মপরিধানং রত্নসিংহাসনস্থিতং ।
এবং ধ্যাত্বা শিরে দত্বা ঘটে দত্বা পুনর্দ্দদেৎ ৮৭ ইতিধ্যানং ।
অঙ্গন্যাসকরাঙ্গন্যাসৌ ঋষ্যাদিন্যাসমাচরেৎ ।
আধারং পূজয়েৎ পশ্চাৎ ধর্ম্মায় নম ইত্যতঃ ॥ ৮৮ ॥
অনন্তায় পৃথিব্যৈ চ আং আত্মনেপদন্ততঃ ।
পং পরমাত্মনে চৈব অং অন্তরাত্মনে নমঃ ॥ ৮৯ ॥
রং রজসে তং তমসে সং সত্বায় ততঃ পঠেৎ ।
আধারে মং বহ্নিমণ্ডলায় দশকলাত্মনে নমঃ ॥ ৯০ ॥
পাত্রে ঔং সূর্য্যমণ্ডলায় দ্বাদশকলাত্মনে নমঃ ।
জলে উং চন্দ্রমণ্ডলায় যোড়শকলাত্মনে নমঃ ॥ ৯১ ॥
ধেনু প্রদর্শনাদ্যশ্চ মৎস্যমুদ্রাং প্রকল্পয়েৎ ।
সূর্য্যার্ঘ্যঞ্চ ততো দত্বা তীর্থান্যাবাহয়েজ্জলে ॥ ৯২ ॥
অমৃতিকরণং কৃত্বা গঙ্গেচেতি মূলং জপেৎ ।
গং গং গংমষ্টধা জপ্তা তত্তোয়ৈরভিসিঞ্চয়েৎ ॥ ৯৩ ॥
আত্মনশ্চোপকরণং পুনর্ধ্যাত্বা প্রপূজয়েৎ ।
ইহাগচ্ছপদদ্বন্দমিহ তিষ্ঠ পদদ্বয়ং ॥ ৯৪ ॥
ইহ সন্নিহিতোভবেতি সন্নিরুদ্ধভবেতি চ ।
অত্রাধিষ্ঠানং দেবেশ কুরু মৎপূজনেসদা ॥ ৯৫ ॥

এবং পঞ্চদশৈশপ্রীত্যা ষোড়শ রুপচারকৈঃ ।
জপ্তা তপ্তানমেভ্ত্ক্যা ততো গৌরীং প্রপূজয়েৎ ॥ ৯৬ ॥

অস্যার্থঃ ।

তাহা ত ক্রমে কালী ও ভগবান আনন্দ ভৈরবের অর্চ্চনা করিবেক । তদনন্তর সাধক জিতেন্দ্রিয় ও বামাচারী হইয়া দেবি আনন্দভৈরবী তথা ঢাক দৈন বটীশ এবং মুদ্রা সমস্ত, তৎপর ভগবান হর ও পার্ব্বতীর যুগল মূর্ত্তি আরাধনা করিবেক। সুব্রত ঋষি, যে বিশুদ্ধও পবিত্র ধ্যানে হর ও গৌরীর পূজা করিতে হইবে, আমি বলিয়া দিতেছি তথা এই রুপ

ওঁং কোটিচন্দ্র প্রতিকাশং ত্রিনেত্রং চন্দ্রভূষণং ॥ ৮৪ ॥

হইতে

এবং ধ্যাত্বা শিবে দত্বা ঘটে দত্বা পুনর্দ্দেৎ ॥ ৮৭ ॥

ধ্যান করণানন্তর অঙ্গ কর ও ঋষ্যাদি ন্যাস করিবা যথাবিধানে ও নিম্নোক্তমন্ত্রে অনন্ত শক্তির আধার তথা ভগবান ধর্ম্মরাজ অনন্ত ও ভগবতী বসুন্ধরার পূজাকরিবে

লং লবমাত্মনে চৈব অং অনন্তবাত্মনে নমঃ ॥ ৮৯ ॥

হইতে

জলে উং চন্দ্রমণ্ডলায ষোড়শকলাত্মনে নমঃ ॥ ৯১ ॥

পরে ধেনু প্রদর্শন প্রভৃতি তথা মৎস্য মুদ্রা কল্পনা করিযা সূর্য্যার্ঘ্য প্রদান ও জলে তীর্থ সমস্ত আবাহন করিবেক। তাহার পর অমৃতি করণ করিয়া হেঃগঙ্গে। ইত্যাদি মূল মন্ত্র জপ করিবেক।

গং গং গমষ্টধা জপ্তা ততোবৈ রভিসিঞ্চযেৎ।

নিম্নোক্ত মন্ত্রে

আত্ম ও উপকরণের পুনর্ব্বার ধ্যান করিয়া শোড়শো পচারে পূজা, জপ, তপ, ও নমস্কার করিবেক, পরে বিশ্বের মুলাধার ভগবতী গৌরীর অর্চ্চনা করিবেক ॥ ৯৬ ॥

ও জটাজুটেতি ধ্যাত্বা চ সিংহস্থামিতিবা ততঃ।
মায়াবীজেন সংপূজ্য ও হ্রীং হ্রাং হ্রূং হ্রৈং হ্রৌং হ্রং ওং
হং লং বং শং ষং সং ক্ষং চ মন্ত্রতঃ।
সহোমিতি চ সঞ্চিন্ত্য ধ্যাত্বা পুষ্পং ঘটে পটে॥
ধ্যাত্বা সংপূজয়েদ্ভক্ত্যা ঘর্ঘরীবাদ্যবাজিতা।
এবং চতুঃষষ্টীকৃত্য আনন্দচক্রকং যজেৎ॥
তপঞ্চ পাঠয়েৎ সপ্তসতীং দেবি তথোস্পিতং।
ততোপি পূজয়েদ্দেবি বটীকাভ্যাং প্রযত্নতঃ॥
মেরুদণ্ডদ্বয়ে পার্শ্বে পৃষ্ঠচর্ম্মপ্রভেদয়েৎ।
অঙ্গুষ্ঠাগ্রপ্রমাণঞ্চ বেদরজ্জুযুতস্ততঃ॥
প্রজপেচ্ছিবমন্ত্রন্তু কূর্ম্মাসনগতঃ শুচিঃ।
উড্ডীনং কারয়েৎ সপ্তবারান্ পঞ্চত্রয়ানপি॥
সপ্ত সপ্ত দশশ্চৈব বিংশতি বা শতং ক্রমাৎ।
পূজয়িত্বা মহাকালীং পূর্ব্বরাত্রৌ স সাদকঃ॥
গৃহেকুর্য্যান্মহেশানিতদ্বিধানং শৃণুস্ব মে।
রাত্রৌ বীরাসনো ভূত্বা শ্মশানে চ গতোপি বা।
শূন্যাগারাদিষুঞ্চাপি চত্বম্পথগতোপিরা।
সাধয়েৎ কালীকাং তত্র কম্পানদীতীরস্থিতাং॥
ওং করালবদনামিতি ধ্যাত্বা তাং ত্রিদশেশ্বরীং।
প্রাতঃকৃত্যাদি নির্ব্বত্য স্বস্তিবাচন পূর্ব্বকং॥
পুণ্যাহে সংক্রমেৎ সূর্য্যে মীণমেষগতঃ শুচিঃ।

সংকল্পয়েত্ততো বিদ্যান্ কালীপূজাং করোম্যহং ॥

পূজয়েদাথা। ওং ক্রীং কালীকায়ৈ স্বাহেতি ক্রমেনৈব প্রপূজয়েৎ

ওং ক্রীং কামেশ্বর্য্যৈ কপালিন্যৈ নমস্ততঃ ॥

ক্রেং কদম্বায়ৈ ক্রোং কর্ণিকায়ৈ ক্রংচ মহাকাল্যৈ নমস্ততঃ ।

পূর্ব্বোদিতমুদ্রাং চাকাদি ব্রহ্মবিষ্ণু শিবস্তথা ॥

দুর্গাঞ্চ পূজয়েদ্ভক্ত্যা উচ্যাসনপুরঃসরং ।

ততঃ সাষ্টশতঞ্চৈব হোমযেন্মুলমন্ত্রতঃ ॥

এব কৃত্বা তপঃ কশ্চিন্ম্রিয়তে যত্র কুত্রচিৎ ।

এতস্থানন্তরং প্রাপ্তি তস্য মোক্ষো ভবেৎ ধ্রুবঃ ॥ ১১২ ॥

ইতি শ্রীবারাহীতন্ত্রে নারায়ণনারায়ণীসংবাদে চন্দ্রশেখর

দর্শনে চতুর্ব্বর্গফলপ্রাপ্তি সপ্তমঃ পটলঃ ।

দ্বিতীয়খণ্ড সমাপ্তঃ ।

অসার্থঃ ।

ওঁ জটাজুটেতি ধ্যাত্বাচ সিংহশ্য মিতিবাততঃ ।

হইতে হং লং বং শং মং স,

জানকী গোঁরী উপরিউক্ত মন্ত্রে ভক্তিসহিত ধ্যান এবং ঘর্ঘরী বাদ্যবাদন পূর্ব্বক পূজাকরিবেক ।পরে চতুঃষষ্টী করিয়া বিধিমতে আনন্দ চক্রের পূজন করিয়া তদনন্তর তাহার প্রিয় সপ্তসতী স্তুতি পাঠ করিয়া যত্ন পূর্ব্বক বটীশ পূজা করিবেক তৎপর মেরুদণ্ডের উভয় পার্শ্ব স্থিত চর্ম্মভেদ ও তাহাতে অঙ্গুষ্ঠাগ্র প্রমাণ রজ্জুসংযুক্ত করিয়া শুচি ও পদ্মাসনে উপবিষ্ট হইয়া শিবমন্ত্র জপ করিবে। তদনন্তর সাহসানুসারে পঞ্চ সপ্ত দশ সপ্ত দশ বিংশতি অথবা সাতবার আকাশে উড্ডীয়মাণ হইবেক, তৎ পরে সাধক রাত্রিকালে নির্জ্জনে মহাকালীর পূজাকরিবে । দেবি, আমি সেই পূজার বিধান বলিয়া দিতেছি শ্রবন কর, রাত্রিকালে বীরাসনে উপবিষ্টহইয়া গৃহে

কিম্বা শ্মশানে কিম্বা চতুষ্পথে অথবা কম্পানদী তীরে সেই ভগবতী মহাকালীর সাধনা করিবেক। সাধক এবং ওঁ করাল বদনা মিত্যাদি মন্ত্রে ত্রিদশেশ্বরী কালীর ধ্যান এবং সন্ধ্যাপূজা সমাপন করিয়া স্বস্তিবাচন পূর্ব্বক পুন্যাহে ও সূর্য্য, মীণ এবং মেষ রাশিতে গমন করিলে কালীপূজার সঙ্কল্প করিবে। যে বিধানে পূজা করিতে হইবে তাহা বলিতেছি ওঁ শ্রী ৶ কালীকায়ৈ স্বাহা এই বিধানে অর্চ্চনা করিবেক

ওং ক্রীং কামেশ্বর্য্যৈ কপালিন্যৈ মন্ত্রে নমস্কার করিবেক। আবার ক্রেং কদম্বায়ৈ ক্রোং কর্ণিকায়ৈ ক্রং চ মহাকাল্যৈ বলিয়া নমস্কার করিবে। পূর্ব্বোদিত মুদ্রা, ঢাকা দ ব্রহ্মা বিষ্ণু শিব ও নমস্করণীয় হইবেন। তদনন্তর উদ্যাসন ও ভক্তি পুরঃসর ভগবতী গিরিশজায়া দুর্গার ও পূজা এবং অষ্টশত মূল মন্ত্রের দ্বারা হোম করিবেক, এরূপভাবে তপশ্চর্য্যা করিয়া যদি কাহার ও অন্য কোন স্থানে ও মৃত্যু হয়, তাহার ও নিঃসন্দেহ মোক্ষলাভ হয়।

ইতি শ্রীবারাহী তন্ত্রে নারায়ণনারায়ণী সংবাদে চন্দ্রশেখর দর্শনে চতুর্ব্বর্গ ফল প্রাপ্তি সপ্তমঃ পটলঃ

দ্বিতীয় খণ্ড বারাহীতন্ত্র

সমাপ্তঃ।

চন্দ্রশেখর মাহাত্ম্য ।

